গুরু। আয়ুরেখার শেষভাগে কতকগুলি ক্রুশ ( ঢেরা ) চিহ্ন থাকিলে, ও স্বাস্থ্যরেখা উক্ত স্থানে মিলিত হইলে জাতক বৃদ্ধবয়সে অসুস্থ হইয়া থাকে।

[ চিত্র—১৫, চিহ্ন—২।৩।

## অহঙ্কার।

৫৬। শিষ্য। কিরূপ চিহ্ন জাতকের অহঙ্কারের সূচনা করে ?

গুরু। ( ১ ) রবির স্থানে কতকগুলি সূক্ষ্মরেখা অঙ্কিত ও শুক্রের স্থান সাতিশয় পুষ্ট, ( ২ ) অনামিকার তৃতীয় পর্ব্ব দীর্ঘ ও রবির স্থান কতকগুলি সরলরেখা দ্বারা কর্ত্তিত, ( ৩ ) রবিস্থান জালচিহ্নযুক্ত ও আয়ুরেখার প্রারম্ভ শাখাযুক্ত, ( ৪ ) বৃহস্পতির স্থান সাতিশয় পরিপুষ্ট ও তদুপরি জালচিহ্ন বিরাজিত

অথবা (৫) শিরোরেখা হইতে একটি সরল রেখা উত্থিত হইয়া বৃহস্পতির স্থান একটি তারকা-চিহ্নের সমীপবর্ত্তী হইলে জাতক অহঙ্কারী হয়।

[ চিত্র—১৫, চিহ্ন—৪।৫ ; চিত্র—১৭, চিহ্ন—১।

—( অশুভফল )

৫৭। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতকের অহঙ্কার জন্য অশুভফল ঘটিয়া থাকে ?

গুরু। (১) শনির স্থান তারকা-চিহ্ন-যুক্ত কিংবা (২) আয়ুরেখা হইতে একটি সরলরেখা বা শিরোরেখা হইতে একটি শাখা উত্থিত হইয়া বৃহস্পতির স্থানে অপর একটি তারকা-চিহ্নের সহিত মিলিত ও শিরোরেখা ক্ষুদ্র হইলে জাতকের অহঙ্কার জন্য অশুভফল অবশ্যম্ভাবী। [ চিত্র—১৭, চিহ্ন—২।৩

—( আতিশয্য )

৫৮। শিষ্য। হস্তে কিরূপ চিহ্ন থাকিলে জাতক সাতিশয় অহঙ্কারী হয় ?

গুরু। শিরোরেখা হইতে একটি শাখা উত্থিত হইয়া, বৃহস্পতির স্থান কর্ত্তন করিয়া তর্জ্জনীর নিম্ন স্থান স্পর্শ করিলে জাতক সাতিশয় অহঙ্কারী হইয়া থাকে। [ চিত্র—১৬, চিহ্ন—১।

—( মহত্ত্বযুক্ত )

৫৯। শিষ্য। মহত্ত্বযুক্ত অহঙ্কারীর কিরূপ চিহ্ন থাকায় তিনি স্বীয় সাধু অনুষ্ঠানের জন্য অহঙ্কার করেন ?

গুরু। তর্জ্জনী ও উহার তৃতীয় পর্ব্ব দীর্ঘ এবং বুধের নিম্নস্থ মঙ্গলের স্থান পুষ্ট হইলে, জাতক স্বীয় সাধু কর্ম্মের গুণপণার উল্লেখ করিয়া পুনঃ পুনঃ অহঙ্কার করিয়া থাকে। [ চিত্র—১৭, চিহ্ন—১০।১১।

# ( আ )

## আত্মজিঘাংসা।

৬০। শিষ্য। কিরূপ চিহ্ন হস্তে থাকিলে জাতকের আত্মহত্যা করিবার প্রবৃত্তি বলবতী হয়?

গুরু। (১) ভাগ্যরেখার শেষ ভাগে একটি ও চন্দ্রের স্থানে অপর একটি তারকা-চিহ্ন অবস্থিত, (২) বুধের নিম্নস্থ মঙ্গল স্থানের উপর কতকগুলি বক্র ক্রুশ (ঢেরা) চিহ্ন অঙ্কিত এবং মধ্যমার প্রথম পর্ব্ব দীর্ঘ ও চতুষ্কোণ বা (৩) শনির স্থান সাতিশয় উচ্চ, আয়ুরেখা অনেকগুলি রেখাদ্বারা কর্ত্তিত ও ভাগ্যরেখা মলিন হইলে এবং শিরোরেখা স্বাস্থ্যরেখার সহিত মিলিত হইলে জাতকের আত্মহত্যা করিবার প্রবৃত্তি সাতিশয় বলবতী হয়।

[ চিত্র— ১৬, চিহ্ন—২।৩।৪।৫।১০।১১।

## আত্মনির্ভর।

৬১। শিষ্য। হস্তে কি চিহ্ন থাকিলে জাতক নিজেই নিজের উপর নির্ভর করিতে পারে?

গুরু। তর্জ্জনী ও মধ্যমার এবং অনামিকা ও কনিষ্ঠার মধ্যস্থলে প্রশস্ত স্থান থাকিলে জাতক আত্মনির্ভরে—অর্থাৎ আপনার উপর আপনি নির্ভর করিতে সমর্থ হয়।

## আত্মপ্রশংসা।

৬২। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক আত্মপ্রশংসা করিতে ভালবাসে?

গুরু। উভয় হস্তে চন্দ্র ও শুক্রের স্থান সমতল; মঙ্গল, রবি ও বুধের স্থান উচ্চ এবং বৃহস্পতির স্থান সাতিশয় উচ্চ হইলে জাতকের আত্মপ্রশংসায় আত্মাদর বাড়াইবার প্রবৃত্তি দেখা যায়।

## আত্মবঞ্চনা।

৬৩। শিষ্য। আপনাকে আপনি ঠকাইবার চিহ্ন কি?

গুরু। (১) চন্দ্রস্থানে একটী ক্রুশ-চিহ্ন থাকিলে ও অঙ্গুলী সকল পশ্চাদ্ভাগে নমনীয় হইলে কিংবা (২) হৃদয়রেখা শাখাযুক্ত হইয়া একটী শাখা শনিস্থানগত ও অপরটী শিরোরেখার নিকটবর্ত্তী হইলে জাতক আত্মবঞ্চনা করিতে অর্থাৎ আপনাকে আপনি ঠকাইতে সচেষ্ট হইয়া থাকে।

[ চিত্র—১২, চিহ্ন—১।২।৩।

## আত্মবিচারে বিশ্বাস।

৬৪। শিষ্য। কি চিহ্ন হস্তে থাকিলে জাতক স্ববোধকৃত বিচারে দৃঢ় বিশ্বাসার্পণ করিতে সমর্থ হয়?

গুরু। হৃদয়রেখা শিরোরেখার নিকটবর্ত্তী হইলে জাতক স্ববোধে স্থিরীকৃত বিচারে বিশ্বাস স্থির রাখিতে পারে। [ চিত্র—১৪, চিহ্ন—৭।

## আত্মশ্লাঘা।

৬৫। শিষ্য। হস্তে কিরূপ চিহ্ন থাকিলে জাতককে আত্মশ্লাঘা করিতে হয়?

গুরু। (১) বৃহস্পতি ও রবির স্থান সাতিশয় উচ্চ, (২) শিরোরেখা আয়ুরেখার সহিত পৃথক্, (৩) শিরোরেখার শেষভাগ শাখাবিশিষ্ট ও তাহার একটী শাখা বুধস্থানে উপনীত, (৪) করতল হৃদয়রেখাশূন্য, (৫) বৃহস্পতির স্থান সাতিশয় উচ্চ, (৬) বৃহস্পতিস্থান জাল-চিহ্ন-যুক্ত, (৭) করচতুষ্কোণ অপ্রশস্ত, করত্রিকোণ অস্পষ্টভাবে অঙ্কিত এবং রবিস্থান সাতিশয় উচ্চ, (৮) অঙ্গুলী সমূহের তৃতীয়পর্ব্ব সাতিশয় পুষ্ট বা (১০) শুক্রস্থান সমতল ও হৃদয়রেখা অস্পষ্টভাবে অঙ্কিত হইলে জাতক আত্মশ্লাঘা করিয়া থাকে।

[ চিত্র—১৩, চিহ্ন—৩; চিত্র—৪, চিহ্ন—৪; চিত্র—১৫, চিহ্ন—৫; চিত্র—১৪, চিহ্ন—৭।

## আত্মসম্ভ্রম।

৬৬। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক আত্মসম্ভ্রমের উপলব্ধি করিতে প্রয়াস পায়?

গুরু। উভয় হস্তের ত্বক্ স্থূল হইলে, জাতক আত্মসম্ভ্রমের বিধান করিতে চেষ্টা করিয়া থাকে।

## আত্মহত্যা।

৬৭। শিষ্য। কি চিহ্ন হস্তে থাকিলে জাতক আত্মহত্যা করিতে বাধ্য হয়?

গুরু। (১) ভাগ্যরেখার প্রারম্ভে দুইটী তারকা-চিহ্ন বা (২) চন্দ্রের স্থানে একটী তারকা-চিহ্ন, (৩) বুধের নিম্নস্থ মঙ্গলের স্থানে একটী ক্রুশ-চিহ্ন কিংবা জাল-চিহ্ন এবং মধ্যমার প্রথম পর্ব্ব চতুষ্কোণ কিংবা (৪) মঙ্গলের স্থানে ক্রুশ-চিহ্ন ও জাল-চিহ্ন এবং রচতুষ্কোণ অপ্রশস্ত হইলে জাতক আত্মহত্যা করিয়া থাকে। [ চিত্র—১৭, চিহ্ন—৪।৫ ৬।৭ ২ ১৩।

### —( জলমজ্জনে )

৬৮। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে, জাতক জলে মগ্ন হইয়া আত্মহত্যা করিয়া থাকে?

গুরু। শিরোরেখা চন্দ্রের স্থান পর্য্যন্ত বিস্তৃত ও উহার শেষাংশে একটী তারকা-চিহ্ন থাকিলে জাতক জলমজ্জনে আত্মহত্যা করিতে বাধ্য হয়।

[ চিত্র—১৭. চিহ্ন - ৭। ৮।

## আত্মাভিমান।

৬৯। শিষ্য। কি চিহ্ন জাতকের আত্মাভিমান বৃদ্ধি করে?

গুরু। (১) উভয় হস্তে আয়ুরেখা ও শিরোরেখা বিভিন্ন এবং শনি ও মঙ্গলের স্থান সাতিশয় উচ্চ, (২) বৃহস্পতির স্থান সাতিশয় উচ্চ ও উহার উপর ক্ষুদ্র ক্ষুদ্র রেখা অঙ্কিত, (৩) করচতুষ্কোণ অপ্রশস্ত, করত্রিকোণ অস্পষ্টভাবে অঙ্কিত, রবির স্থান অত্যন্ত উচ্চ বা (৪) অঙ্গুলী সকলের তৃতীয় পর্ব্ব স্থূল ও করতল শিরোরেখাশূন্য হইলে জাতকের আত্মাভিমান বৃদ্ধি পাইয়া থাকে। [ চিত্র – ৮, চিহ্ন—১।২।৩।৪।

### —( আতিশয্য )

৭০। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক সাতিশয় আত্মাভিমানী হয়?

গুরু। (১) শুক্রস্থান সমতল ও তদুপরি জাল-চিহ্ন অঙ্কিত, (২) শিরোরেখা

ক্ষুদ্র, গ্রহ সকলের স্থান অত্যন্ত উচ্চ ও অঙ্গুলী সকল স্থূলাগ্র হইলে জাতক সাতিশয় আত্মাভিমানী হয়। [ চিত্র—১৮, চিহ্ন—৫।

## আমোদপ্রিয়তা।

৭১। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক আমোদপ্রিয় হয়?

গুরু। বৃহস্পতির, শুক্রের ও বুধের স্থান সাতিশয় প্রবল হইলে জাতক আমোদপ্রিয় হয়।

## আয়স্বচ্ছলতা।

৭২। শিষ্য। কিরূপ চিহ্ন জাতকের আয়ের স্বচ্ছলতার প্রকাশ করে?

গুরু। শনির নিম্ন স্থানের শিরোরেখার উপর শ্বেতবর্ণের বিন্দু-চিহ্ন থাকিলে জাতকের আয়ের সম্বন্ধে স্বচ্ছলতা ঘটিয়া থাকে।

## আলস্য।

৭৩। শিষ্য কি চিহ্ন জাতককে অলস করে?

গুরু। (১) শিরোরেখা ক্ষুদ্র, বৃহস্পতির স্থান নিম্ন এবং শুক্রের ও চন্দ্রের স্থান অত্যন্ত উচ্চ কিংবা (২) বৃহস্পতির ও মঙ্গলের স্থান সমতল ও করতল কোমল হইলে জাতককে অলস করে।

## আবিষ্কার।

৭৪। শিষ্য। আবিষ্কারকের হস্তে কি চিহ্ন তাহার গুণের সূচনা করে?

গুরু। (১) রবির ও বুধের স্থান পরিপুষ্ট হইলে অথবা (২) শিরোরেখার উপর শ্বেতবর্ণের বিন্দু-চিহ্ন থাকিলে জাতক নূতন নূতন তত্ত্বাদির উদ্ভাবন ও তদবলম্বনে নানাবিধ ব্যাপারের আবিষ্কার করিতে পারে।

## ( ই )

### ইচ্ছাশক্তি।

১৫। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতকের ইচ্ছাশক্তি প্রবল হয়?

গুরু। (১) বৃদ্ধাঙ্গুলীর প্রথম পর্ব্ব পুষ্ট বা (২) কনিষ্ঠা দীর্ঘাকার হইলে জাতকের ইচ্ছাশক্তি প্রবল হয়।

---

## ( ঈ )

### ঈর্ষা।

১৬। শিষ্য। কি চিহ্ন জাতককে ঈর্ষাপর করে?

গুরু। (১) অনেকগুলি বক্র (টের্চ্চা) রেখা তর্জ্জনীর দ্বিতীয় ও তৃতীয় পর্ব্বে স্পষ্টভাবে অঙ্কিত, (২) বৃহস্পতির ও রবির স্থান উচ্চ ও তাহাতে কতকগুলি পার্শ্ববিস্তৃত (এড়ো) রেখা অবস্থিত বা (৩) রবির স্থান অত্যুচ্চ ও তাহাতে একটি অর্দ্ধচন্দ্রাকার রেখা অঙ্কিত থাকিলে জাতক ঈর্ষাপর হয়।

[ চিত্র—১৯, চিহ্ন- ৪।৫।৬।৭।৮।

### ঈশ্বরনির্ভর।

১৭। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক ঈশ্বরনির্ভরে সমর্থ হয়?

গুরু। চন্দ্রের ও মঙ্গলের স্থান পরিপুষ্ট ও অপর কোন রেখা দ্বারা কর্ত্তিত না হইলে, জাতক সমস্ত বিষয়ে ঈশ্বরের উপর নির্ভর করিয়া থাকে।

### ঈশ্বরে ভক্তি স্থাপন।

১৮। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক স্বভাব দেখিয়া ঈশ্বরে ভক্তিস্থাপনে সমর্থ হয়?

গুরু। চন্দ্রস্থান সমতল, শিরোরেখা সরলভাবে হস্তের এক পার্শ্ব হইতে অপর পার্শ্ব পর্য্যন্ত বিস্তৃত ও পরিষ্কৃতরূপে অঙ্কিত এবং অনামিকা চতুষ্কোণ হইলে, জাতক স্বভাবের শোভা দেখিয়া ঈশ্বরে ভক্তিস্থাপন করিতে সমর্থ হয়।

———

## ( উ )

### উচ্চপদলাভ—( অধিকারিত্ব )

৭৯। শিষ্য। হস্তে কিরূপ চিহ্ন থাকিলে জাতক বিশিষ্টরূপ উচ্চপদস্থ হইতে পারে?

গুরু। ( ১ ) একটী সরলরেখা অনামিকার তৃতীয় পর্ব্ব হইতে উত্থিত হইয়া প্রথম পর্ব্ব পর্য্যন্ত যাইলে, জাতক বিশিষ্টরূপ উচ্চপদস্থ হইতে সমর্থ হয়। [ চিত্র—১৯, চিহ্ন—৯।

### —( প্রত্যাশা )

৮০। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক উচ্চপদস্থ হইবার ইচ্ছা করে?

গুরু। এক-একটী সরলরেখা প্রত্যেক অঙ্গুলীর প্রথম পর্ব্ব হইতে তৃতীয় পর্ব্ব পর্য্যন্ত বিস্তৃত ও গভীররূপে অঙ্কিত হইলে জাতকের উচ্চপদস্থ হইবার অভিলাষ হইয়া থাকে। [ চিত্র—১৮, চিহ্ন—৬।৭।৮।৯।

### —( সসম্মান )

৮১। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক উচ্চপদস্থ ও সম্মানার্হ হয়?

গুরু। ( ১ ) অনেকগুলি সরলরেখা মণিবন্ধ হইতে উত্থিত হইয়া হস্ততল পর্য্যন্ত প্রসৃত কিংবা ( ২ ) একটী সরলরেখা মণিবন্ধ হইতে উত্থিত হইয়া, মঙ্গলের ক্ষেত্র ভেদ করিয়া, রবির স্থানে উপনীত হইলে জাতকের পদোন্নতি ও সম্মানবৃদ্ধি হইয়া থাকে। [ চিত্র—১৯, চিহ্ন—১০।

## উত্তরাধিকার।

৮২। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক উত্তরাধিকারসূত্রে বিষয় সম্পত্তিলাভ করিয়া থাকে ?

গুরু। ( ১ ) মণিবন্ধের উপর একটী কোণাকৃতি চিহ্ন, ( ২ ) করত্রিকোণের কোন কোণের ক্রুশ বা তারকা-চিহ্ন, ( ৩ ) মধ্যমার তৃতীয় পর্ব্বে অনেকগুলি টের্চ্ছারেখা ও দ্বিতীয় গ্রন্থি অপরিপুষ্ট এবং অমুগরেখা শিরোরেখার অনুবর্ত্তী কিংবা ( ৪ ) রবিরেখা প্রবল ও রবিস্থান উচ্চ হইলে জাতক উত্তরাধিকারসূত্রে বিষয়-সম্পত্তি লাভ করিয়া থাকে।

[ চিত্র—১৬, চিহ্ন—৬।৭।৮।৯।

## উৎসাহ।

৮৩। শিষ্য। কিরূপ চিহ্ন জাতককে উৎসাহী করে ?

গুরু। হস্তাঙ্গুলী সকল দীর্ঘ, গ্রন্থি ( গাঁইট ) সকল পরিপুষ্ট, করতল প্রশস্ত ও বৃদ্ধাঙ্গুলী ( অঙ্গুষ্ঠ ) ক্ষুদ্র হইলে জাতক উৎসাহী হয়।

### —( আতিশয্য )

৮৪। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক অত্যন্ত উৎসাহী হয় ?

গুরু। করচতুষ্কোণ অপ্রশস্ত এবং শিরোরেখা আয়ুরেখার প্রারম্ভে মিলিত না হইলে জাতক অত্যন্ত উৎসাহী হয়। [ চিত্র – ১৮, চিহ্ন – ১।৩।

### —( হীনত্ব )

৮৫। শিষ্য। উৎসাহশূন্য ব্যক্তির হস্তে কিরূপ চিহ্ন নিরুৎসাহতার প্রকাশ করে ?

গুরু। ( ১ ) শুক্রস্থান নিম্ন ও উহার উপরি বহুরেখা বা জাল-চিহ্ন থাকিলে কিংবা ( ২ ) শিরোরেখা অপ্রশস্ত ও মলিন এবং হৃদয়রেখা শৃঙ্খলাকার হইলে জাতক উৎসাহশূন্য হইয়া থাকে।

[ চিত্র—১৮, চিহ্ন—৫ ; চিত্র—১৪,—চিহ্ন ৭।

## উদরী রোগ।

৮৬। শিষ্য। কিরূপ চিহ্ন উদরীরোগের সূচক?

গুরু। চন্দ্রস্থানের উপর তারকা-চিহ্ন থাকিলে জাতক উদরীরোগাক্রান্ত হয়। [ চিত্র—১৬, চিহ্ন—৩।

## উদারতা।

৮৭। শিষ্য। কিরূপ চিহ্নে জাতককে উদারচেতা বলিয়া বুঝিতে পারা যায়?

গুরু। (১) করচতুষ্কোণ প্রশস্ত, শিরোরেখা পরিষ্কৃত ও অঙ্গুষ্ঠের দ্বিতীয় পর্ব্ব স্থূল হইলে কিংবা (২) একটী বা দুইটী সরলরেখা অনামিকার তৃতীয় পর্ব্ব হইতে উত্থিত হইয়া দ্বিতীয় পর্ব্ব পর্য্যন্ত যাইলে, করচতুষ্কোণ বিস্তৃত এবং করত্রিকোণ পরিষ্কৃতরূপে অঙ্কিত হইলে জাতক উদারচরিত হয় এবং তাহার চিত্তের উদারতা স্বতই প্রকাশ পায়।

[ চিত্র—২৪, চিহ্ন—১।২।৩।

## উদ্ভাবনীশক্তি।

৮৮। শিষ্য। জাতকের উদ্ভাবনীশক্তি কিরূপ চিহ্ন দ্বারা জানিতে পারা যায়?

গুরু। বুধের স্থান উচ্চ, অঙ্গুলীসকল চতুষ্কোণ ও অঙ্গুষ্ঠের দ্বিতীয় পর্ব্ব স্থূল হইলে জাতকের উদ্ভাবনীশক্তির অস্তিত্ব বুঝিতে পারা যায়।

## উদ্যম—( ব্যর্থ )

৮৯। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতকের উদ্যম বিফল হয়?

গুরু। (১) আয়ুরেখার শেষভাগে একটী ক্রুশ-চিহ্ন এবং ভাগ্যরেখা অস্পষ্ট ভাবে অঙ্কিত বা (২) রবির স্থান ক্ষুদ্র ক্ষুদ্র রেখাদ্বারা কর্ত্তিত হইলে জাতকের উদ্যম বিফল হয়। [ চিত্র—২০, চিহ্ন—২।৩

## —( হীনতা )

৯০। শিষ্য। কিরূপ চিহ্ন জাতককে উদ্যমরহিত করে?

গুরু। হস্তাঙ্গুলীসমূহ প্রকৃষ্টরূপে চতুষ্কোণ হইলে জাতককে উদ্যম রহিত করে।

## উপাধিলাভ।

৯১। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক তর্কালঙ্কার, বিদ্যাভূষণ, কবিচঞ্চু, ন্যায়রত্ন বা আধুনিক এম, এ, বি, এ, এল, এল, ডি প্রভৃতি বিদ্যাগত উপাধি দ্বারা স্বনাম ভূষিত করিতে সমর্থ হয়?

গুরু। বৃহস্পতি, রবি ও বুধের স্থান উচ্চ এবং আয়ুরেখা হইতে সরল রেখা উত্থিত হইয়া বৃহস্পতির স্থানগত হইলে জাতক বিদ্যাগত উপাধি দ্বারা স্বনাম ভূষিত করিতে সমর্থ হয় এবং সঙ্গে সঙ্গে অর্থলাভাদিও ঘটায়; স্বতই সুখসম্ভোগে সমর্থ হয়। [ চিত্র—২০, চিহ্ন—৪।

## উপায়।

৯২। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক উপায়ের উত্তম সুযোগলাভে সমর্থ হয়?

গুরু। (১) রবিরেখা উভয় হস্তে সুস্পষ্টরূপে অঙ্কিত, (২) রবিস্থানে একটি বৃত্তচিহ্ন অঙ্কিত বা (৩) রবিরেখা শুক্রস্থান হইতে উত্থিত হইয়া, রবিস্থানে গিয়া সাঙ্গ হইলে জাতকের উপায় করিবার উত্তম সুযোগ ঘটিয়া থাকে।

[ চিত্র—১৩, চিহ্ন—৪।৫

---

# ( ঋ )

## ঋণ

৯৩। শিষ্য। কিরূপ চিহ্ন জাতকের ঋণের সূচনা করে?

গুরু। ভাগ্যরেখার পার্শ্বস্থ মঙ্গলক্ষেত্র অপেক্ষাকৃত নিম্ন হইলে জাতককে ঋণগ্রস্ত হইতে হয়।

---

## ( এ )

### একাগ্রতা।

৯৪। শিষ্য। কি চিহ্ন জাতকের একাগ্রতার সূচনা করে?

গুরু। শিরোরেখা পরিষ্কৃত এবং বৃহস্পতির ও রবির স্থান পুষ্ট হইলে জাতকের একাগ্রতা সূচিত হয়।

### —( অভাব )

৯৫। শিষ্য। কি চিহ্ন জাতকের একাগ্রতার অভাবের সূচনা করে?

গুরু। ( ১ ) রবির স্থানে দুই তিনটী অব্যবস্থিত রেখা অঙ্কিত ও বুধের স্থান উচ্চ কিংবা ( ২ ) শিরোরেখা শৃঙ্খলাকার এবং অপরিষ্কৃত হইলে জাতকের একাগ্রতার অভাব প্রকাশ করিয়া দেয়। [ চিত্র—১৫, চিহ্ন—৪।৭।

---

## ( ঐ )

### ঐন্দ্রজালিকত্ব।

৯৬। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক ঐন্দ্রজালিক হয়?

গুরু। শনির স্থানের উপর ত্রিকোণ-চিহ্ন এবং উভয় হস্তে শনির স্থান উচ্চ হইলে জাতক ঐন্দ্রজালিক হইয়া থাকে। [ চিত্র—১৫, চিহ্ন—৬।

---

# ( ক )

## কপটাচার।

৯৭। শিষ্য। হস্তে কি চিহ্ন থাকিলে জাতক কপটাচারী হয়?

গুরু। করচতুষ্কোণ ক্ষুদ্র এবং চন্দ্রের স্থান উচ্চ হইলে, জাতক কপটাচারী হইয়া থাকে। [ চিত্র—১৮, চিহ্ন—৩।১।

## কম্পজ্বর।

৯৮। শিষ্য। কম্পজ্বরের সূচক চিহ্ন কিরূপ?

গুরু। মধ্যমার কিংবা অনামিকার পার্শ্বদেশে কৃষ্ণবর্ণ তিল-চিহ্ন থাকিলে জাতকের কম্পজ্বর হইয়া থাকে

## কর্ম্মঠ।

৯৯। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক কর্ম্মঠ হয়?

গুরু। অঙ্গুলী সকল চতুষ্কোণ, করতলের সমান দীর্ঘ এবং শনির স্থান উচ্চ হইলে, জাতক কর্ম্মঠ হইয়া থাকে।

## কর্ম্মনৈপুণ্য।

১০০। শিষ্য কি চিহ্ন থাকিলে জাতক কর্ম্মে বিশিষ্ট নিপুণ হয়?

গুরু। বুধের স্থান উচ্চ, অঙ্গুলী সকল চতুষ্কোণবিশিষ্ট ও বৃদ্ধাঙ্গুলী অপরিপুষ্ট হইলে জাতক কর্ম্মে সবিশেষ নিপুণতা দেখাইতে সমর্থ হয়।

## কলহপ্রিয়তা।

১০১ শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক কলহপ্রিয় হয়?

গুরু। ( ১ ) মঙ্গলের স্থান সাতিশয় উচ্চ, নখরসকল ক্ষুদ্র ও প্রশস্ত হইলে কিংবা ( ২ ) মঙ্গলের ক্ষেত্র পরিপুষ্ট হইলে অথবা ( ৩ ) করত্রিকোণ পরিস্কৃতরূপে অঙ্কিত হইলে জাতক কলহপ্রিয় হইয়া থাকে।

## কল্পনাশক্তি—( অপূর্ব্বত্ব )

১০২। শিষ্য। কি চিহ্ন জাতকের অপূর্ব্ব কল্পনাশক্তির সূচনা করে?

গুরু। বুধের স্থান সাতিশয় উচ্চ, শিরোরেখা দীর্ঘ ও অপ্রশস্ত হইলে জাতক অপূর্ব্ব কল্পনাশক্তিবিশিষ্ট হয়।

## কষ্টকর বিবাহ।

১০৩। শিষ্য কি চিহ্ন জাতকের বিবাহজনিত কষ্টের সূচনা করে?

গুরু। (১) বুধের স্থানে বিবাহরেখা কতকগুলি সমান সরলরেখাদ্বারা কর্ত্তিত কিংবা চন্দ্রস্থানে একটী গভীর সরলরেখা ও শুক্রস্থানে একটী তারকা-চিহ্ন অঙ্কিত হইলে বা (২) বিবাহরেখায় একটী যব-চিহ্ন থাকিলে জাতকের বিবাহে কষ্টভোগ ঘটিয়া থাকে। [ চিত্র—১৩, চিহ্ন—৬।৭।৮।১২।

## কামপ্রাবল্য।

১০৪। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতকের কামপ্রবল হয়?

গুরু। শুক্রস্থান সাতিশয় উচ্চ হইলে, জাতকের কামপ্রবৃত্তি সাতিশয় প্রবল হইয়া থাকে।

## কামুকত্ব—( পশ্বাচার )

১০৫। শিষ্য। কামুক ব্যক্তির হস্তে কিরূপ চিহ্ন তাহার স্বভাবের সূচনা করে?

গুরু। (১) হৃদয়রেখা মলিন ও অপ্রশস্ত, (২) বৃদ্ধাঙ্গুলীর নখরসংযুক্তপর্ব্বে তারকাচিহ্ন অঙ্কিত, (৩) শুক্রস্থানে দীর্ঘ সরলরেখা দ্বারা অঙ্কিত জালচিহ্ন অবস্থিত, (৪) তর্জ্জনীর তৃতীয় পর্ব্বে তারকাচিহ্ন-চিত্রিত, (৫) মধ্যমার তৃতীয় পর্ব্বে ত্রিকোণচিহ্ন অঙ্কিত হইলে জাতক কামুক হয়।

[ চিত্র—১৩, চিহ্ন—৯।১০।১১।১৩।

## কারুকরত্ব।

১০৬। শিষ্য। বিচক্ষণ কারিকরের হস্তে কিরূপ চিহ্ন তাহার নৈপুণ্যের প্রকাশ করিয়া থাকে?

গুরু। কনিষ্ঠাঙ্গুলী স্থূলাগ্র এবং উহার প্রথম পর্ব্ব অন্যান্য পর্ব্বাপেক্ষা দীর্ঘ হইলে জাতক বিচক্ষণ কারুকর হয়।

## কার্য্যতৎপরতা।

১০৭। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক কার্য্যতৎপর হয়?

গুরু। (১) হস্ততল স্বাস্থ্যরেখাবিহীন ও কঠিন এবং অঙ্গুলীসমূহ সূচ্যগ্র হইলে, (২) মঙ্গলের, বুধের ও বৃহস্পতির স্থান উচ্চ হইলে, (৩) ভাগ্যরেখা মঙ্গলের ক্ষেত্র হইতে উত্থিত হইলে, (৪) হস্ততলের অন্যান্য রেখাসকল গভীররূপে অঙ্কিত ও হস্ততল কঠিন হইলে, (৫) অঙ্গুলীসমূহ স্থূলাগ্র ও গ্রন্থিযুক্ত হইলে অথবা (৬) আয়ুরেখা শিরোরেখার সহিত সংযুক্ত না হইলে জাতক কার্য্যতৎপরতা দেখাইয়া থাকে। চিত্র—৩, চিহ্ন—১।৩।৪।

## কার্য্যে বিরতি।

১০৮। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক কার্য্যনির্ব্বাহ বিষয়ে প্রায়ই উপেক্ষা করিয়া থাকে?

গুরু। বৃহস্পতির, শনির, রবির ও বুধের স্থান অপরিপুষ্ট হইলে, অঙ্গুলীসমূহ গ্রন্থিশূন্য, ক্রমশঃ সূক্ষ্ম হইলে জাতক নিজের কার্য্যনির্ব্বাহবিষয়ে প্রায়ই অবহেলা করিয়া বিরত থাকে।

## কারাবাস।

১০৯। শিষ্য। কি চিত্র জাতকের কারাবাসের সূচনা করে?

গুরু। শুক্রের ও মঙ্গলের স্থানে চতুষ্কোণ-চিহ্ন থাকিলে জাতককে কারারুদ্ধ হইতে হয়। [ চিত্র—২০, চিহ্ন—৫।৬।

## কাল্পনিকত্ব।

১১০। শিষ্য। কি চিহ্ন জাতককে কাল্পনিক করে?

গুরু। (১) চন্দ্রের স্থান অত্যন্ত উচ্চ, অঙ্গুলী সকল করতল অপেক্ষা দীর্ঘ এবং ক্রমশঃ সূক্ষ্ম, (২) অঙ্গুলী সকল বহুরেখাযুক্ত ও করতল অপেক্ষা দীর্ঘ, বৃদ্ধাঙ্গুলী পুষ্ট ও পশ্চাদ্ভাগে নমনীয় অথবা (৩) মধ্যমা বহুরেখাযুক্ত হইলে জাতককে কাল্পনিক হইতে হয়।

## কাল্পনিকী চিন্তা।

১১১। শিষ্য। কি চিহ্ন থাকিলে কাল্পনিকী চিন্তা জাতকের পক্ষে অনিবার্য্য হইয়া থাকে?

গুরু। ( ১ ) চন্দ্রস্থানে একটী তারকা-চিহ্ন থাকিলে ও শিরোরেখা চন্দ্রস্থানে উপনীত হইলে কিংবা ( ২ ) একটী সরলরেখা চন্দ্রস্থান হইতে উত্থিত হইয়া, ভাগ্যরেখা কর্ত্তন করিলে, জাতককে অনিবার্য্য কাল্পনিকী চিন্তায় মগ্ন হইতে হয়। [ চিত্র—১৭, চিহ্ন—৭৮।৯।

—( ভ্রমময়ী )

১১২। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতকের কাল্পনিকী চিন্তায় ভ্রম ঘটিয়া থাকে ?

গুরু। শিরোরেখা শাখাবিশিষ্ট হইয়া চন্দ্রের স্থানে কিংবা মণিবন্ধে আসিয়া সম্পূর্ণ হইলে, জাতকের কাল্পনিকী চিন্তা ভ্রমময়ী ( ভুল ) হইয়া থাকে।

[ চিত্র—১০, চিহ্ন—৪।

—( বৈচিত্র্য )

১১৩। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে কাল্পনিকী চিন্তা বিচিত্রভাবে জাতকের হৃদয় অধিকার করে ?

গুরু। ( ১ ) চন্দ্রের স্থানে কতকগুলি সরলরেখা থাকিলে ও মঙ্গলের স্থান চন্দ্রের স্থানাভিমুখীন হইলে অথবা ( ২ ) চন্দ্রের স্থানে স্বাস্থ্যরেখা ও শিরোরেখা একত্র মিলিয়া পরস্পর কর্ত্তিত হইয়া ক্রুশ-চিহ্নের ন্যায় হইলে, জাতকের মনে কাল্পনিকী চিন্তা বিচিত্রভাবে উদয় হইয়া থাকে।

[ চিত্র ৩, চিহ্ন—৫।৬।

## কীর্ত্তি।

১১৪। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক কীর্ত্তিসম্পন্ন হইতে পারে ?

গুরু। ভাগ্যরেখা দুইটী শাখাবিশিষ্ট ও তাহার একটী শাখা শনিস্থানগত হইলে জাতকের কীর্ত্তিরক্ষা করিবার শক্তি থাকে। [ চিত্র—৯, চিহ্ন—৫।

## কৃপা।

১১৫। শিষ্য। কি চিহ্ন জাতকের হৃদয়গত কৃপার অস্তিত্ব প্রকাশ করে ?

গুরু। রবি, শুক্র ও চন্দ্র—এই তিন গ্রহের স্থান উচ্চ হইলে জাতক কৃপালু হইয়া থাকে।

## কৃষিতৎপরতা।

১১৬। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক কৃষিকার্য্যানুশীলনে তৎপর হয়?

গুরু। উভয় হস্তের অঙ্গুলী সকল চতুষ্কোণ ও স্থূলাগ্র এবং মধ্যমার দ্বিতীয় পর্ব্ব অপরাপর পর্ব্বাপেক্ষা দীর্ঘ হইলে জাতক কৃষিকর্ম্মানুশীলনে সাগ্রহে ব্যাপৃত থাকে। [ চিত্র—২০, চিহ্ন—১০।

## কৌতুকপ্রিয়তা।

১১৭। শিষ্য। কৌতুকপ্রিয় লোকের হস্তে কি বিশিষ্ট চিহ্ন দেখিতে পাওয়া যায়?

গুরু। (১) বুধের স্থান পুষ্ট ও করত্রিকোণের প্রথম কোণ পরিষ্কৃতরূপে অঙ্কিত অথবা (২) শুক্রবন্ধনী স্পষ্টরূপে অঙ্কিত হইলে জাতক কৌতুকপ্রিয় হইয়া থাকে। [ চিত্র—২১ চিহ্ন—১১২।

## ক্ষমাশীলতা।

১১৮। শিষ্য। হস্তে কি চিহ্ন থাকিলে জাতক ক্ষমাশীল হইয়া থাকে?

গুরু। অঙ্গুলীসমূহের নখরগুলি বাদামের ন্যায় আকৃতিবিশিষ্ট হইলে জাতক ক্ষমাশীল হইয়া থাকে।

## ক্ষয়।

১১৯। শিষ্য। কি চিহ্ন জাতকের রাজ-যক্ষ্মা বা ক্ষয়ের সূচনা করে?

গুরু। নখর সকল প্রশস্ত ও উহার উপরিভাগ ঈষৎ বক্র হইলে এবং স্বাস্থ্যরেখার উপর ক্ষুদ্র ক্ষুদ্র যব-চিহ্ন থাকিলে, জাতকের রাজযক্ষ্মা প্রভৃতি ক্ষয়-রোগের ভোগ অবশ্যম্ভাবী। [ চিত্র—১৭, চিহ্ন—১৪।

## ( খ )

### খেয়াল।

১২০। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক খেয়াল মিটাইতে পারে?

গুরু। অঙ্গুলীসকল সূচাগ্র ও করতল অপেক্ষা ক্ষুদ্র হইলে জাতকের খেয়াল মিটাইবার শক্তি থাকে।

---

## ( গ )

### গুহ্যবিদ্যায়—( বিপৎ )

১২১। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে গুহ্যবিদ্যার চর্চ্চা করিতে গিয়া জাতককে বিপদ্‌গ্রস্ত হইতে হয়?

গুরু। উভয় হস্তে তর্জ্জনী স্থূলাগ্র এবং শনির স্থানে একটী ক্রুশ-চিহ্ন থাকিলে, জাতক গুহ্যবিদ্যার চর্চ্চা করিতে গিয়া বিপদ্‌গ্রস্ত হয়।

[ চিত্র—১৭, চিহ্ন—৩।

### —( বিশারদ )

১২২। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক গুহ্যবিদ্যাবিশারদ হয়?

গুরু। ( ১ ) অনামিকা সূচ্যগ্র ও চন্দ্রের স্থানে একটী ত্রিকোণ-চিহ্ন অঙ্কিত কিংবা (২) শনির স্থানের নিম্নে ও করচতুষ্কোণের মধ্যে একটী ক্রুশ-চিহ্ন অঙ্কিত ও একটী ধনুঃসদৃশী বক্র-রেখা চন্দ্রস্থান হইতে বুধস্থান পর্য্যন্ত বিস্তৃত হইয়া থাকিলে জাতক গুহ্যবিদ্যা-বিশারদ হয়।

[ চিত্র—২১, চিহ্ন—৪।৫।৬।

—(স্বজ্ঞান)

১২৩। শিষ্য। গুহ্যবিদ্যায় স্বাভাবিকজ্ঞানযুক্ত লোকের হস্তচিহ্ন কি?

গুরু। (১) চন্দ্রের স্থানে একটি ত্রিকোণ-চিহ্ন থাকিলে, (২) হৃদয়রেখার একটী শাখা বৃহস্পতির স্থান আবেষ্টন করিলে, (৩) উভয়হস্তে স্বাস্থ্যরেখা শিরোরেখার সহিত মিলিত হইয়া একটী ক্রুশ-চিহ্নের ন্যায় হইলে, (৪) শনির স্থানে একটী ক্রুশ-চিহ্ন অঙ্কিত থাকিলে অথবা (৫) শিরোরেখা চন্দ্রস্থান পর্য্যন্ত বিস্তৃত ও তর্জ্জনীর দ্বিতীয় পর্ব্ব বহুরেখাযুক্ত হইলে জাতক গুহ্যবিদ্যায় স্বাভাবিক জ্ঞানযুক্ত হয়। [ চিত্র—২১, চিহ্ন—৩।৪।৭।৯।১২।১৩।

## গৃহত্যাগ।

১২৪। শিষ্য। কিরূপ চিহ্ন জাতককে গৃহত্যাগী করে?

গুরু। শুক্রের স্থানে একটী চতুষ্কোণ চিহ্ন অঙ্কিত, বৃহস্পতির ও চন্দ্রের স্থান প্রবল ও শনির স্থান উচ্চ হইলে জাতককে গৃহত্যাগী হইতে হয়।

[ চিত্র—২২, চিহ্ন—১।

## গৃহশূন্যতা।

১২৫। শিষ্য। কি চিহ্ন জাতককে গৃহশূন্য করে?

গুরু। (১) স্বাস্থ্যরেখার উপর তারকা-চিহ্ন অঙ্কিত কিংবা (২) মধ্যমার তৃতীয় পর্ব্বে তারকা-চিহ্ন ও হৃদয়রেখার শেষভাগ শৃঙ্খলবৎ হইয়া অঙ্কিত থাকিলে জাতকের সংসারস্থ পরিবারবর্গের সকলেরই মৃত্যু ঘটিয়া জাতককে গৃহশূন্য হইতে হয়। [ চিত্র—২২, চিহ্ন—২।৩।৪।

## গৌরবখর্ব্বতা।

১২৬। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে গৌরবাকাঙ্ক্ষী জাতকের গৌরবলাভ সম্পূর্ণরূপ হয় না?

গুরু। একটী সরলরেখা উভয় হস্তে তর্জ্জনীর তৃতীয় পর্ব্ব হইতে প্রথম পর্ব্ব পর্য্যন্ত গভীররূপে অঙ্কিত থাকিলে জাতকের গৌরবলাভ সম্পূর্ণরূপ ঘটিয়া উঠে না। [ চিত্র—২২, চিহ্ন—৫।

## গৌরব-লালসা—( বৃদ্ধি )

১২৭। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতকের গৌরব-লালসা বৃদ্ধি পাইতে থাকে ?

গুরু। (১) বৃহস্পতির স্থান অত্যুচ্চ, ভাগ্যরেখা ও রবিরেখা পরিষ্কৃতরূপে অঙ্কিত, (২) তর্জ্জনী মধ্যমার ন্যায় দীর্ঘ ও ইহার দ্বিতীয় পর্ব্ব অপর পর্ব্বগুলি অপেক্ষা দীর্ঘতম, (৩) শিরোরেখা হইতে একটী শাখা উত্থিত হইয়া বৃহস্পতিস্থানে উপনীত কিংবা (৪) বৃহস্পতির স্থানে একটী ক্রুশ-চিহ্ন অঙ্কিত থাকিলে জাতকের গৌরব-লালসা বৃদ্ধি পাইতে থাকে।

[ চিত্র—২২, চিহ্ন – ৬।৭।৮।৯।

## গৌরবাকাঙ্ক্ষাবর্জ্জন।

১২৮। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতকের নাম গৌরবের আকাঙ্ক্ষা মনে স্থান পায় না ?

গুরু। বৃহস্পতির স্থান উচ্চ এবং করত্রিকোণ অস্পষ্টরূপে অঙ্কিত হইলে জাতকের অন্তঃকরণে গৌরবাকাঙ্ক্ষা স্থান পায় না।

---

# ( চ )

## চক্ষুরোগ।

১২৯। শিষ্য। জাতকের হস্তে কি চিহ্ন চক্ষুরোগের সূচনা করে ?

গুরু। (১) রবির স্থানে নীল চিহ্ন বা (২) অনামিকার প্রথম পর্ব্বে তারকা-চিহ্ন থাকিলে জাতকের চক্ষুরোগ হইয়া থাকে।

[ চিত্র—২৩, চিহ্ন—৬।

## চপলতা।

১৩০। শিষ্য। কি চিহ্ন চপলতার সূচনা করে?

গুরু। (১) রবির স্থান সাতিশয় উচ্চ ও তদুপরি জাল-চিহ্ন বিরাজিত, (২) অনামিকা সূচ্যগ্র এবং অপর অঙ্গুলীগুলি স্থূলাগ্র বা চতুষ্কোণ, (৩) শিরোরেখা সূক্ষ্ম ও দুর্ব্বল কিংবা (৪) অঙ্গুলীসকলের প্রথম পর্ব্ব অন্যান্য পর্ব্ব অপেক্ষা ক্ষুদ্র এবং বুধের স্থান সাতিশয় উচ্চ হইলে জাতক চপল-স্বভাব-বিশিষ্ট হয়। [ চিত্র—২৭, চিহ্ন—৫।

## চরিত্রহীনতা।

১৩১। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক চরিত্রহীন হয়?

গুরু। হৃদয়রেখা শিরোরেখার নিকটবর্ত্তী হওয়ায়, করচতুষ্কোণ অপ্রশস্ত, বৃহস্পতির, শুক্রের ও রবির স্থান দুর্ব্বল এবং হৃদয়রেখা মলিন হইলে জাতক হীনচরিত্র হইয়া থাকে। [ চিত্র—২৩, চিহ্ন—১,৮।

## চাঞ্চল্য।

১৩২। শিষ্য। হস্তে কিরূপ চিহ্ন থাকিলে জাতক চঞ্চল হইয়া থাকে?

গুরু। (১) শিরোরেখা হৃদয়রেখার নিকটবর্ত্তী কিংবা (২) শিরোরেখা প্রশস্ত, মলিন ও করতলের অর্দ্ধপরিমিত বিস্তৃত হইলে জাতক চঞ্চলপ্রকৃতি হইয়া থাকে।

## চাতুর্য্য।

১৩৩। শিষ্য। চতুর ব্যক্তির হস্তে কিরূপ বিশিষ্ট চিহ্ন থাকে?

গুরু। (১) করচতুষ্কোণ অপ্রশস্ত ও কনিষ্ঠাঙ্গুলীর তৃতীয় পর্ব্ব দীর্ঘ, (২) শিরোরেখার শেষ হইতে বহির্গত একটী শাখা চন্দ্রস্থানে উপনীত, (৩) বুধের স্থান উচ্চ, (৪) বুধের স্থানে জাল-চিহ্ন, (৫) কনিষ্ঠাঙ্গুলী বক্র হইলে জাতক চতুর হয়। [ চিত্র—২৩, চিহ্ন—১।৮।২।৩।৪।

## চিকিৎসকত্ব।

১৩৪। শিষ্য। কি চিহ্ন হস্তে থাকিলে জাতক বিচক্ষণ চিকিৎসক হয়?

গুরু। বুধের স্থান উচ্চ ও উহার উপর দুই-তিনটী সরলরেখা অঙ্কিত থাকিলে জাতক বিচক্ষণ চিকিৎসক হইয়া থাকে। [ চিত্র—২৭, চিহ্ন—৪।

## চিত্তচাঞ্চল্য।

১৩৫। শিষ্য। জাতকের চিত্তচাঞ্চল্যের সূচক চিহ্ন কি?

গুরু। (১) করতল প্রশস্ত ও কঠিন এবং মঙ্গলের স্থান বহুরেখাযুক্ত কিংবা (৩) করতল অপেক্ষা মধ্যমাঙ্গুলী দীর্ঘ ও অনামিকা স্থূলাগ্র হইলে জাতককে চঞ্চলচিত্ত হইতে হয়। [ চিত্র—২৪, চিহ্ন—৪।

## চিত্তস্থৈর্য্য।

১৩৬। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক আত্মসংযম সাধিতে সমর্থ হয়?

গুরু। বুধের নিম্নস্থ মঙ্গলের স্থান সাতিশয় উচ্চ, বৃদ্ধাঙ্গুলীর প্রথম পর্ব্ব প্রশস্ত ও পশ্চাদ্ভাগে কথঞ্চিৎ নমনীয় হইলে জাতক আত্মসংযম সাধিতে সমর্থ হয়।

## চিন্তা।

১৩৭। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতককে চিন্তাযুক্ত হইতে হয়?

গুরু। (১) অঙ্গুলীসমূহের দ্বিতীয় পর্ব্ব অন্য পর্ব্বাপেক্ষা দীর্ঘতম অথবা (২) তর্জ্জনী অপেক্ষাকৃত দীর্ঘ শুণ্ডাকৃতি ও অপর অঙ্গুলীগুলি চতুষ্কোণ এবং শিরোরেখা পরিষ্কৃতরূপে অঙ্কিত ও করচতুষ্কোণ প্রশস্ত হইলে জাতক চিন্তাযুক্ত হইয়া থাকে। [ চিত্র—১, চিহ্ন—১৬-১৮।২১-২১।

## চিন্তাশূন্যতা।

১৩৮। শিষ্য। কি চিহ্ন জাতককে চিন্তাশূন্য বলিয়া জানাইয়া দেয়?

গুরু। উভয় হস্তে প্রথমাঙ্গুলীর পর্ব্ব সকল অন্যান্য অঙ্গুলীর পর্ব্বাপেক্ষা ক্ষুদ্র ও বৃহস্পতির স্থান নিম্ন হইলে জাতক চিন্তাশূন্য হইয়া থাকে।

## চৌর্য্য।

১৩৯। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক চোর হয়?

গুরু। (১) কনিষ্ঠাঙ্গুলীর তৃতীয় পর্ব্বে কতকগুলি বিশৃঙ্খল রেখা, (২) কনিষ্ঠার তৃতীয় পর্ব্বে একটী ক্রুশ, (৩) বুধের স্থানে একটী তারকা-চিহ্ন

অঙ্কিত হইলে অথবা ( ৪ ) উভয় হস্তে কনিষ্ঠাঙ্গুলী স্থূলাগ্র কিংবা (৫) বুধের স্থান উচ্চ হইলে জাতক চোর হইয়া থাকে। [ চিত্র— ২৪, চিহ্ন—৩।৬।৭।

———

## ( ছ )

ছলপ্রিয়তা।

১৪০। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক ছলপ্রিয় হয় ?

গুরু। রবির স্থান অত্যুচ্চ ও বহুরেখাযুক্ত হইলে জাতক ছলপ্রিয় হইয়া থাকে। [ চিত্র—১৫, চিহ্ন—৪।

ছিদ্রান্বেষণ।

১৪১। শিষ্য। হস্তে কিরূপ চিহ্ন থাকিলে জাতক ছিদ্রান্বেষণ করিতে ভালবাসে ?

গুরু। করতল দীর্ঘ, অঙ্গুলীসমূহ স্থূলাগ্র ও গ্রন্থি সকল পরিপুষ্ট হইলে জাতক ছিদ্রান্বেষী হইয়া থাকে।

———

## ( জ )

জড়তা।

১৪২। শিষ্য। জাতকের হস্তে জড়তার সূচক চিহ্ন কিরূপ ?

গুরু। ( ১ ) করতল কঠিন, শিরোরেখা পাণ্ডুবর্ণ ও প্রশস্ত এবং রবির স্থান সাতিশয় নিম্ন, ( ২ ) একটি সরলরেখা মধ্যমার তৃতীয় পর্ব্ব হইতে উত্থিত হইয়া প্রথম পর্ব্ব পর্য্যন্ত বিস্তৃত, ভাগ্যরেখা শিরোরেখা হইতে উত্থিত হইয়া

শনির স্থান পর্য্যন্ত ব্যাপ্ত এবং বৃহস্পতি রবি ও বুধ- এই তিনটী গ্রহের স্থান সাতিশয়• নিম্ন কিংবা (৩) শিরোরেখা অস্পষ্টরূপে অঙ্কিত ও বৃদ্ধাঙ্গুলী ক্ষুদ্র হইলে জাতক জড়প্রকৃতি হইয়া থাকে।

[ চিত্র—২৪, চিহ্ন—৮ ; চিত্র—১২, চিহ্ন -১।

## জাগতিক—কর্ম্মসাধন।

১৪৩। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক জীবনে জাগতিক-কর্ম্মে সফলতালাভে সমর্থ হয় ?

গুরু। (১) রবিরেখা উভয় হস্তে সুস্পষ্ট অঙ্কিত, রবিস্থান পুষ্ট ও তাহার উপর একটী বৃত্তচিহ্ন অঙ্কিত থাকিলে জাতক জীবনে সফলকর্ম্মা হইতে পারে। (২) আয়ুরেখা হইতে একটী সরলরেখা উত্থিত হইয়া বৃহস্পতির স্থানে যাইলে ও বৃহস্পতির স্থান পুষ্ট হইলে জাতক পরীক্ষায় উত্তীর্ণ হইতে, রাজধানীতে বা রাজসরকারে কর্ম্ম পাইতে. বিশেষতঃ বৃহস্পতির স্থান অত্যুন্নত হইলে স্বর্ণব্যবসায়ে উন্নতিলাভ করিতে পারে। (৩) আয়ুরেখা হইতে উত্থিত রেখা শনির স্থানে যাইলে লৌহ কয়লা প্রভৃতি খনিজদ্রব্যের, পাট, কাষ্ঠ, তৃণ প্রভৃতির বাণিজ্যে বা বিদেশে চাকরীতে অর্থোপার্জ্জন করিতে পারে। (৪) উক্ত রেখা রবির স্থানে যাইলে হঠাৎ অর্থলাভ বা ধনাঢ্যের সাহায্যে উন্নত হইতে পারে। (৫) বুধস্থানগত হইলে বাণিজ্যব্যবসায়ে অর্থোপার্জ্জন করিতে সমর্থ হয়।

[ চিত্র—১৩, চিহ্ন—৩।৫ ; চিত্র—৩০, চিহ্ন—২।৩।৪।৫।৬।৭।

## ( প্রতিবন্ধকতা )

১৪৪। শিষ্য: জীবনে জাগতিক কর্ম্মসাধনে প্রতিবন্ধকতার চিহ্ন কি ?

গুরু। (১) আয়ুরেখা ক্ষুদ্র ক্ষুদ্র রেখাদ্বারা কর্ত্তিত এবং ভাগ্যরেখা অস্পষ্টভাবে অঙ্কিত, (২) রবিস্থান সূক্ষ্ম সূক্ষ্ম রেখাদ্বারা কর্ত্তিত কিংবা (৩) রবিস্থানে রবিরেখা তিন চারিটী অঙ্কিত হইলে জাতকের জীবনকালের মধ্যে জাগতিক কর্ম্মসাধনে বা উন্নতিলাভে অনেক প্রতিবন্ধক ঘটিয়া থাকে।

[ চিত্র—৭, চিহ্ন—২. চিত্র—১১, চিহ্ন—৪ ; চিত্র—৩১, চিহ্ন—১০।

## জীবনযাপন—( পরিশ্রমে )

১৪৫। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক আজীবন পরিশ্রমদ্বারা জীবনযাপন করিতে বাধ্য হয় ?

গুরু। ( ১ ) মণিবন্ধস্থ বলয়ত্রয় শৃঙ্খলাকার বা ( ২ ) ভাগ্যরেখা শিরোরেখা হইতে উত্থিত হইয়া শনির স্থানে উপস্থিত হইলে জাতককে আজীবন পরিশ্রমদ্বারা জীবনযাপন করিতে হয়।

[ চিত্র—২৫, চিহ্ন—৭ ; চিত্র—১২, চিহ্ন—১-১ ।

## —( স্বগুণার্জ্জিত সৌভাগ্যে )

১৭৬। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক স্বগুণে সৌভাগ্যলাভ করিয়া জীবনযাপন করিতে পারে ?

গুরু। একহস্তে ভাগ্যরেখা মণিবন্ধ হইতে উত্থিত হইয়া, মধ্যমার দ্বিতীয় পর্ব্ব পর্য্যন্ত যাইলে, জাতক নিজগুণে সৌভাগ্যসম্পন্ন হইয়া জীবনযাপন করে ; কিন্তু উক্ত চিহ্ন উভয় হস্তে থাকিলে বিপরীত ফল ফলিয়া থাকে।

[ চিত্র—১৬, চিহ্ন—১ ।

## —( হতাশে )

১৪৭। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক হতাশে জীবনযাপন করিয়া থাকে ?

গুরু। ক্ষুদ্র ক্ষুদ্র রেখা আয়ুরেখা হইতে বহির্গত হইয়া, মণিবন্ধাভিমুখীন হইলে, জাতককে প্রায়ই হতাশ হইয়া সমস্ত জীবনযাপন করিতে হয়।

[ চিত্র—২৪, চিহ্ন—১৩ ।

## জীবনে উন্নতি—(পরের সাহায্যে )

১৪৮। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক পরের সাহায্যে জীবনে উন্নতিলাভে সমর্থ হয় ?

গুরু। ( ১ ) ভাগ্যরেখা মণিবন্ধ হইতে উত্থিত হইয়া শিরোরেখায় বা হৃদয়রেখায় স্পর্শ করিলে, (২) ভাগ্যরেখার অনুগরেখা তাহার অনুগত হইলে, (৩) শিরোরেখা হইতে একটী রেখা উত্থিত হইয়া হৃদয়রেখার নিকট-

বর্ত্তী হইয়াও স্পর্শ না করিলে, (৪) করচতুষ্কোণস্থ ক্রুশ-চিহ্ন পরিষ্কৃতরূপে অঙ্কিত হইয়া ভাগ্যরেখার বা রবিরেখার ভেদ বা কর্ত্তন না করিলে জাতক অন্য লোকের সাহায্যলাভে বিশিষ্টরূপ উন্নত হইতে পারে।

[ চিত্র—২৫, চিহ্ন—১।২।৩।৪।

## —( প্রতিবন্ধকতা )

১৪৯। শিষ্য। জীবনে উন্নতির প্রতিবন্ধক চিহ্ন কি?

গুরু। ভাগ্যরেখা ভগ্ন ও মঙ্গলের ক্ষেত্রে গিয়া সম্পূর্ণ হইলে জাতকের জীবনে উন্নতির অনেক প্রতিবন্ধক ঘটিয়া থাকে।

[ চিত্র—২৩, চিহ্ন- ৭।

## জীবনে—ক্লেশ।

১৫০। শিষ্য। জীবনে ক্লেশ পাইবার সূচক চিহ্ন কিরূপ?

গুরু। ভাগ্যরেখা ঢেউখেলান হইলে এবং আয়ুরেখা সাতিশয় ক্ষুদ্র ক্ষুদ্র রেখাদ্বারা কর্ত্তিত হইলে, জাতক জীবনের শেষভাগে নানাবিধ ক্লেশ পাইয়া থাকে। [ চিত্র—৭, চিহ্ন—২।২ ; চিত্র—১৪, চিহ্ন ৬।৬।

## —( নিরাশ )

১৫১। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতককে জীবনে নিরাশ হইতে হয়?

গুরু। মধ্যমাঙ্গুলীর পর্ব্ব সকলে ঢেউখেলান রেখা ও শনির স্থানে একটী ক্রুশ-চিহ্ন থাকিলে জাতককে জীবনে নিরাশ হইতে হয়।

[ চিত্র- ১৫, চিহ্ন- ৫৬।

## —( শান্তি )

১৫২। শিষ্য। কি চিহ্ন শান্তিময় জীবনের সূচনা করে?

গুরু। ভাগ্যরেখা স্পষ্টরূপে উত্থিত হইয়া ও কোনরূপ প্রতিবন্ধক না পাইয়া, বৃহস্পতির ও শনির মধ্যস্থলে গিয়া সম্পূর্ণ হইলে জাতক সমস্ত জীবনে শান্তিভোগ করিতে সমর্থ হয়। [ চিত্র—১০, চিহ্ন—১-১।

## জীবনে—( স্ত্রীকর্ত্তৃত্ব )

১৫৩। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতককে জীবনে নারীকর্ত্তৃক পরিচালিত হইতে হয়?

গুরু। (১) হৃদয়রেখা হইতে একটী শাখা শিরোরেখার নিকটবর্ত্তী এবং হৃদয়রেখা শিরোরেখার সহিত অসংযুক্ত কিংবা (২) শুক্রস্থান হইতে একটী শাখা উত্থিত হইয়া, মঙ্গলের ক্ষেত্র অতিক্রম করিয়া, করচতুষ্কোণে গিয়া, তারকাচিহ্ন যুক্ত হইলে জাতক স্ত্রীদ্বারা পরিচালিত হইয়া থাকে; কিন্তু শুক্রস্থানে একটী তারকা-চিহ্ন থাকিলে পূর্ব্বকথিতানুরূপ নারীর সহিত বিবাদ হয় এবং ভাগ্যরেখা দুই ভাগে বিভক্ত হইয়া, একটী শাখা শুক্রের স্থানে এবং অপরটী মঙ্গলের স্থানে যাইলে উক্ত বিবাদ হইতে বিপৎ উপস্থিত হয়।

[ চিত্র—২৪, চিহ্ন—৯।১০।১১।১২; চিত্র—২০, চিহ্ন—১১।১২।

## জুয়াচোরী

১৫৪। শিষ্য। জুয়াচোরের হস্তে কি বিশিষ্ট চিহ্ন থাকে?

গুরু। একটী বক্ররেখা কনিষ্ঠার তৃতীয় পর্ব্ব হইতে উত্থিত হইয়া, দ্বিতীয় পর্ব্ব পর্য্যন্ত বিস্তৃত হইলে জাতক জুয়াচোর হইয়া থাকে।

[ চিত্র—২৫, চিহ্ন—৮।

## জ্ঞান।

১৫৫। শিষ্য। জ্ঞানী ব্যক্তির হস্তে জ্ঞানসূচক চিহ্ন কি প্রকার?

গুরু। একটী সরলরেখা কনিষ্ঠাঙ্গুলীর তৃতীয় পর্ব্ব হইতে উত্থিত হইয়া, বুধের স্থান পর্য্যন্ত আসিলে জাতক জ্ঞানী হইয়া থাকে।

[ চিত্র—২৬, চিহ্ন—২।

## ( ত )

### তার্কিকত্ব।

১৫৬। শিষ্য। হস্তে কিরূপ চিহ্ন থাকিলে জাতক তার্কিক হয়?

গুরু। (১) সমস্ত অঙ্গুলীর—বিশেষতঃ অনামিকার দ্বিতীয় পর্ব্ব দীর্ঘ হইলে; কিংবা (২) নখর সকলের দৈর্ঘ্য অপেক্ষা প্রসারের পরিমাণ অধিক হইলে জাতক তার্কিক হইয়া থাকে।

### তীক্ষ্ণদৃষ্টি।

১৫৭। শিষ্য। জাতকের হস্তে তীক্ষ্ণদৃষ্টির সূচক চিহ্ন কিরূপ?

গুরু। কনিষ্ঠার তৃতীয় পর্ব্ব হইতে দুই বা তিনটী সরলরেখা প্রথম পর্ব্ব পর্য্যন্ত বিস্তৃত ও অঙ্গুলী সকল সূচ্যগ্র এবং শিরোরেখার শেষভাগ শাখাবিশিষ্ট হইলে জাতক তীক্ষ্ণদৃষ্টি হইয়া থাকে।

### তীক্ষ্ণবুদ্ধি।

১৫৮। শিষ্য। কি চিহ্ন জাতকের তীক্ষ্ণবুদ্ধির সূচনা করিয়া দেয়?

গুরু। (১) বুধ ও রবির স্থান পরিপুষ্ট, আয়ুরেখার শেষাংশে একটী ক্রুশ-চিহ্ন অঙ্কিত, (২) করত্রিকোণের তৃতীয় কোণ প্রশস্ত ও পরিষ্কৃতরূপে অঙ্কিত এবং অঙ্গুলী সকলের দ্বিতীয় পর্ব্ব অন্যান্য পর্ব্বাপেক্ষা দীর্ঘতম ও পুষ্টতম, (৩) করত্রিকোণ প্রশস্ত, পরিষ্কৃত ও গোলাপী-বর্ণবিশিষ্ট, (৪) কনিষ্ঠার দ্বিতীয় ও তৃতীয় পর্ব্বে কতকগুলি সরলরেখা সুস্পষ্টভাবে অঙ্কিত কিংবা (৫) কনিষ্ঠা অপেক্ষাকৃত দীর্ঘ ও শিরোরেখার একটী শাখা বুধের স্থানগত হইলে জাতক তীক্ষ্ণবুদ্ধি হয়।

[ চিত্র—২০, চিহ্ন—৩; চিত্র—২১, চিহ্ন—৫; চিত্র—৪, চিহ্ন—১।

তীর্থমৃত্যুযোগ।

১৫৯। শিষ্য। কি চিহ্ন জাতকের তীর্থমৃত্যুর সূচনা করে?

গুরু। করচতুষ্কোণ অপ্রশস্ত এবং বৃহস্পতির ও চন্দ্রের স্থান উচ্চ হইলে জাতকের তীর্থস্থানে মৃত্যু ঘটিয়া থাকে।

—( ভঙ্গ )

১৬০। শিষ্য। জাতকের তীর্থমৃত্যুযোগভঙ্গের চিহ্ন কি প্রকার?

গুরু। করচতুষ্কোণ অপ্রশস্ত হইলেও যদি বৃহস্পতির ও চন্দ্রের স্থান নিম্ন হয়, তাহা হইলে জাতকের তীর্থমৃত্যুযোগভঙ্গ সূচিত হয়।

---

( দ )

দক্ষতা।

১৬১। শিষ্য। হস্তে কি চিহ্ন থাকিলে জাতক সর্ব্ব কর্ম্মে দক্ষ হইতে পারে?

গুরু। অঙ্গুলী সকল মিশ্র ও নমনীয় হইলে জাতক সর্ব্ব কর্ম্মে দক্ষতা দেখাইতে সমর্থ হয়।

দন্তরোগ।

১৬২। শিষ্য। কি চিহ্ন জাতকের দন্তরোগের সূচনা করে?

গুরু। ভাগ্যরেখা ও স্বাস্থ্যরেখা দীর্ঘ ও বক্র এবং অঙ্গুলীসমূহের দ্বিতীয় পর্ব্ব অন্যান্য পর্ব্বাপেক্ষা দীর্ঘ হইলে জাতক দন্তরোগে ভুগিয়া থাকে।

দয়া।

১৬৩। শিষ্য। কিরূপ চিহ্নে জাতক দয়ালুভাব হয়?

গুরু। (১) অনামিকার তৃতীয় পর্ব্ব হইতে একটী কিংবা দুইটী সরল রেখা দ্বিতীয় পর্ব্ব পর্য্যন্ত বিস্তৃত, করচতুষ্কোণ প্রশস্ত এবং করত্রিকোণ স্পষ্টভাবে অঙ্কিত থাকিলে কিংবা (২) রবির, চন্দ্রের ও শুক্রের স্থান পুষ্ট হইলে জাতক স্বভাবতই দয়ালু হইয়া থাকে। [ চিত্র—২২, চিহ্ন—১১।

## দাম্পত্যসুখ।

১৬৪। শিষ্য। কিরূপ চিহ্ন জাতকের দাম্পত্যসুখের বিধান করিয়া থাকে?

গুরু। বৃহস্পতির স্থান স্বাভাবিক পুষ্ট ও তাহার উপর একটী ক্রুশ-চিহ্ন অঙ্কিত থাকিলে জাতকের পত্নীর সহিত দাম্পত্য প্রেম অবিচলিত থাকে।

[ চিত্র—২৬, চিহ্ন—৭।

## —(বিহীনতা)

১৬৫। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক দাম্পত্যসুখবিহীন হয়?

গুরু। (১) শুক্রস্থান হইতে একটী রেখা আয়ুরেখা ও শিরোরেখা—উভয়রেখা কর্ত্তন করিয়া, হৃদয়রেখার সহিত মিলিত হইলে এবং উক্তরেখার প্রারম্ভে যবচিহ্ন থাকিলে, (২) উক্ত রেখার শেষভাগ শাখাবিশিষ্ট হইলে কিংবা (৩) বুধের স্থানে স্থিত বিবাহরেখা শাখাবিশিষ্ট বা যবচিহ্নযুক্ত হইলে জাতক দাম্পত্যসুখবিহীন হয়। [ চিত্র—২৬, চিহ্ন—৩|৪।

## দার্শনিকত্ব।

১৬৬। শিষ্য। দার্শনিকের হস্তে কি কি বিশিষ্ট চিহ্ন দেখিতে পাওয়া যায়?

গুরু। করতল মধ্যমাকৃতি, অঙ্গুলীসকল চতুষ্কোণ ও গ্রন্থিবিশিষ্ট এবং বৃদ্ধাঙ্গুলী দীর্ঘ ও অঙ্গুলীর পর্ব্ব সকল সমদীর্ঘ হইলে জাতক দার্শনিক হইয়া থাকে।

## দীর্ঘায়ুঃ।

১৬৭। শিষ্য। জাতকের দীর্ঘায়ুঃসূচক চিহ্ন কিরূপ?

গুরু। (১) মণিবন্ধের তিনটী রেখা পরিষ্কাররূপে অঙ্কিত ও স্বাস্থ্যরেখা আয়ুরেখার সহিত অস্পষ্ট বা পৃথক্, (২) করত্রিকোণ পরিষ্কাররূপে অঙ্কিত,

(৩) আয়ুরেখা গোলাপী বর্ণে প্রকাশিত ও শুক্রস্থান সম্পূর্ণরূপে বেষ্টন করিয়া অবস্থিত কিংবা (৪) করত্রিকোণের তৃতীয় কোণ দীর্ঘ ও সুস্পষ্টরূপে অঙ্কিত এবং স্বাস্থ্যরেখা বুধের স্থান পর্য্যন্ত বিস্তৃত হইলে জাতক দীর্ঘায়ুঃ হয়।

[ চিত্র—২৬, চিহ্ন—৫।৬।৮।

## দুরভিসন্ধিপ্রিয়তা।

১৬৮। শিষ্য। হস্তে কিরূপ চিহ্ন থাকিলে জাতক দুরভিসন্ধিপ্রিয় হয়?

গুরু। শনির স্থানে ত্রিকোণ-চিহ্ন ও মধ্যমার প্রথম পর্ব্বে তারকা-চিহ্ন অঙ্কিত থাকিলে জাতক মন্ত্র-তন্ত্র প্রয়োগ দ্বারা অন্যের অনিষ্টাদি করিবার জন্য দুরভিসন্ধিপ্রিয় হয়। [ চিত্র—২৭, চিহ্ন—১০।১১।

## দুর্ঘটনা—(আকস্মিক)

১৬৯। শিষ্য। কিরূপ চিহ্ন জাতকের আকস্মিক দুর্ঘটনার সূচনা করে?

গুরু। (১) হৃদয়রেখা শিরোরেখার সহিত শনির নিম্নস্থানে মিলিত হইলে কিংবা (২) মধ্যমার প্রথম পর্ব্বে তারকা-চিহ্ন থাকিলে জাতকের অকস্মাৎ দুর্ঘটনা সংঘটন অবশ্যম্ভাবী। [ চিত্র—১৭, চিহ্ন—১৫।১৬।

## —(বাণিজ্যে)

১৭০। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতকের বাণিজ্যে দুর্ঘটনা ঘটিয়া থাকে?

গুরু। ভাগ্যরেখা মণিবন্ধ হইতে উত্থিত হইয়া শিরোরেখার নিকটে সম্পূর্ণ হইলে জাতকের বাণিজ্যে দুর্ঘটনা ঘটিয়া থাকে।

[ চিত্র—২১, চিহ্ন—১০।

## দুর্ব্বলতা।

১৭১। শিষ্য। কি চিহ্নে জাতক দুর্ব্বল হয়?

গুরু। সঙ্কীর্ণনখবিশিষ্ট অঙ্গুলীসমূহের প্রথম পর্ব্বে ক্ষুদ্র ক্ষুদ্র রেখা থাকিলে জাতক দুর্ব্বল হইয়া থাকে। [ চিত্র—২১, চিহ্ন—১১।

## —(বংশানুক্রমিক)

১৭২। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক বংশানুক্রমিক দুর্ব্বলতার অনুভব করিতে থাকে?

গুরু। উভয় হস্তে আয়ুরেখার উপর ক্ষুদ্র ক্ষুদ্র যবচিহ্ন থাকিলে জাতক বংশানুক্রমে দুর্ব্বল হইয়া থাকে। [ চিত্র—২৭, চিহ্ন—৬।

## দৃঢ়প্রতিজ্ঞত্ব।

১৭৩। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক দৃঢ়প্রতিজ্ঞ হইতে পারে ?

গুরু। ( ১ ) তর্জ্জনীর তৃতীয় পর্ব্বে তারকা-চিহ্ন, করত্রিকোণ পুষ্ট ও করতল প্রশস্ত এবং বৃদ্ধাঙ্গুলীর প্রথম পর্ব্ব ক্ষুদ্র ও পুষ্ট ও তৎসঙ্গে শুক্রস্থান অত্যুচ্চ হইলে, ( ২ ) বৃহস্পতির ও রবির স্থান পুষ্ট এবং বৃদ্ধাঙ্গুলীর প্রথম পর্ব্ব দীর্ঘ ও বিস্তৃত অথবা ( ৩ ) হৃদয়রেখা বৃহস্পতির স্থানে শাখাবিশিষ্ট হইলে জাতক স্বভাবতঃ দৃঢ়-প্রতিজ্ঞ হয়। [ চিত্র—২৮, চিহ্ন—৪।৫।১।

## দেহাত্মবাদ।

১৭৪। শিষ্য। দেহাত্মবাদীর হস্তে কিরূপ বিশিষ্ট চিহ্ন দেখিতে পাওয়া যায় ?

গুরু। ( ১ ) তর্জ্জনীর তৃতীয় পর্ব্বে তারকা-চিহ্ন বা ( ২ ) করত্রিকোণ সাতিশয় মলিন, করতল দীর্ঘ ও প্রশস্ত, বৃদ্ধাঙ্গুলী ক্ষুদ্র ও শুক্রের স্থান সাতিশয় প্রশস্ত হইলে জাতক দেহাত্মবাদী হয়। [ চিত্র—২৮, চিহ্ন—৪।

## দোষদর্শিতা।

১৭৫। শিষ্য। হস্তে কি চিহ্ন থাকিলে জাতক দোষদর্শী হয় ?

গুরু। ( ১ ) চন্দ্রের স্থান সাতিশয় উচ্চ ও মঙ্গলের ক্ষেত্রে একটী বৃত্তচিহ্ন কিংবা ( ২ ) বৃদ্ধাঙ্গুলীর প্রথম পর্ব্বে দুইটী তারকা-চিহ্ন, বুধের ও চন্দ্রের স্থান উচ্চ এবং স্বাস্থ্যরেখা চন্দ্রস্থান পর্য্যন্ত বিস্তৃত হইলে জাতক দোষদর্শী হয়।

[ চিত্র—৮, চিহ্ন—২।১০ ; চিত্র—১৩, চিহ্ন—১৩।

## দৌর্ভাগ্য।

১৭৬। শিষ্য। কি চিহ্ন জাতককে দুর্ভাগ্য করিয়া থাকে ?

গুরু। আয়ুরেখার ও শিরোরেখার সহিত হৃদয়রেখার মিলন হইলে জাতকের দুর্ভাগ্য উপস্থিত হয়। [ চিত্র—২৮, চিহ্ন—১।

—( অপরিচিত লোকহেতুক )

১৭৭। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতকের অপরিচিত ব্যক্তি হইতে দৌর্ভাগ্য সংঘটিত হয় ?

গুরু। মঙ্গলের ক্ষেত্রে একটী ক্রুশ-চিহ্ন থাকিলে অপরিচিত ব্যক্তি হইতে জাতকের দৌর্ভাগ্যসংঘটন হইয়া থাকে। [ চিত্র—২৭, চিহ্ন—৯।

—( পীড়াজনিত )

১৭৮। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতকের পীড়াজনিত দুর্ভাগ্য উপস্থিত হয় ?

গুরু। আয়ুরেখা ও শিরোরেখার সহিত হৃদয়রেখার মিলন হইলে জাতকের পীড়াজনিত দুর্ভাগ্য উপস্থিত হইয়া থাকে। উক্ত চিহ্ন এক হস্তে থাকিলে জাতক উৎকট পীড়ায় ভুগিয়া থাকেন ; কিন্তু উভয় হস্তে থাকিলে জাতকের সেই পীড়ায় মৃত্যু ঘটিয়া থাকে। [ চিত্র—১৮, চিহ্ন—১।

—( বাল্যে )

১৭৯। শিষ্য। কি চিহ্ন থাকিলে বাল্যকালেই জাতককে দুর্ভাগ্য হইতে হয় ?

গুরু। কতকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র ক্রুশ-চিহ্ন আয়ুরেখা ও ভাগ্যরেখা—উভয়েরই প্রারম্ভে থাকিলে জাতককে বাল্যকালেই দুর্ভাগ্য হইতে হয়।

[ চিত্র—২৭, চিহ্ন—৭।

—( স্ত্রীলোক জন্য )

১৮০। শিষ্য। কি চিহ্ন জাতকের স্ত্রীলোক জন্য দৌর্ভাগ্য সংঘটন করাইয়া দেয় ?

গুরু। শুক্রস্থানে বা বৃদ্ধাঙ্গুলীর দ্বিতীয় পর্ব্বের নিম্নে একটী তারকা-চিহ্ন থাকিলে স্ত্রীলোকের জন্য জাতককে দুর্ভাগ্য হইতে হয়।

[ চিত্র—২৭, চিহ্ন—৮

দ্যূতপ্রিয়তা।

১৮১। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক দ্যূতক্রীড়ায় আসক্ত হয় ?

গুরু। শিরোরেখা দীর্ঘ, সূক্ষ্ম ও গড়ানে এবং মধ্যমা ও অনামিকা সমানাকৃতি হইলে ও উভয় হস্তে রবিরেখা সুস্পষ্টরূপে অঙ্কিত থাকিলে জাতক দ্যূতে রত হয়।

[ চিত্র—২৮, চিহ্ন—২।৩।১২ ; চিত্র—১, চিহ্ন—১৮।

## ( ধ )

### ধনপ্রাপ্তি—( উইলে )

১৮২। শিষ্য। হস্তে কি চিহ্ন থাকিলে জাতক মৃত ব্যক্তির উইল দ্বারা ধনলাভ করিতে সমর্থ হয়?

গুরু। (১) মধ্যমাঙ্গুলীর তৃতীয় পর্ব্বে কতকগুলি রেখা সরলভাবে উত্থিত, (২) মণিবন্ধের বলয়ত্রয়ের একটীর উপর একটী সূক্ষ্মকোণ চিহ্ন বা (৩) মণিবন্ধস্থ কোন একটী বলয়ের উপর একটী ক্রুশ চিহ্ন থাকিলে কিংবা ( ৪ ) শিরোরেখার অনুগরেখা তাহার অনুবর্ত্তী হইলে অথবা ( ৫ ) রবিস্থানে একটি রেখা গভীররূপে অঙ্কিত থাকিলে জাতক মৃত ব্যক্তির উইলদ্বারা ধনলাভ করিতে সমর্থ হয়।

[ চিত্র—২৮, চিহ্ন—৬।৭।৮।৯।১২।

### ধনলিপ্সা।

১৮৩। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতকের ধনলিপ্সা বলবতী হয়?

গুরু। ( ১ ) শিরোরেখা করতলের এক পার্শ্ব হইতে অপর পার্শ্ব পর্য্যন্ত বিস্তৃত হইলে, ( ২ ) অনামিকা চতুষ্কোণ ও শিরোরেখা ও হৃদয়রেখা অপেক্ষা সুস্পষ্টভাবে অঙ্কিত থাকিলে, ( ৩ ) মধ্যমার ও অনামিকার তৃতীয় পর্ব্ব অন্যান্য পর্ব্বাপেক্ষা দীর্ঘতম, চতুষ্কোণ ও অপ্রশস্ত হইলে কিংবা (৪) বৃদ্ধাঙ্গুলী করতলাভিমুখে বক্র ও রবির স্থান সাতিশয় উচ্চ হইলে জাতকের ধনলিপ্সা বলবতী হয়।

[ চিত্র—৩০, চিহ্ন—১।২।৩।৪।৫।৬।

—( অশেষ )

১৮৪। শিষ্য। হস্তে কি চিহ্ন থাকিলে জাতকের হৃদয়ে অসীম ধনলিপ্সা অনুক্ষণই জাগিতে থাকে ?

গুরু। ( ১ ) করতল হৃদয়রেখাশূন্য হইলে কিংবা ( ২ ) বুধের স্থান উচ্চ ও হৃদয়রেখা হইতে একটী শাখা উত্থিত হইয়া বুধের স্থানে উপনীত হইলে জাতকের ধনলিপ্সার কখনই শেষ হয় না।

[ চিত্র—২০, চিহ্ন—১ ; চিত্র—২৯, চিহ্ন—৫ ।

ধনবত্তা ।

১৮৫। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক ধনবান্ হইতে পারে ?

গুরু। ( ১ ) একটী সরলরেখা আয়ুরেখা হইতে উত্থিত হইয়া রবিস্থানে উপস্থিত, ( ২ ) রবিস্থানে বহু সরলরেখা তারকাচিহ্নের সহিত অঙ্কিত, ( ৩ ) শিরোরেখার অনুগরেখা তদনুবর্ত্তী, (৪) রবিরেখা উভয় হস্তে পরিষ্কৃত ও বৃদ্ধাঙ্গুলীর প্রথম পর্ব্বের পার্শ্বদেশে এড়োরেখা বিস্তৃত, ( ৫ ) একটী সরলরেখা মণিবন্ধ হইতে উত্থিত হইয়া, স্বাস্থ্যরেখা কর্ত্তন করিয়া রবির স্থানে উপনীত, ( ৬ ) তর্জ্জনীর তৃতীয় পর্ব্ব কতিপয় তির্য্যক্ ( টের্চ্চা ) রেখাযুক্ত ও উভয় হস্তে অনুগরেখা আয়ুরেখার অনুবর্ত্তীত, ( ৭ ) উভয় হস্তে রবিরেখা অপ্রশস্ত, গভীর ও সরল এবং অন্য কোন রেখাদ্বারা অকর্ত্তিত, ( ৮ ) শনি কিংবা বুধের স্থানে বহু সরলরেখা পরিষ্কৃতরূপে অঙ্কিত, করত্রিকোণমধ্যে তারকাচিহ্ন বিরাজিত, ( ৯ ) মণিবন্ধের প্রথম বলয়ের উপর একটী ত্রিকোণ কিংবা ক্রুশচিহ্ন অবস্থিত এবং একটী সরলরেখা শিরোরেখা হইতে উত্থিত হইয়া বৃহস্পতিস্থানগত কিংবা ( ১০ ) একটী অথবা কতকগুলি রেখা আয়ুরেখা হইতে উত্থিত হইয়া, শিরোরেখা ও হৃদয়রেখা কর্ত্তন করিয়া বৃহস্পতির অথবা রবির স্থান পর্য্যন্ত প্রসৃত হইলে জাতক ধনবান্ হইয়া থাকে ।

[ চিত্র—৫, চিহ্ন—৪ ; চিত্র—২৮, চিহ্ন—৮।৯।১০।১১।১২।১৩।১৪।১৫।১৬।১৭ ;
চিত্র—২৯, চিহ্ন—২।৩।৪ ।

## ধর্ম্মপরিবর্ত্তন।

১৮৬। শিষ্য। হস্তে কিরূপ চিহ্ন থাকিলে জাতক ধর্ম্মপরিবর্ত্তন করিতে বাধ্য হয় ?

গুরু। ভাগ্যরেখা হইতে কতকগুলি শাখা মণিবন্ধাভিমুখে আসিলে, রবিস্থান স্পষ্ট বা ক্রুশচিহ্ন থাকিলে জাতক স্বতই ধর্ম্মপরিবর্ত্তন করিতে বাধ্য হইয়া থাকে। [ চিত্র—২৯, চিহ্ন—৬।৭।৮।

—( স্ত্রীমন্ত্রণায় )

১৮৭। শিষ্য। কি চিহ্ন থাকিলে, জাতক স্ত্রীলোকের মন্ত্রণায় মুগ্ধ হইয়া ধর্ম্মপরিবর্ত্তন করিয়া থাকে ?

গুরু। ( ১ ) কতকগুলি রেখা অনামিকার তৃতীয় পর্ব্ব হইতে উত্থিত হইয়া প্রথম পর্ব্ব পর্য্যন্ত বিস্তৃত হইলে কিংবা ( ২ ) শুক্রবন্ধনী পরিষ্কৃতভাবে অঙ্কিত ও একটি রেখা দ্বারা রবিস্থানের নিম্নে কর্ত্তিত হইলে জাতক স্ত্রীলোকের মন্ত্রণায় ধর্ম্ম পরিবর্ত্তন করিয়া থাকে।

[ চিত্র—২৯, চিহ্ন—৯।১০।১১।

## ধর্ম্মভীরুতা।

১৮৮। শিষ্য। হস্তে কিরূপ চিহ্ন থাকিলে জাতক ধর্ম্মভীরু হয় ?

গুরু। বৃদ্ধাঙ্গুলীর প্রথম ও দ্বিতীয় পর্ব্ব সুপুষ্ট এবং বৃহস্পতিস্থান যথানুরূপ উচ্চ হইলে জাতক ধর্ম্মভীরু হইয়া থাকে।

## ধর্ম্মশাস্ত্রের সত্যানুসন্ধান।

১৮৯। শিষ্য। হস্তে কি চিহ্ন থাকিলে জাতক ধর্ম্মশাস্ত্রের সত্যানুসন্ধানে রত থাকে ?

গুরু। অঙ্গুলীসকল স্থূলাগ্র এবং বৃদ্ধাঙ্গুলী পুষ্ট হইলে জাতক ধর্ম্মশাস্ত্রের সত্যানুসন্ধায়ী হয়।

## ধর্ম্মানুরাগ।

১৯০। শিষ্য। কি চিহ্ন জাতকের ধর্ম্মানুরাগের সূচনা করে ?

গুরু। ( ১ ) বৃহস্পতির স্থান সাতিশয় পুষ্ট ও তর্জ্জনীর প্রথম পর্ব্ব অত্যন্ত

পর্ব্বাপেক্ষা দীর্ঘ কিংবা (২) করচতুষ্কোণের মধ্যে ক্রুশ-চিহ্ন অঙ্কিত হইয়া থাকিলে জাতকের ধর্ম্মানুরাগ প্রবল হইয়া থাকে।

[ চিত্র—২৯, চিহ্ন—১২।১৩।

## ধর্ম্মে অস্থিরমতিত্ব।

১৯১। শিষ্য। কি চিহ্নে জাতক ধর্ম্মে অস্থিরমতি হয়?

গুরু। (১) করতল বিস্তৃত ও কঠিন এবং মঙ্গলের ক্ষেত্রে কতকগুলি রেখা অঙ্কিত কিংবা (২) হস্তাঙ্গুলী করতল অপেক্ষা দীর্ঘতম এবং উভয় হস্তের তৃতীয়াঙ্গুলী স্থূলাগ্র হইলে জাতকের ধর্ম্মে মানসিকী অস্থিরতা জন্মাইয়া থাকে।

[ চিত্র—৩০, চিহ্ন—৭।

## ধর্ম্মে দৃঢ়প্রতিজ্ঞতা।

১৯২। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক ধর্ম্মে দৃঢ়প্রতিজ্ঞ হয়?

গুরু। বৃহস্পতির নিম্নস্থ মঙ্গলের স্থান উচ্চ ও বৃদ্ধাঙ্গুলী পরিপুষ্ট হইলে, জাতক ধর্ম্মের রক্ষাসম্বন্ধে দৃঢ়প্রতিজ্ঞ হইয়া থাকে।

## ধর্ম্মে ভক্তি।

১৯৩। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক সকল ধর্ম্মে ভক্তি প্রদর্শন করিতে সমর্থ হয়?

গুরু। বৃহস্পতি, শনি, রবি, বুধ, মঙ্গল, চন্দ্র ও শুক্র—এই সকল গ্রহের স্থান উচ্চ, তর্জ্জনী চতুষ্কোণ বিশিষ্ট ও করচতুষ্কোণ বিস্তৃত হইলে জাতক সকল ধর্ম্মের বিভিন্নভাবে উপেক্ষা না করিয়া সমজ্ঞানে নির্ব্বিবাদে ভক্তিসাম্য রাখিতে সমর্থ হয়।

[ চিত্র—২৯, চিহ্ন—১৬।

## ধর্ম্মে ভ্রান্তবিশ্বাস।

১৯৪। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতকের কুসংস্কারবশে ধর্ম্মে ভ্রান্ত-বিশ্বাস জন্মিয়া থাকে?

গুরু। (১) বৃহস্পতির স্থান সাতিশয় উচ্চ ও ক্রুশচিহ্ন সমন্বিত, (২) শনির নিম্নস্থ করচতুষ্কোণে ক্রুশ ও শনির স্থানে ত্রিকোণ-চিহ্ন অঙ্কিত, (৩) উভয় হস্তে মধ্যমা স্থূলাগ্র ও প্রথম পর্ব্ব পরিপুষ্ট অথবা (৪) করতল সাতিশয়

কঠিন কিংবা কোমল, চন্দ্রের স্থান পরিপুষ্ট, অঙ্গুলীসমূহ কৃশ (সরু) ও বৃদ্ধাঙ্গুলী ক্ষুদ্র হইলে জাতক কুসংস্কারবশে ভ্রান্তবিশ্বাসে ধর্ম্মসাধনে রত হয়।

[ চিত্র—২০, চিহ্ন—৭।৮।৯।

## ধর্ম্মোন্মাদ।

১৯৫। শিষ্য। হস্তে কি চিহ্ন থাকিলে জাতক ধর্ম্মোন্মত্ত হইয়া থাকে ?

গুরু। (১) শিরোরেখার আরম্ভস্থল হইতে একটি রেখা উত্থিত হইয়া, বৃহস্পতির স্থান বেষ্টন করিয়া, শনির স্থানে আসিয়া সম্পূর্ণ হইলে কিংবা (২) করতল কোমল ও বৃহস্পতির স্থান সাতিশয় উচ্চ হইলে জাতককে ধর্ম্মোন্মত্ত হইতে হয়। [ চিত্র—২৯, চিহ্ন—১৭।

## ধর্ম্মোপাসনায় আসক্তি।

১৯৬। শিষ্য। হস্তে কি চিহ্ন থাকিলে জাতক ধর্ম্মোপাসনায় আত্মোৎসর্গ করিতে রত হয় ?

গুরু। হৃদয়রেখা অনুগরেখার সহচরী এবং বৃদ্ধাঙ্গুলী বৃহৎ ও শুক্রস্থান উচ্চ হইলে জাতক ধর্ম্মের উপাসনাদি বিষয়ে স্বতই আত্মোৎসর্গ করিতে রত হয়। [ চিত্র—২৯, চিহ্ন—১৪।

## ধীশক্তি।

১৯৭। শিষ্য। কি চিহ্ন জাতকের ধীশক্তির সূচনা করে ?

গুরু। (১) রবির স্থান পরিপুষ্ট ও বুধের স্থান উচ্চ, (২) আয়ুরেখার শেষভাগ ক্রুশচিহ্নযুক্ত, (৩) করত্রিকোণের তৃতীয় কোণ প্রশস্ত ও সুস্পষ্ট, (৪) সকল অঙ্গুলীরই দ্বিতীয় পর্ব্ব পুষ্ট, (৫) করত্রিকোণ সুস্পষ্টভাবে অঙ্কিত রেখার দ্বারা পরিবদ্ধ, (৬) কনিষ্ঠার দ্বিতীয় ও তৃতীয় পর্ব্বে কতকগুলি সরল রেখা অঙ্কিত কিংবা (৭) কনিষ্ঠা অপেক্ষাকৃত দীর্ঘ ও শিরোরেখার একটি শাখা বুধস্থানগত হইলে জাতক বিশিষ্ট ধীশক্তিসম্পন্ন হইয়া থাকে।

[ চিত্র—৩০, চিহ্ন—৮।৯।১০।১১ ; চিত্র—৪, চিহ্ন—১।

## (অনুজ্জ্বল)

১৯৮। শিষ্য। কি চিহ্ন জাতকের ধীশক্তির অনুজ্জ্বলতার প্রকাশ করিয়া দেয় ?

গুরু। (১) মধ্যমার তৃতীয় পর্ব্ব হইতে একটি সরল রেখা প্রথম পর্ব্ব পর্য্যন্ত বিস্তৃত, (২) শিরোরেখা বিবর্ণ ও স্থূল কিংবা (৩) ভাগ্যরেখা শিরোরেখা হইতে উত্থিত, উহার সহিত বৃহস্পতির, রবির ও বুধের স্থান নিম্ন হইলে প্রায়ই জাতকের ধীশক্তির অনুজ্জ্বলতা প্রকাশ পাইয়া থাকে।

[ চিত্র—৩০, চিহ্ন—১৩ ; চিত্র—১২, চিহ্ন—১।

—( দুর্ব্বল )

১৯৯। শিষ্য। কি চিহ্ন জাতকের ধীশক্তির দৌর্ব্বল্যের সূচনা করে?

গুরু। (১) রবির, শুক্রের ও চন্দ্রের স্থান উভয় হস্তে নিম্ন, শিরোরেখা ক্ষুদ্র ও স্থূল এবং করতল সাতিশয় কঠিন কিংবা (২) করতল দীর্ঘ, অঙ্গুলীগুলি ক্ষুদ্র ও করচতুষ্কোণের মধ্যস্থল বহুরেখাযুক্ত হইলে জাতকের ধীশক্তি দুর্ব্বল হইয়া থাকে। [ চিত্র—৩০, চিহ্ন—১৪ ; চিত্র—২৯, চিহ্ন—১৮।

—(সপুরস্কার)

২০০। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক স্বীয় ধীশক্তির জন্য পুরস্কার পাইয়া থাকে?

গুরু। উভয় হস্তে রবিরেখা স্পষ্টরূপে অঙ্কিত থাকিলে জাতক তাহার অসাধারণ ধীশক্তির জন্য অর্থাৎ নব নব উন্মেষশালিনী প্রজ্ঞা বা প্রতিভার জন্য উপযুক্ত পুরস্কারলাভে সমর্থ হয়। [ চিত্র ৩০, চিহ্ন—১২।

ধৈর্য্য।

২০১। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক ধীরস্বভাবসম্পন্ন হয়?

গুরু। বুধের নিম্নস্থ মঙ্গলের স্থান সাতিশয় পুষ্ট হইলে জাতক ধীর হয় এবং তাহার স্বাভাবিক ধৈর্য্যের পরিচয় প্রায়ই পাওয়া গিয়া থাকে।

# ( ন )

## নাট্যাভিজ্ঞতা।

২০২। শিষ্য। নাট্যকারের হস্তে কি চিহ্ন থাকিলে তাহার স্বকর্ম্মের অভিজ্ঞতা সূচিত হয়?

গুরু। অনামিকা স্থূলাগ্র ও রবির স্থান উচ্চ হইলে, জাতক উত্তম নাট্যকার হইয়া স্বীয় অভিজ্ঞতা দেখাইতে পারে।

## নাস্তিকত্ব।

২০৩। শিষ্য। কিরূপ চিহ্ন জাতককে নাস্তিক করে?

গুরু। (১) উভয় হস্তে বৃহস্পতির স্থান নিম্ন ও অঙ্গুলী সকলের প্রথম পর্ব্ব অন্যান্য পর্ব্ব অপেক্ষা ক্ষুদ্র কিংবা (২) শনির নিম্নস্থ মঙ্গলের ক্ষেত্রে একটি ক্রুশচিহ্ন, অঙ্গুলীসকল দীর্ঘ ও দ্বিতীয় পর্ব্ব পুষ্ট হইলে জাতক নাস্তিক হইয়া থাকে। [ চিত্র—৩০, চিহ্ন—১৫।

## নিঃস্বার্থপরতা।

২০৪। শিষ্য। কি চিহ্ন জাতকের নিঃস্বার্থপরতার সূচনা করে?

গুরু। কনিষ্ঠাঙ্গুলী ক্ষুদ্র ও হৃদয়রেখা স্পষ্টরূপে অঙ্কিত ও শাখাবিশিষ্ট হইলে জাতক নিঃস্বার্থভাবে কর্ম্মানুষ্ঠানে রত হইতে পারে।

## নিদ্রালুতা।

২০৫। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক স্বভাবতঃ নিদ্রালু হয়?

গুরু। (১) করত্রিকোণ নিম্ন, অস্পষ্টভাবে অঙ্কিত ও চন্দ্রস্থান উন্নত কিংবা (২) মণিবন্ধে কেবল একটি বলয় সুস্পষ্ট অঙ্কিত হইয়া থাকিলে জাতক নিদ্রালু হয়।

## নিন্দনীয় মৃত্যু।

২০৬। শিষ্য। কি চিহ্ন জাতকের নিন্দনীয় মৃত্যুর সূচনা করে?

গুরু। (১) কনিষ্ঠার তৃতীয় পর্ব্বে দুইটি তারকা-চিহ্ন অঙ্কিত থাকিলে কিংবা (২) ভাগ্যরেখা রক্তবর্ণ এবং মধ্যমাঙ্গুলীর তৃতীয় পর্ব্ব পর্য্যন্ত বিস্তৃত হইলে জাতকের নিন্দনীয় মৃত্যু অবশ্যম্ভাবী। [ চিত্র—২, চিহ্ন—৩৮।

## নির্দ্দয়তা।

২০৭। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক স্বাভাবিক নির্দ্দয় হয় ?

গুরু। করত্রিকোণের দ্বিতীয় কোণ সাতিশয় প্রশস্ত, হৃদয়রেখা অস্পষ্ট, ও করচতুষ্কোণ সঙ্কীর্ণ হইলে জাতক স্বভাবতঃ নির্দ্দয় হইয়া থাকে।

## নির্ব্বোধত্ব।

২০৮। শিষ্য। নির্ব্বোধ ব্যক্তির হস্তে কি বিশিষ্ট চিহ্ন তাহার স্বভাবের সূচনা করে ?

গুরু। (১) শিরোরেখা প্রশস্ত এবং বিবর্ণ, করতল কঠিন ও রবির স্থান নিম্ন, (২) একটি গভীর সরলরেখা মধ্যমার তৃতীয় পর্ব্ব হইতে প্রথম পর্ব্ব পর্য্যন্ত বিস্তৃত কিংবা (৩) ভাগ্যরেখা শিরোরেখা হইতে উত্থিত হইয়া শনি-স্থানগত এবং বৃহস্পতির রবির ও বুধের স্থান নিম্ন হইলে জাতক নির্ব্বোধ হইয়া থাকে। [ চিত্র—৩০, চিহ্ন—১৩ ; চিত্র—১২, চিহ্ন—১।

## নির্ভৎর্সকত্ব।

২০৯। শিষ্য। কি চিহ্নে জাতককে নির্ভৎর্সক হইতে হয় ?

গুরু। চন্দ্রের স্থান নিম্ন ও শনির স্থান সাতিশয় উচ্চ হইলে জাতক অত্যন্ত ভৎর্সনাপ্রিয় হয় ; অর্থাৎ সর্ব্বদা ও সর্ব্বথা অন্যের দোষ ত্রুটী দেখিয়া তজ্জন্য ভৎর্সনা করিতে, খিট্ খিট্ করিয়া তাহার প্রতি যথেষ্ট তিরস্কার করিতে রত থাকে।

## নির্লজ্জতা।

২১০। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতককে নির্লজ্জ হইতে হয় ?

গুরু। শুক্র ও বুধের স্থান সাতিশয় উচ্চ হইলে জাতক লজ্জাহীন হইয়া থাকে।

## নিষ্ঠুরতা।

২১১। শিষ্য। হস্তে কিরূপ চিহ্ন থাকিলে জাতক নিষ্ঠুর হইয়া থাকে ?

গুরু। (১) করতল হৃদয়রেখাশূন্য এবং আয়ুরেখা ও শিরোরেখা লোহিত বর্ণের আর উক্ত দুই রেখার মধ্যে ব্যবধান অধিক হইলে, (২) করচতুষ্কোণ অপ্রশস্ত ও লোহিত বর্ণের রেখা দ্বারা নিবদ্ধ এবং হৃদয়রেখা ক্ষুদ্র ও মঙ্গলের স্থান সাতিশয় উচ্চ হইলে কিংবা (৩) হস্তস্থ নখরসমূহে শ্বেতবর্ণের দাগ থাকিলে জাতক নিষ্ঠুর হইয়া থাকে।

[ চিত্র—২০, চিহ্ন—১ ; চিত্র—৩১, চিহ্ন—২।৩।৪।

## নীচতা।

২১২। শিষ্য। হস্তে কি চিহ্ন থাকিলে জাতকের প্রবৃত্তি নীচভাবাপন্ন হয় ?

গুরু। (১) করচতুষ্কোণ অত্যন্ত অপ্রশস্ত কিংবা (২) বৃহস্পতির, রবির ও শুক্রের স্থান অত্যন্ত নিম্ন এবং হৃদয়রেখা অস্পষ্টভাবে অঙ্কিত হইলে জাতকের প্রবৃত্তি অত্যন্ত নীচভাবাপন্ন হয়।

## নীচপ্রকৃতিত্ব।

২১৩। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক নীচ প্রকৃতির হয়।

গুরু। শিরোরেখা ও হৃদয়রেখার মধ্যস্থিত স্থান অত্যন্ত সঙ্কীর্ণ ও বৃহস্পতির রবির ও শুক্রের স্থান সমতল ও হৃদয়রেখা মলিন হইলে জাতকের প্রকৃতি নীচভাবাপন্ন হইয়া থাকে।

## নৈপুণ্য।

২১৪। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক সর্ব্ব কর্ম্মে নিপুণ হইতে পারে ?

গুরু। (১) হস্ততল দীর্ঘ, অঙ্গুলীসকল গুণ্ডাকার এবং প্রথম পর্ব্ব সকল পুষ্ট, (২) হৃদয়রেখা ও শিরোরেখা সুস্পষ্টরূপে অঙ্কিত এবং আয়ুরেখার শেষভাগে একটি ত্রিকোণ-চিহ্ন অবস্থিত, (৩) করতল হৃদয়রেখাশূন্য এবং

বৃদ্ধাঙ্গুলীর দ্বিতীয় পর্ব্ব পুষ্ট কিংবা ( ৪ ) কনিষ্ঠাঙ্গুলী অপেক্ষাকৃত দীর্ঘ ও শুণ্ডাকৃতি হইলে জাতক সমস্ত কর্ম্মে নৈপুণ্য দেখাইতে সমর্থ হয়।

[ চিত্র—২৫, চিহ্ন—৯ ; চিত্র—২০, চিহ্ন- ১।

—( অভাব )

২১৫। শিষ্য। কি চিহ্নে জাতক নৈপুণ্যশূন্য হয় ?

গুরু। ( ১ ) আয়ুরেখা শিরোরেখার সহিত মিলিত না হইলে ও অঙ্গুলী-সকল স্থূলাগ্র ও করতল কোমল হইলে কিংবা ( ২ ) শিরোরেখা সরলভাবে অঙ্কিত, কনিষ্ঠা ক্ষুদ্র এবং গ্রন্থিসকল পুষ্ট হইলে জাতক কখনই কোন ব্যাপারেই নিপুণতা দেখাইতে পারে না। [ চিত্র—৩১, চিহ্ন—১ :

নৈয়ায়িকত্ব।

২১৬। শিষ্য। কি চিহ্নে জাতক নৈয়ায়িক হইতে সমর্থ হয় ?

গুরু। ( ১ ) চন্দ্রস্থানে ত্রিকোণ-চিহ্ন এবং বৃদ্ধাঙ্গুলীর দ্বিতীয় পর্ব্ব দীর্ঘ ও প্রশস্ত হইলে কিংবা ( ২ ) হস্ত কোমল ও অঙ্গুলীসমূহ চতুষ্কোণ হইলে জাতক ন্যায়শাস্ত্রে বিশিষ্ট অধিকার লাভ করিয়া নৈয়ায়িক হইতে সমর্থ হয়।

[ চিত্র—৩২, চিহ্ন—১।

নৈষ্ঠিকত্ব-ব্রহ্মচর্য্য—( কৌমার্য্য )

২১৭। শিষ্য। কি চিহ্ন থাকিলে স্ব স্ব পাত্রত্ব অনুসারে নৈষ্ঠিক ব্রহ্মচারী হইতে বা চিরকুমার থাকিয়া বিশুদ্ধভাবে জীবন অতিবাহিত করিতে সমর্থ হয় ?

গুরু। কনিষ্ঠাঙ্গুলীর প্রথমপর্ব্বে একটি ক্রুশ-চিহ্ন থাকিলে ও বৃহস্পতি, শনি, রবি, মঙ্গল, শুক্র—এই সকল গ্রহের স্থান উচ্চ—বিশেষতঃ বৃহস্পতির স্থান যথেষ্ট উন্নত হইলে, জাতক বিবাহ না করিয়া বিশুদ্ধভাবে নৈষ্ঠিক-ব্রহ্মচারী হইতে সমর্থ হয় অথবা স্বীয় পাত্রত্ব অনুসারে কৌমার্য্য রক্ষা করিতে পারে। [ চিত্র—৩২, চিহ্ন—৪।

নৌমজ্জনে মৃত্যু।

২১৮। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে নৌকাযোগে জলপথে যাইতে যাইতে নৌকাভঙ্গে জলমগ্ন ও মৃত্যুগ্রস্ত হইতে হয় ?

গুরু। (১) শিরোরেখার চন্দ্রাভিমুখী শাখার উপর তারকা-চিহ্ন বা একটি সূক্ষ্মকোণ-চিহ্ন অঙ্কিত কিংবা (২) কোন সরলরেখা মণিবন্ধ হইতে উত্থিত হইয়া চন্দ্রের স্থানগত এবং উহার উপর তারকা-চিহ্ন অঙ্কিত হইয়া থাকিলে, নৌকা ভগ্ন হওয়ায়, জাতককে জলমগ্ন হইয়া মৃত্যুমুখে পতিত হইতে হয়।

[ চিত্র—৩১, চিহ্ন—১।৩।৪।৬।৭।৮।

ন্যায়সঙ্গতবিচার।

২১৯। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক ন্যায়সঙ্গত বিচারে স্বীয় বিবেক-শক্তির পরিচয় দিতে পারে?

গুরু। (১) অঙ্গুলী সকল চতুষ্কোণ, ক্ষুদ্র ও গ্রন্থিযুক্ত, বিশেষতঃ দ্বিতীয় গ্রন্থি পুষ্ট; (২) করতল অঙ্গুলীর সহিত সমদীর্ঘ এবং সকল অঙ্গুলীরই দ্বিতীয় পর্ব্ব দীর্ঘ কিংবা (৩) চন্দ্রের স্থানে একটী ত্রিকোণ-চিহ্ন ও বৃদ্ধাঙ্গুলীর দ্বিতীয় পর্ব্ব পুষ্ট ও দীর্ঘ হইলে, জাতক ন্যায়সঙ্গত বিচারে স্বীয় বিবেকশক্তির পরিচয় দিতে সমর্থ হয়। [ চিত্র—৩২, চিহ্ন—১।

---

# ( প )

পক্ষাঘাত।

২২০। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক পক্ষাঘাত রোগাক্রান্ত হয়?

গুরু। উভয় হস্তে শনিস্থানে তারকা-চিহ্ন থাকিলে, জাতককে পক্ষাঘাত রোগে আক্রান্ত হইতে হয়। [ চিত্র—৩১, চিহ্ন—১১।

পক্ষাঘাতে মৃত্যু।

২২১। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতকের পক্ষাঘাত রোগে মৃত্যু ঘটিয়া থাকে?

গুরু। উভয় হস্তেই আয়ুরেখার শেষভাগে একটি তারকা-চিহ্ন ও ভাগ্যরেখার শেষভাগে অপর একটি তারকা-চিহ্ন থাকিলে, জাতকের পক্ষাঘাত-মৃত্যু ঘটিয়া থাকে। [ চিত্র—৩১, চিহ্ন—১১।১২।

## পদ্যরচনা।

২২২। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক পদ্যরচনা করিতে সমর্থ হয়?

গুরু। অঙ্গুলীসমূহ গ্রন্থিশূন্য, বৃদ্ধাঙ্গুলী ক্ষুদ্র এবং চন্দ্রস্থান পুষ্ট হইলে জাতকের পদ্যরচনার শক্তি আছে, বুঝিতে পারা যায়।

## পদ্যামোদিতা।

২২৩। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক পদ্যামোদী হয়?

গুরু। চন্দ্রস্থান উচ্চ, শিরোরেখা দীর্ঘ ও গড়ানে এবং অঙ্গুলীসমূহ শুণ্ডাকার হইলে জাতক পদ্যপাঠে সাতিশয় আমোদানুভব করিয়া থাকে।

[ চিত্র—৩২, চিহ্ন—২

## পরধর্ম্মে আসক্তি।

২২৪। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক পরধর্ম্মে আসক্তি প্রকাশ করিয়া থাকে?

গুরু। শনির নিম্নস্থ মঙ্গলের ক্ষেত্রে একটি ক্রুশ-চিহ্ন থাকিলে, জাতক পরধর্ম্মে আসক্তি প্রকাশ করিয়া থাকে। [ চিত্র—৩০, চিহ্ন—১৫।

## পরনিন্দা—( অসাক্ষাতে)

২২৫। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক অসাক্ষাতে পরনিন্দা করিয়া থাকে?

গুরু। রবিস্থানে অর্দ্ধচন্দ্রাকৃতি চিহ্ন থাকিলে, জাতক অসাক্ষাতে পরনিন্দা করিয়া থাকে। [ চিত্র—৩১, চিহ্ন—৯।

## পরিণামদর্শিতা।

২২৬। শিষ্য। পরিণামদর্শী ব্যক্তির হস্তে কিরূপ বিশিষ্ট চিহ্ন দেখিতে পাওয়া যায়?

গুরু। (১) মধ্যমা চতুষ্কোণ, বৃদ্ধাঙ্গুলী বৃহৎ এবং উহার দ্বিতীয় পর্ব্ব পুষ্ট; (২) শনির স্থান সুস্পষ্ট অথবা (৩) স্থূলাগ্র বা শুণ্ডাকৃতি অঙ্গুলীর গ্রন্থিগুলি

পুষ্ট হইলে এবং আয়ুরেখার ও শিরোরেখার সংযোগে একটি কোণ সুস্পষ্টরূপে অঙ্কিত হইলে জাতক পরিণামদর্শী হইয়া থাকে। [ চিত্র—২, চিহ্ন—৭।

## পারিপাট্যপ্রিয়তা।

২২৭। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক পরিপাটী ভালবাসে?

গুরু। অঙ্গুলীসমূহের প্রথম গ্রন্থিগুলি পুষ্ট ও প্রথম পর্ব্ব চতুষ্কোণ হইলে, জাতক পরিপাটী ভালবাসিয়া থাকে। [ চিত্র—১৯, চিহ্ন—১৩।১৪।

## পরিশ্রমপরায়ণত্ব।

২২৮। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক পরিশ্রম করিতে ইচ্ছুক হয়?

গুরু। (১) বুধের ও মঙ্গলের স্থান উচ্চ হইলে, (২) অঙ্গুলীসমূহ স্থূলাগ্র, হস্ততল কঠিন ও কনিষ্ঠার দ্বিতীয় পর্ব্ব অন্যান্য পর্ব্বাপেক্ষা দীর্ঘতম হইলে, জাতক পরিশ্রম করিতে ভালবাসে।

## পরিশ্রমিতা।

২২৯। শিষ্য। কি চিহ্নে জাতককে পরিশ্রমী বলিয়া জানা যায়?

গুরু। কনিষ্ঠার দ্বিতীয় পর্ব্ব অপেক্ষাকৃত দীর্ঘ, বৃহস্পতির ও মঙ্গলের স্থান উচ্চ হইলে, জাতক পরিশ্রমী হইয়া থাকে। ইহার সহিত মণিবন্ধস্থ বলয়ত্রয় শৃঙ্খলাকার; কিন্তু সরল ও অবিচ্ছিন্ন হইলে জাতকের পরিশ্রমানুরূপ অর্থলাভ হইয়া থাকে। ১০ পৃষ্ঠায় ৩৭ অনুবন্ধ। [ চিত্র ২৫, চিহ্ন—৭।

## পশুপালন-প্রবৃত্তি।

২৩০। কি চিহ্ন জাতকের পশুপালন-প্রবৃত্তির সূচনা করে?

গুরু। অঙ্গুলীর প্রথম পর্ব্ব অপর সকল পর্ব্বাপেক্ষা ক্ষুদ্র ও মধ্যমার অগ্রভাগ চতুষ্কোণ হইলে, জাতকের পশুপালনে প্রবৃত্তি জন্মিয়া থাকে।

## পাঠপ্রিয়তা।

২৩১। শিষ্য। হস্তে কি চিহ্ন থাকিলে জাতক পাঠপ্রিয় হয়?

গুরু। তর্জ্জনী দীর্ঘ ও শুণ্ডাকারবিশিষ্ট, শনির ও রবির স্থান উচ্চ এবং শিরোরেখা স্পষ্টরূপে অঙ্কিত থাকিলে, জাতক পাঠ করিতে ভালবাসে।

## পাণ্ডিত্য।

২৩২। কি চিহ্ন জাতকের পাণ্ডিত্যের সূচনা করে?

গুরু। (১) শনির ও রবির স্থান উচ্চ হইলে, (২) একটি সরলরেখা অনামিকার তৃতীয় পর্ব্ব হইতে উত্থিত হইয়া প্রথম পর্ব্ব পর্য্যন্ত বিস্তৃত থাকিলে অথবা (৩) একটি বা দুইটি সরলরেখা মধ্যমার তৃতীয় পর্ব্ব হইতে উত্থিত হইয়া, দ্বিতীয় পর্ব্ব পর্য্যন্ত যাইলে জাতক পণ্ডিত হইয়া থাকে।

[ চিত্র—২৯, চিহ্ন—১১।১৯।

## পারদর্শিতা।

২৩৩। শিষ্য। কি চিহ্ন জাতকের সমস্ত কর্ম্মের পারদর্শিতার সূচনা করে?

গুরু। (১) কনিষ্ঠাঙ্গুলী শুণ্ডাকার ও বহুরেখাযুক্ত, (২) শিরোরেখা শাখা-বিশিষ্ট এবং রবিরেখা সুস্পষ্ট অঙ্কিত হইলে, জাতক সমস্ত কর্ম্মে পারদর্শিতা দেখাইয়া থাকে। [ চিত্র—১৯, চিহ্ন ১১।১২; চিত্র—১৬, চিহ্ন—১২।

## পার্শ্বশূল।

২৩৪। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতকের প্লুরিসি বা পার্শ্বশূল রোগ হইয়া থাকে?

গুরু। একটী ঊর্দ্ধমুখী রেখা আয়ুরেখা হইতে উত্থিত হইয়া, বৃহস্পতিস্থানে গিয়া, একটি যব-চিহ্নযুক্ত হইলে জাতকের পার্শ্বশূলরোগ জন্মিয়া থাকে।

[ চিত্র—৩২, চিহ্ন—৩।

## পিত্তাধিক্যরোগ।

২৩৫। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতকের পিত্তাধিক্যজনিতরোগ অবশ্যম্ভাবী?

গুরু। স্বাস্থ্যরেখা শৃঙ্খলবৎ হইলে জাতকের পিত্তাধিক্যরোগ জন্মাইয়া থাকে। [ চিত্র—৩৩, চিহ্ন—১০।

## পীড়া।

২৩৬। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক সাতিশয় পীড়ায় ভুগিয়া থাকে?

গুরু। (১) আয়ুরেখা কতিপয় ক্ষুদ্র ক্ষুদ্র রেখাদ্বারা কর্ত্তিত বা ক্ষুদ্র ক্ষুদ্র যব-চিহ্নযুক্ত কিংবা (২) স্বাস্থ্যরেখা কয়েকটী ক্ষুদ্র ক্ষুদ্র রেখাদ্বারা কর্ত্তিত বা যব-চিহ্নযুক্ত হইলে, জাতককে মধ্যে মধ্যে পীড়ায় সাতিশয় কষ্ট পাইতে হয়।

[ চিত্র—৩৪, চিহ্ন- ১।২।৩ ৪।

## পেটুকতা।

২৩৭। শিষ্য। পেটুক ব্যক্তির হস্তে কিরূপ বিশিষ্ট চিহ্ন দেখিতে পাওয়া যায়?

গুরু। বুধের ও রবির স্থান উচ্চ, চন্দ্রের স্থান সমতল ও অঙ্গুলী সকলের তৃতীয় পর্ব্ব দীর্ঘ ও পুষ্ট হইলে জাতক পেটুক হইয়া থাকে।

## পৈতৃকধনলাভ।

২৩৮। শিষ্য। উত্তরাধিকার সূত্রে পৈতৃক ধনলাভ করিবার চিহ্ন কিরূপ?

গুরু। (১) মণিবন্ধের উপর একটি কোণাকৃতি চিহ্ন, ক্রুশ-চিহ্ন কিংবা তারকাচিহ্ন চিত্রিত, (২) মধ্যমার তৃতীয় পর্ব্বে কতকগুলি এড়ো রেখা অঙ্কিত অথবা (৩) শিরোরেখার অনুগরেখা তাহার অনুবর্ত্তী হইলে জাতক উত্তরাধিকার সূত্রে ধনলাভ করিতে সমর্থ হয়।

[ চিত্র--২৭, চিহ্ন—১২।১৩ ; চিত্র- ২৮, চিহ্ন—৭।৮।৯।

## পৌরোহিত্য।

২৩৯। শিষ্য। কি চিহ্ন জাতককে পুরোহিত করিয়া থাকে?

গুরু। তর্জ্জনীর ও মধ্যমার প্রথম ও দ্বিতীয় পর্ব্ব পুষ্ট ও গ্রন্থিযুক্ত এবং চন্দ্রের ও বৃহস্পতির স্থান যথেষ্ট উচ্চ হইলে জাতককে পৌরোহিত্য করিতে বাধ্য হইতে হয়।

## প্রকৃতিপ্রিয়তা।

২৪০। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক প্রকৃতির শোভা দেখিতে ভালবাসে?

গুরু। অঙ্গুলীসমূহ শুণ্ডাকৃতি, স্থূলাগ্র কিংবা চতুষ্কোণ হইলে, জাতক প্রকৃতির শোভা দেখিতে ভালবাসিয়া থাকে।

## প্রগল্‌ভতা।

২৪১। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক প্রগল্‌ভ হইয়া থাকে?

গুরু। (১) করত্রিকোণ দীর্ঘ, প্রশস্ত ও মঙ্গলের স্থান উচ্চ কিংবা (২) বুধের স্থান উচ্চ ও অঙ্গুলী সকল গ্রন্থিশূন্য ও চতুষ্কোণ বা স্থূলাগ্র হইলে জাতক প্রগল্‌ভ হয়; অর্থাৎ উদ্ধতভাবে অনধিকারচর্চ্চা করিতে গিয়া আপনার নির্লজ্জতার পরিচয় দেয়।

## প্রণয়ভঙ্গ।

২৪২। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতকের প্রণয়ভঙ্গ হইয়া থাকে?

গুরু। (১) শনির স্থানের নিম্নস্থ হৃদয়রেখা ভগ্ন হইলে, কোন অভাবনীয় দুর্ঘটনা জন্য, (২) উক্ত ভগ্ন-চিহ্ন রবির স্থানের নিম্নস্থ হইলে, অহঙ্কারহেতুক অথবা (৩) কথিতরূপ ভগ্ন-চিহ্ন বুধের নিম্নস্থ হইলে, অর্থ লালসা জন্য জাতকের প্রণয়ভঙ্গ হইয়া থাকে এবং উক্ত চিহ্ন প্রণয়ীদিগের মধ্যে যাহার হস্তে থাকে, সে-ই প্রণয়ভঙ্গের কারণ হয়। [চিত্র—৩৩, চিহ্ন—১১।১২।১৩।

## প্রতারণা।

২৪৩। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতককে প্রতারক হইতে হয়?

গুরু। কনিষ্ঠাঙ্গুলীর তৃতীয় পর্ব্বে জাল-চিহ্ন কিংবা ক্রুশ-চিহ্ন থাকিলে, জাতককে প্রতারক হইতে হয়। [চিত্র—৩৩, চিহ্ন—১৪।১৫।

## প্রতিভা।

২৪৪। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক প্রতিভার উপযুক্ত ফল পাইতে পারে না?

গুরু। রবির স্থানে দুইটি ঢেউখেলান রেখা ও রবিরেখা প্রবলরূপে অঙ্কিত হইলে জাতকের প্রতিভার উপযুক্ত ফল ফলে না, এমন কি কার্য্যকালে প্রতিভা নষ্ট হইয়া যায়। [চিত্র—৩২, চিহ্ন—৮।৯

## প্রতিহিংসাপরায়ণতা।

২৪৫। শিষ্য। কি চিহ্ন জাতকের প্রতিহিংসাপরায়ণতার সূচনা করে?

গুরু। করচতুষ্কোণ অপ্রশস্ত, শিরোরেখা দীর্ঘ ও হৃদয়রেখা অস্পষ্ট

ভাবে অঙ্কিত এবং মঙ্গলের ও বৃহস্পতির স্থান সাতিশয় উচ্চ হইলে জাতক প্রতিহিংসাপরায়ণ হয়।

## প্রত্যাদেশ।

২৪৬। শিষ্য। প্রত্যাদেশপ্রাপ্তির চিহ্ন কি ?

গুরু। চন্দ্রের স্থান উচ্চ, বহুরেখাযুক্ত ও একটি সরল রেখা অর্দ্ধচন্দ্রাকৃতি হইয়া, বুধের স্থানে উপনীত হইলে জাতক প্রত্যাদেশ পাইয়া থাকে।

[ চিত্র ৩২, চিহ্ন—৬।৭।

## প্রত্যুৎপন্নমতিত্ব।

২৪৭। শিষ্য। কি চিহ্নে জাতকের প্রত্যুৎপন্নমতিত্ব সূচিত হয় ?

গুরু। বৃহস্পতির নিম্নস্থ মঙ্গলের স্থান সাতিশয় পুষ্ট ও শিরোরেখা পরিষ্কৃত-রূপে অঙ্কিত হইয়া, মঙ্গলের স্থানে সম্পূর্ণ হইলে, জাতক উপস্থিতবুদ্ধি দ্বারা কার্য্য সম্পন্ন করিয়া প্রত্যুৎপন্নমতিত্বের পরিচয় দিতে সমর্থ হয়।

[ চিত্র—২৩, চিহ্ন—৮-৮।

## প্রভুভক্তি।

২৪৮। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক প্রভুভক্ত হয় ?

গুরু। অঙ্গুলীসমূহ চতুষ্কোণ ও গ্রন্থিশূন্য হইলে, জাতক প্রভুভক্ত হইয়া থাকে।

## প্রলাপ—( বিকারে )

২৪৯। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক বিকারগ্রস্ত হইয়া প্রলাপ বকিয়া থাকে ?

গুরু। একটি সরলরেখা আয়ুরেখা হইতে নিঃসৃত হইয়া, চন্দ্রস্থানে তারকা-চিহ্নযুক্ত ও শিরোরেখার উপর একটি কাল তিল-চিহ্ন বা ক্ষুদ্র ক্ষুদ্র যব-চিহ্ন কিংবা কৃষ্ণবর্ণ বিন্দু-চিহ্ন অঙ্কিত হইলে, জাতক বিকারগ্রস্ত হইয়া প্রলাপ বকিতে থাকে। [ চিত্র—৯, চিহ্ন—২০।২১।

## প্রবঞ্চকতা।

২৫০। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক প্রবঞ্চক হইয়া থাকে ?

গুরু। ( ১ ) করচতুষ্কোণ অপ্রশস্ত ও কনিষ্ঠাঙ্গুলীর তৃতীয় পর্ব্ব অপেক্ষাকৃত দীর্ঘ, ( ২ ) শিরোরেখার শেষভাগ শাখাবিশিষ্ট হইয়া, চন্দ্রস্থানাভিমুখীন বা চন্দ্রস্থান-প্রবেশোন্মুখ, ( ৩ ) অঙ্গুলীসমূহের তৃতীয় পর্ব্ব ক্ষীণ, ( ৪ ) বুধের স্থান সাতিশয় পরিপুষ্ট ও কনিষ্ঠা সূচ্যগ্র অথবা ( ৫ ) বুধের স্থানে ক্রুশ ( ঢেরা ) চিহ্ন অঙ্কিত হইয়া থাকিলে জাতক প্রবঞ্চক হয়।

[ চিত্র—২৩, চিহ্ন—১।২।৩ ; চিত্র—৩৩, চিহ্ন—১৭।

## প্রসূত।

২৫১। শিষ্য। কিরূপ চিহ্ন দেখিয়া জাতকের প্রসূত-( পুত্র বা কন্যা ) সংখ্যানির্ণয় করিতে পারা যায় ?

গুরু। কনিষ্ঠাঙ্গুলীর নিম্ন স্থান হইতে যতগুলি ক্ষুদ্র ক্ষুদ্র রেখা অধোগামী হইয়া বিবাহ রেখা স্পর্শ করে, জাতকের ততগুলি সন্তান জন্মায় ; তন্মধ্যে পুষ্ট রেখাগুলি হইতে পুত্রের ও ক্ষীণ রেখাগুলি হইতে কন্যার জন্মসংখ্যা বুঝা যায় ; এবং উক্তরেখা ভগ্ন হইলে, পুত্র কন্যার মৃত্যু বুঝায়।

[ চিত্র— ৩৪, চিহ্ন— ৫।৬।

## প্রেম—( অপাত্রে )

২৫২। শিষ্য। অপাত্রে প্রেমার্পণজনিত অর্থকষ্টের চিহ্ন কি ?

গুরু। ( ১ ) ভাগ্যরেখা হইতে কতকগুলি সরলরেখা অধোমুখী হইয়া মণিবন্ধে মিলিত হইলে, ( ২ ) শুক্রস্থানে একটি তারকা-চিহ্ন থাকিলে, ( ৩ ) শিরোরেখা হৃদয়রেখার নিকটবর্ত্তী হইয়া আয়ুরেখার সহিত মিলিত হইলে কিংবা ( ৪ ) ভাগ্যরেখা চন্দ্রস্থান হইতে উত্থিত হইয়া, হৃদয়রেখার নিকট উপনীত হইয়া সম্পূর্ণ হইলে, জাতক অপাত্রে প্রেমার্পণ করিয়া অর্থকষ্ট পাইয়া থাকে। [ চিত্র—২৯, চিহ্ন—৮ , চিত্র—৩৬, চিহ্ন—৩,

[ চিত্র—২৩, চিহ্ন—১।৮।১১ ; চিত্র—৩৮, চিহ্ন —২।

## —( অবৈধ )

২৫৩। শিষ্য। অবৈধপ্রেমের সূচক চিহ্ন কি ?

গুরু। ( ১ ) একটি যব-চিহ্ন শুক্রের স্থানের উপরিভাগ হইতে বৃহস্পতির স্থান পর্য্যন্ত বিস্তৃত কিংবা ( ২ ) হৃদয়রেখার উপর যব-চিহ্ন অবস্থিত হইলে জাতক অবৈধপ্রেমে রত হয়। [ চিত্র—৩৮, চিহ্ন—১৩।

—( আত্মীয়সহ )

২৫৪। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে, জাতক নিকট-আত্মীয়ের প্রেমে আত্মোৎসর্গ করিতে রত হয় ?

গুরু। বুধের স্থানে যে বিবাহ-রেখা থাকে, তাহাতে যব-চিহ্ন থাকিলে, জাতক নিকট-আত্মীয়ে প্রেমার্পণ করিতে প্রবৃত্ত হয়।

[ চিত্র—১৩, চিহ্ন—৭।

—( একনিষ্ঠ )

২৫৫। শিষ্য। এক ভিন্ন দ্বিতীয়ে ভালবাসিতে সামর্থ্যহীনতার চিহ্ন কি ?

গুরু। (১) হৃদয়রেখা স্পষ্টরূপে অঙ্কিত হইয়া বৃহস্পতির স্থানে যাইলে, এবং শুক্রস্থান উচ্চ ও উহার উপরে ক্রুশ-চিহ্ন থাকিলে কিংবা (২) ভাগ্যরেখা মণিবন্ধ হইতে উত্থিত, শনির নিম্নে হৃদয়রেখার সহিত মিলিত ও ঐ মিলিত স্থান হইতে একটী শাখা উত্থিত ও বৃহস্পতির স্থানে উপনীত হইলে জাতক এক-বই-দ্বিতীয়ে ভালবাসিতে অসমর্থ হয়।

[ চিত্র—৩৫, চিহ্ন—১২।১৩ ; চিত্র—৩২, চিহ্ন—১৪।

—( কাল্পনিক )

২৫৬। শিষ্য। কাল্পনিক প্রেমের সূচক চিহ্ন কিরূপ ?

গুরু। হৃদয়রেখা পরিস্ফুট ও বুধের স্থান হইতে উত্থিত হইয়া বৃহস্পতি স্থান ভেদ করিলে, জাতক কাল্পনিক প্রেমের পরিচয় দিয়া থাকে।

[ চিত্র—৩৬, চিহ্ন—১৪।

—( দৃঢ় )

২৫৭। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতকের প্রেমসূত্র দৃঢ় হয় ?

গুরু। করপার্শ্বে হৃদয়রেখা ও কনিষ্ঠার মধ্যে একটি ঋজুরেখা থাকিলে, জাতকের প্রেমসূত্রের দৃঢ়তা প্রকাশ পাইয়া থাকে। [ চিত্র—৩৭, চিহ্ন—৩।

—( নিষ্ফল )

২৫৮। শিষ্য। কি চিহ্ন জাতকের নিষ্ফল প্রেমের সূচনা করে ?

গুরু। ভাগ্যরেখায় ও হৃদয়রেখায় যব-চিহ্ন থাকিলে, জাতকের প্রেমার্পণ সম্বন্ধে কার্য্যতঃ কোনরূপ ফলই ফলিতে পারে না; কেবল ইন্দ্রিয়সুখেরই চরিতার্থতা লাভ হইয়া থাকে। [ চিত্র - ৩৭, চিহ্ন — ৪।৫।

## —( পরস্ত্রীতে )

২৫৯। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে, জাতক পরস্ত্রীতে প্রেমার্পণ করিয়া থাকে?

গুরু। উভয় হস্তে ভাগ্যরেখার উপর যব-চিহ্ন থাকিলে জাতক পরস্ত্রীর প্রেমে বদ্ধ হয়। [ চিত্র—৩৭, চিহ্ন—৪।

## —( পশ্বাচারহেতুক )

২৬০। শিষ্য। কি চিহ্ন থাকিলে, জাতক পাশববৃত্তি চরিতার্থ করিবার জন্য প্রেমের পরিচয় দিয়া থাকে?

গুরু। হৃদয়রেখা বুধের স্থান হইতে উত্থিত হইয়া শনির স্থানে উপনীত ও শুক্রস্থান সাতিশয় উচ্চ এবং তদুপরি জাল-চিহ্ন অঙ্কিত হইয়া থাকিলে, জাতক পশুপ্রবৃত্তির বশে প্রেমের পরিচয় দিতে প্রস্তুত হইয়া থাকে।

[ চিত্র—২৭, চিহ্ন—১৪ ; চিত্র—১২, চিহ্ন—৬।

## প্রেমান্ধত্ব।

২৬১। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে, জাতক অন্ধ-ভালবাসায় আকৃষ্ট হয়?

গুরু। শিরোরেখার শেষাংশ শাখাবিশিষ্ট ও তাহার একটী শাখা বুধের স্থানের শেষভাগে আসিয়া হৃদয়রেখার সহিত মিলিত হইলে জাতক অন্ধ-ভালবাসায় আকৃষ্ট হয়; এবং আর একটী শাখা চন্দ্রস্থান স্পর্শ করিলে, জাতক অন্ধ ভালবাসায় আকৃষ্ট হইয়া ফলে হতবুদ্ধি হইয়া যায়।

[ চিত্র—৪, চিহ্ন ১.২।

## —( আত্ম-সমর্পণ )

২৬২। শিষ্য। প্রেমপরিচয়ের নিমিত্ত যাঁহারা অন্ধ-বিশ্বাসে আত্ম-সমর্পণ করেন, তাঁহাদিগের হস্তে কিরূপ চিহ্ন উক্ত ঘটনার প্রকাশ করে?

গুরু। হৃদয়রেখা রক্তবর্ণ ও করতলের এক পার্শ্ব হইতে অপর পার্শ্ব পর্য্যন্ত বিস্তৃত থাকিলে, জাতক প্রেমে আত্মোৎসর্গ করিতে প্রস্তুত—এইরূপ ভাবের পরিচয় দিয়া থাকে। [ চিত্র—১৮, চিহ্ন—৩।

## প্রেমিকত্ব।

২৬৩। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক প্রেমী হইয়া থাকে?

গুরু। (১) অঙ্গুলীসমূহ সূচ্যগ্র ও গ্রন্থিবিহীন, (২) বৃদ্ধাঙ্গুলীর তৃতীয় পর্ব্ব বা শুক্রস্থান পুষ্ট, বৃহস্পতির স্থান উচ্চ কিংবা শুক্রস্থানে অনেকগুলি ঊর্দ্ধরেখা অঙ্কিত হইয়া থাকিলে, এই সকল চিহ্ন সত্ত্বেও জাতকের হৃদয়রেখা দীর্ঘ ও বিস্তৃত থাকিলে, জাতক যথার্থ প্রেমী হইয়া থাকে।

[ চিত্র—৩২, চিহ্ন—১০।১১।

## প্রেম—( অপ্রতিদান )

২৬৪। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক প্রেমের প্রতিদান পাইতে পারে না?

গুরু। ক্ষুদ্র ক্ষুদ্র লোহিত বর্ণের রেখা হৃদয়রেখা কর্ত্তন করিলে, জাতকের প্রেমের প্রতিদান পাওয়া একান্ত অসম্ভব হইয়া উঠে।

[ চিত্র—৩৪, চিহ্ন—৭।

## —( অবিবাহ )

২৬৫। শিষ্য। প্রেমসত্ত্বে বিবাহ না হইবার চিহ্ন কি?

গুরু। ক্ষুদ্র ক্ষুদ্র সরলরেখা ভাগ্যরেখা হইতে উত্থিত হইয়া, হৃদয়রেখা স্পর্শ করিলে জাতকের প্রেমসত্ত্বেও বিবাহ হয় না।

[ চিত্র—৩৭, চিহ্ন—৮।

## —( আগ্রহ )

২৬৬। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক প্রেমে আগ্রহ প্রদর্শন করিয়া থাকে?

গুরু। (১) স্বাস্থ্যরেখার অনুগরেখা অনুগমন করিলে কিংবা (২) হৃদয়রেখা গোলাপী বর্ণবিশিষ্ট ও দীর্ঘ এবং মঙ্গলের স্থান উচ্চ হইলে জাতক প্রেমে আগ্রহ দেখাইয়া থাকে। [ চিত্র—৩৮, চিহ্ন—৪।৫।

—( জয়লাভ )

২৬৭। শিষ্য। প্রেমে জয়লাভের সূচক চিহ্ন কি?

গুরু। হৃদয়রেখা পরিষ্কৃতরূপে অঙ্কিত ও উহার উপর শ্বেতবর্ণের বিন্দুচিহ্ন থাকিলে, জাতক প্রেমে জয়লাভ করিয়া থাকে।

—( প্রতিদান )

২৬৮। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে, জাতক প্রেমের প্রতিদান পাইয়া সুখী হয়?

গুরু। (১) শুক্রস্থান হইতে একটী সরলরেখা উত্থিত হইয়া, বুধের স্থানে যাইলে কিংবা (২) হৃদয়রেখার শেষভাগ শাখাবিশিষ্ট ও তাহার একটী শাখ বৃহস্পতির স্থানে উপনীত হইলে, জাতক প্রেমের প্রতিদান পাইয়া সুখী হয়।

[ চিত্র—৩৫, চিহ্ন—১১।১২।

—( প্রতিবন্ধক )

২৬৯। শিষ্য। কিরূপ চিহ্ন প্রেমে প্রতিবন্ধক ঘটায়?

গুরু। হৃদয়রেখা ক্ষুদ্র ক্ষুদ্র রেখাদ্বারা কর্ত্তিত হইলে, জাতকের প্রেমে প্রতিবন্ধক ঘটিয়া থাকে। [ চিত্র—৩৫, চিহ্ন—৭।

—( বদ্ধতা )

২৭০। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক প্রেমে বদ্ধ হয়?

গুরু। ( ১ ) বৃহস্পতির ও শুক্রের স্থানের উপর ক্রুশ-চিহ্ন থাকিলে, (২) অনেকগুলি সরলরেখা শুক্রস্থান হইতে উত্থিত হইয়া আয়ুরেখা শিরোরেখা ও হৃদয়রেখা—এই রেখাত্রয় কর্ত্তন করিলে কিংবা ( ৩ ) আয়ুরেখার নিম্নে তিনটী তারকা-চিহ্ন থাকিলে জাতক প্রেমে বদ্ধ হইয়া থাকে।

[ চিত্র—৩৭, চিহ্ন—৬।৭; চিত্র—৩৮, চিহ্ন—৭।৮।

—( ভাণ )

২৭১। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক প্রেমের ভাণ করিয়া থাকে?

গুরু। শুক্রস্থান সাতিশয় উচ্চ এবং হৃদয়রেখা শৃঙ্খলাকৃতি হইলে জাতক বা জাতিকা অলীক প্রেমে দৃঢ়তার ভাণ করিয়া থাকে।

[ চিত্র—৩০, চিহ্ন—২।

—( যন্ত্রণাভোগ )

২৭২। শিষ্য। কি চিহ্ন জাতকের প্রেমে যন্ত্রণাভোগের সূচনা করে?

গুরু। (১) ভাগ্যরেখা শৃঙ্খলাকৃতি হইয়া, হৃদয়রেখার নিম্নে আসিয়া সম্পূর্ণ হইলে, (২) করতলে বা মঙ্গলের ক্ষেত্রে একটী তারকাচিহ্ন থাকিলে, কিংবা (৩) হৃদয়রেখা ক্ষুদ্র ক্ষুদ্র রেখা দ্বারা কর্ত্তিত হইলে জাতক প্রেমের জন্য যন্ত্রণাভোগ করিতে বাধ্য হয়।

[ চিত্র—৩৪, চিহ্ন—৭; চিত্র—৬৯, চিহ্ন—১।২।

—( বিচ্ছেদ )

২৭৩। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতকের প্রেমে বিচ্ছেদ ঘটে?

গুরু। (১) হৃদয়রেখা শনির স্থানে ভগ্ন হইলে, দুর্ভাগ্যবশতঃ (২) উক্ত রেখা রবির স্থানে ভগ্ন হইলে, অহঙ্কারবশতঃ ও (৩) বুধের স্থানে ভগ্ন হইলে, অর্থলালসার নিমিত্ত জাতকের প্রেমে বিচ্ছেদ ঘটিয়া থাকে।

[ চিত্র—৩৩, চিহ্ন—১১।১২।১৩।

—( বিজ্ঞতা )

২৭৪। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক প্রেমে বিজ্ঞতালাভ করিতে সমর্থ হয়?

গুরু। শুক্রস্থানে একটা ত্রিকোণ-চিহ্ন অঙ্কিত ও বৃদ্ধাঙ্গুলীর দ্বিতীয় পর্ব্ব পুষ্ট হইলে জাতক প্রেম সম্বন্ধে বিজ্ঞতালাভ করিয়া থাকে।

[ চিত্র—৩৮, চিহ্ন—৬।

—( ব্যবসায় )

২৭৫। শিষ্য। কি চিহ্ন হইলে জাতক প্রেমব্যবসায়ী হয়?

গুরু। একটী সরলরেখা শুক্রস্থান হইতে উত্থিত হইয়া, বুধের স্থানে আসিয়া সম্পূর্ণ হইলে, এবং বৃহস্পতির ও চন্দ্রের স্থান নিম্ন হইলে, জাতক প্রেমব্যবসা করিয়া থাকে। [ চিত্র—৩৫, চিহ্ন—১১।

—( সুখ )

২৭৬। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক ভালবাসিয়া সুখী হইতে পারে ?

গুরু। (১) আয়ুরেখার অনুগরেখা স্ত্রীলোকের হস্তে থাকিলে, (২) বৃহস্পতির স্থানে তারকা-চিহ্ন অঙ্কিত হইলে, (৩) ভাগ্যরেখা চন্দ্রস্থান হইতে উত্থিত হইয়া, শনির স্থানে উপনীত হইয়া, মধ্যমার মূল স্পর্শ না করিলে জাতক ও জাতিকা ভালবাসিয়া সুখলাভে সমর্থ হইতে পারে।

[ চিত্র—২৮, চিহ্ন—১৫ ; চিত্র—২৩, চিহ্ন—১০ ; চিত্র—৩৫, চিহ্ন—১৪।

—( হতাশ )

২৭৭। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতককে প্রেমে হতাশ হইতে হয় ?

গুরু। হৃদয়রেখা ক্ষুদ্র ক্ষুদ্র রেখাদ্বারা কর্ত্তিত হইলে জাতক প্রেমে হতাশ হইয়া থাকে। [ চিত্র—৩৪, চিহ্ন—৭।

## ( ফ )

ফকিরী—( অজ্ঞভাবে )

২৭৮। শিষ্য। হস্তে কিরূপ চিহ্ন থাকিলে, জাতক ফকিরী গ্রহণ করিয়া বেড়াইতে প্রয়াস পায় ?

গুরু। উভয় হস্তে করচতুষ্কোণ অপ্রশস্ত হইলে, এবং শনির ও বৃহস্পতির স্থান সাতিশয় উন্নত, চন্দ্রের স্থান পরিপুষ্ট ও শুক্রস্থান সমতল হইলে, জাতক ফকিরী লইয়া বেড়াইতে ভালবাসে।

—( বুজরুকী )।

২৭৯। শিষ্য। কি চিহ্ন জাতককে ফকিরী লইয়া বুজরুকী দেখাইতে সমর্থ করে ?

গুরু। ফকিরী গ্রহণের সাধারণ চিহ্ন সত্ত্বেও, উন্নত শনির ক্ষেত্রে যদি একটী ত্রিকোণ-চিহ্ন অঙ্কিত থাকে, তাহা হইলে জাতক ফকিরী লইয়া সর্ব্বদা বুজরুকী দেখাইয়া লোকমুগ্ধ করিতে সমর্থ হয়; এবং ইহার সঙ্গে মধ্যমার তৃতীয় পর্ব্বে একটী তারকা-চিহ্ন থাকিলে, জাতক ভাণ করিয়া অসদুপায়ের অবলম্বনে ব্যগ্র হয়। [ চিত্র—২৭, চিহ্ন—১৭ ; চিত্র—২২, চিহ্ন—৩।

ফাঁসী।

২৮০। শিষ্য। জাতকের হস্তে কি চিহ্ন ফাঁসীর সূচনা করে ?

গুরু। (১) শনির স্থানে ও মধ্যমার তৃতীয় পর্ব্বে দুইটী তারকা-চিহ্ন থাকিলে অথবা (২) উভয় হস্তে শিরোরেখা শনির স্থানে ভগ্ন হইলে, জাতকের ফাঁসী হইয়া থাকে। [ চিত্র—২২, চিহ্ন—১০ ; চিত্র—৩৩, চিহ্ন—১৩।

—

( ব )

বন্ধুত্ব—( মহতের সহিত )

২৮১। শিষ্য। কি চিহ্ন থাকিলে মহত্ত্বসম্পন্ন লোকের সহিত জাতকের বন্ধুত্বসংঘটন হয় ?

গুরু। (১) তর্জ্জনীর দ্বিতীয় পর্ব্বে একটী কিংবা দুইটী ক্রুশ-চিহ্ন থাকিলে, (২) একটী সরল রেখা করচতুষ্কোণ হইতে উত্থিত হইয়া বুধের স্থানে যাইলে, কিংবা রবিরেখা উভয় হস্তে স্পষ্টরূপে অঙ্কিত ও বৃহস্পতির স্থান উচ্চ হইলে জাতক মহত্ত্বসম্পন্ন লোকের বন্ধুত্বলাভে সমর্থ হয়।

[ চিত্র—২৮, চিহ্ন—১৩।১৯।২০

## বহুভার্য্যাযোগ।

২৮২। শিষ্য। কি চিহ্ন জাতকের বহুবিবাহযোগের সূচনা করে?

গুরু। শুক্রস্থানে একটি জাল-চিহ্ন অবস্থিত ও তর্জ্জনীর তৃতীয় পর্ব্বে তারকা-চিহ্ন অঙ্কিত থাকিলে কিংবা বুধের স্থানে হস্তপার্শ্বে হৃদয়রেখার সমান্তর ক্ষুদ্র ক্ষুদ্র অনেকগুলি রেখা থাকিলে, জাতকের বহুবিবাহের বিষয় বুঝিতে পারা যায়। [ চিত্র—১২, চিহ্ন—৬ ; চিত্র—২৭, চিহ্ন—২।১৮।

## বহুভাষিত্ব।

২৮৩। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক বহুকথা কহিতে ভালবাসে?

গুরু। শিরোরেখা ও হৃদয়রেখা অস্পষ্টরূপে ব্যবস্থিত ও আয়ুরেখার শেষভাগে একটী ত্রিকোণ-চিহ্ন অঙ্কিত এবং বুধের স্থান সাতিশয় উচ্চ হইলে, জাতক স্বভাবতঃ বাবদুক বা বহু কথাপ্রিয় হইয়া থাকে।

[ চিত্র—২৫, চিহ্ন—৯।

## বাণিজ্য।

২৮৪। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতককে বাণিজ্যে রত হইতে হয়?

গুরু। (১) উভয় হস্তে অনামিকা চতুষ্কোণাকৃতি অথবা (২) কনিষ্ঠার দ্বিতীয় পর্ব্ব অপর পর্ব্ব অপেক্ষা দীর্ঘ ও পরিপুষ্ট হইলে, জাতক বাণিজ্য ব্যবসায়ে রত থাকিতে সমর্থ হয়।

## বাণিজ্যপটুতা )

২৮৫। শিষ্য। বাণিজ্যপটুতার চিহ্ন কিরূপ?

গুরু। (১) বুধের স্থান সাতিশয় উচ্চ হইয়া, রবিস্থানের অভিমুখে হেলিয়া পড়িলে কিংবা (২) অঙ্গুলী সকল চতুষ্কোণ ও কনিষ্ঠার প্রথম পর্ব্ব অপরাপর পর্ব্বাপেক্ষা দীর্ঘ হইলে জাতক ব্যবসায় পটু হয়।

## বাণিজ্যে—( উন্নতি )

২৮৬। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক বাণিজ্যে উন্নতিলাভ করিতে সমর্থ হয়?

গুরু। (১) একটী সরলরেখা মণিবন্ধ হইতে উত্থিত হইয়া শিরোরেখা ও হৃদয়রেখা উভয়রেখা কর্ত্তন করিয়া বুধস্থানে উপনীত কিংবা (২) শিরোরেখা শাখাবিশিষ্ট ও তাহার একটী শাখা বুধস্থানগত হইলে, জাতক বাণিজ্যে কৃতকার্য্য হইয়া উন্নতিলাভ করিতে পারে।

[ চিত্র—৩৭, চিহ্ন—১ ; চিত্র- ৩৫, চিহ্ন- ১৬।

—( নষ্টসম্পত্তি )

২৮৭। শিষ্য। কি চিহ্ন জাতকের ব্যবসায়ে সম্পত্তিনাশ ( দেউলিয়া ) সংঘটনের সূচনা করে ?

গুরু। (১) মণিবন্ধ হইতে ভাগ্যরেখা উত্থিত হইয়া শিরোরেখা পর্য্যন্ত বিস্তৃত, (২) স্বাস্থ্যরেখার উপর বৃহৎ যব-চিহ্ন বা (৩) রবির স্থান অনেক রেখাদ্বারা কর্ত্তিত হইলে জাতক ব্যবসায়ে নষ্টসম্পত্তি বা দেউলিয়া হয়।

[ চিত্র—২১, চিহ্ন—১০ ; চিত্র—৩৬, চিহ্ন—১৩ ; চিত্র—১৫, চিহ্ন—৪।

বালত্রসন।

২৮৮। শিষ্য। কি চিহ্ন থাকিলে, জাতক বালকদিগকে ভয় দেখাইয়া আমোদানুভব করে ?

গুরু। হস্তাঙ্গুলী স্থূলাগ্র বা চতুষ্কোণ, রবির স্থান পুষ্ট ও উক্ত স্থানে জালচিহ্ন অঙ্কিত থাকিলে, জাতক বালকদিগকে ভয়প্রদর্শন করাইয়া আমোদানুভব করে।

[ চিত্র—২৩, চিহ্ন—৫।

বুদ্ধিদৌর্ব্বল্য।

২৮৯। শিষ্য। কি চিহ্নে জাতকের বুদ্ধিসম্বন্ধে দৌর্ব্বল্য ঘটে ?

গুরু। (১) উভয় হস্তে রবি, শুক্র ও চন্দ্র- এই গ্রহত্রয়ের স্থান নিম্ন, করত্রিকোণ অপ্রশস্ত ও অস্পষ্টভাবে অঙ্কিত, (২) হৃদয়রেখা ক্ষুদ্র স্থূল, করতল কঠিন ও অঙ্গুলীসমূহ শুণ্ডাকৃতি কিংবা (৩) করতল দীর্ঘ, অঙ্গুলী সকল ক্ষুদ্র ও করচতুষ্কোণ বহুরেখাযুক্ত হইয়া থাকিলে জাতকের বুদ্ধিসম্বন্ধে দৌর্ব্বল্য প্রকাশ পায়। [ চিত্র ২৭, চিহ্ন—১৪ ; চিত্র—৩০, চিহ্ন—১৪।

বুদ্ধিমত্তা।

২৯০। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক বুদ্ধিমান্ হয় ?

গুরু। শিরোরেখা পরিষ্কৃতরূপে অঙ্কিত, রবিস্থান প্রবল ও বৃদ্ধাঙ্গুলী দীর্ঘ হইলে জাতক বুদ্ধিমান্ হয়।

বুভুৎসা।

২৯১। শিষ্য কি চিহ্ন থাকিলে জাতককে বুভুৎসু হইতে হয়?

গুরু। অঙ্গুলী সকল দীর্ঘ, ক্রমশঃ সূক্ষ্ম ও ক্ষুদ্র নখযুক্ত হইলে জাতক বুভুৎসাবশে সমস্ত বিষয়ের সূক্ষ্ম কারণ বুঝিতে ইচ্ছা করিয়া থাকে।

## ( ভ )

ভগবদর্চ্চন।

২৯২। শিষ্য। হস্তে কিরূপ চিহ্ন থাকিলে জাতকের ভগবদারাধনায় প্রবৃত্তি জন্মিয়া থাকে?

গুরু। ( ১ ) অনুগরেখা হৃদয়রেখার অনুবর্ত্তী কিংবা ( ২ ) বৃদ্ধাঙ্গুলী দীর্ঘ, প্রথম ও তৃতীয় পর্ব্ব পুষ্ট এবং করতল কঠিন হইলে জাতকের ভগবদারাধনায় প্রবৃত্তি জন্মিয়া থাকে। [ চিত্র—৩৭, চিহ্ন—২।

ভণ্ডামি।

২৯৩। শিষ্য। ভণ্ডামির চিহ্ন কি?

গুরু। ( ১ ) বুধের ও চন্দ্রের স্থান সাতিশয় উচ্চ ও তাহার উপর ক্রুশ বা জালচিহ্ন অঙ্কিত, ( ২ ) কনিষ্ঠাঙ্গুলীর তৃতীয় পর্ব্ব দীর্ঘ ও পুষ্ট, ( ৩ ) শিরোরেখা শাখাবিশিষ্ট ও তাহার একটী শাখা চন্দ্রস্থানে, অপর শাখা বুধের স্থানে উপস্থিত হইলে জাতক ভণ্ড হইয়া থাকে।

[ চিত্র—৩৩, চিহ্ন—১৭।১৮ ; চিত্র ৪, চিহ্ন—১।২

ভবিষ্যদ্দৃষ্টি।

২৯৪। শিষ্য। কি চিহ্ন জাতকের ভবিষ্যদ্দৃষ্টির সূচনা করে?

গুরু। (১) চন্দ্রস্থান সাতিশয় ক্ষুদ্র ক্ষুদ্র রেখাদ্বারা কর্ত্তিত ও সাতিশয় পুষ্ট, (২) চন্দ্রবুধরেখা সুস্পষ্ট অঙ্কিত হইলে, জাতকের ভবিষ্যৎ বিষয়ে দর্শনশক্তি আছে, জানিতে পারা যায়। [ চিত্র--৩২, চিহ্ন—৭।৬।

## ভাগ্যবত্তা।

২৯৫। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক ভাগ্যবান্ হয়?

গুরু। (১) রবিরেখা আয়ুরেখা হইতে উত্থিত, (২) শিরোরেখা হইতে একটী সরলরেখা উত্থিত হইয়া বৃহস্পতিস্থানগত ও উক্ত রেখার শেষাংশ তারকাচিহ্ন যুক্ত কিংবা (৩) শনিরেখা মণিবন্ধ হইতে সরলভাবে উত্থিত ও মধ্যমাঙ্গুলীর দ্বিতীয় পর্ব্বে উপনীত হইলে জাতক ভাগ্যবান্ হয়।

[ চিত্র—৫, চিহ্ন—৪ ; চিত্র—১১, চিহ্ন—১ ; চিত্র—২৬, চিহ্ন—১।

## ভাগ্যহীনতা।

২৯৬। শিষ্য। অভাগ্য লোকের হস্তে কিরূপ চিহ্ন থাকে?

গুরু। ( ১ ) শনির স্থানের নিম্নে একটী তারকা-চিহ্ন অঙ্কিত, (২) ভাগ্য-রেখা ঢেউখেলান ও শৃঙ্খলবৎ, (৩) অনামিকার তৃতীয় পর্ব্ব অর্দ্ধচন্দ্রাকৃতি চিহ্নযুক্ত কিংবা ৪ ) দুই বা তিনটী সরলরেখা মণিবন্ধ হইতে উত্থিত হইয়া, চন্দ্রের স্থান কর্ত্তন করিয়া, স্বাস্থ্যরেখার নিকটবর্ত্তী হইলে জাতককে অভাগ্য হইতে হয়।

[ চিত্র—৬, চিহ্ন—১।৪।৫।৬।

## ভাবুকত্ব।

২৯৭। শিষ্য। হস্তে কি চিহ্ন জাতকের বিশিষ্টরূপ ভাবুকত্বের সূচনা করে?

গুরু। চন্দ্রস্থান সাতিশয় উচ্চ হইলে জাতক স্বতই ভাবুকত্বের বিশিষ্টরূপ পরিচয় দিয়া থাকে।

## ভিন্নমতাবলম্বন—অজ্ঞতাসহ।

২৯৮। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক অজ্ঞভাবে ভিন্নমতাবলম্বী হয়?

গুরু। অঙ্গুলীগুলি চতুষ্কোণ, শিরোরেখা আয়ুরেখার প্রারম্ভে যুক্ত হইলে, জাতক না বুঝিয়া ভিন্নমতাবলম্বী হয়। [ চিত্র—৩৯, চিহ্ন—১।

## ভীরুতা।

২৯৯। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক ভীরুস্বভাব হইয়া থাকে?

গুরু। মঙ্গলের স্থান নিম্ন, অঙ্গুলী সকলের তৃতীয় পর্ব্ব দুর্ব্বল হইলে জাতক ভীরু হইয়া থাকে।

## ভূমিনাশ।

৩০০। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতকের ভূমিসম্পত্তি নষ্ট হয়?

গুরু। উভয় হস্তে বুধের নিম্নস্থ মঙ্গলের স্থান নিম্ন হইলে জাতকের ভূমিসম্পত্তি নষ্ট হইয়া যায়।

## —( অভিযোগে )

৩০১। শিষ্য। কি চিহ্নে মামলা-মোকদ্দমায় ভূমিসম্পত্তি নষ্ট হয়?

গুরু। উভয় হস্তে বুধের নিম্নে মঙ্গলের স্থানে কাল তিল-চিহ্ন থাকিলে জাতকের অভিযোগ জন্য ( মামলা-মোকদ্দমা হইতে ) ভূমিসম্পত্তি নষ্ট হয়।

[ চিত্র—৩৯, চিহ্ন—৪।

## ভূমিবন্ধক।

৩০২। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতকের ভূমিসম্পত্তি বন্ধক থাকে?

গুরু। বুধের নিম্নস্থ মঙ্গলের স্থান এক হস্তে উচ্চ ও অপর হস্তে নিম্ন হইলে জাতকের ভূমিসম্পত্তি বন্ধক থাকে, জানা যায়।

## ভূমিলাভ।

৩০৩। শিষ্য। ভূমিসম্পত্তিলাভের সূচক চিহ্ন কি?

গুরু। উভয় হস্তে বুধের নিম্নস্থ মঙ্গলের স্থান উচ্চ হইলে, জাতক ভূমিসম্পত্তি-লাভ করিতে সমর্থ হয়।

## ভ্রমণ

৩০৪। শিষ্য। কিরূপ চিহ্ন জাতকের ভ্রমণের সূচনা করে?

গুরু। (১) স্বাস্থ্যরেখা হইতে একটী শাখা উত্থিত হইয়া বৃহস্পতি স্থানে উপস্থিত, (২) আয়ুরেখার শেষাংশ শাখাবিশিষ্ট এবং একটী শাখা চন্দ্রস্থানে ও অপরটী শুক্রস্থানে উপনীত কিংবা (৩) আয়ুরেখা অধঃশাখাযুক্ত হইলে জাতকের ভ্রমণ ঘটে।

[ চিত্র—৩৯, চিহ্ন—৮।২২।১০ ; চিত্র—৩৮, চিহ্ন—১৪।

—( জলপথে )

৩০৫। শিষ্য। কি চিহ্নে জাতককে জলপথে ভ্রমণ করিতে হয় ?

গুরু। (১) একটী শাখা মণিবন্ধ হইতে উত্থিত হইয়া, শুক্রস্থান ভেদ করিয়া চন্দ্রস্থানে যাইলে কিংবা ( ২ ) ভাগ্যরেখা চন্দ্রস্থান হইতে উত্থিত হইলে জাতকের জলপথে ভ্রমণ হইয়া থাকে।

[ চিত্র ৩১, চিহ্ন—৫ ; চিত্র- ৩৮, চিহ্ন—২।

—( তীর্থে )

৩০৬। শিষ্য। কিরূপ চিহ্ন জাতকের তীর্থভ্রমণের সূচনা করে ?

গুরু। ভ্রমণের সাধারণ চিহ্নের ফল-পরিণতির কালে বৃহস্পতির স্থান পুষ্ট হইলে জাতকের তীর্থভ্রমণ ঘটিয়া থাকে।

—( সৌভাগ্য )

৩০৭। শিষ্য। জাতকের ভ্রমণে সৌভাগ্যলাভের সূচক চিহ্ন কি ?

গুরু। করত্রিকোণ ও চন্দ্রস্থানের মধ্যে একটী ক্রুশ-চিহ্ন থাকিলে জাতকের ভ্রমণে সৌভাগ্যোদয় হয়। [ চিত্র—৩৯, চিহ্ন—৬।

—( স্ত্রীর অনুরোধে )

৩০৮। শিষ্য। স্ত্রীর অনুরোধে স্বামীর ভ্রমণ ইচ্ছার সূচক চিহ্ন কি ?

গুরু। একটী সরলরেখা চন্দ্রের স্থান হইতে উত্থিত হইয়া, শুক্রের স্থানে যাইলে জাতক স্ত্রীর অনুরোধে ভ্রমণ করিয়া থাকে। চিত্র—৩৯, চিহ্ন—৫।

# ( ম )

## মত্ততা—( সুরাপানে )

৩০৯। শিষ্য। হস্তে কি চিহ্ন থাকিলে জাতককে সুরাপানে উন্মত্ত হইতে হয়?

গুরু। (১) একটী রেখা আয়ুরেখা হইতে নিঃসৃত হইয়া চন্দ্রস্থানগত অথবা (২) অপর একটী রেখা আয়ুরেখার অনুগরেখা হইতে উত্থিত হইয়া, চন্দ্রস্থানাভিমুখী হইলে জাতককে সুরাপায়ী উন্মত্ত হইতে হয়।

[ চিত্র—৩৯, চিহ্ন—১১।১২।

## মধুরপ্রকৃতিস্থ।

৩১০। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতকের স্বভাব মধুর, হৃদয়-গ্রাহী হয়?

গুরু। (১) শুক্রের ও বৃহস্পতির স্থান সমভাবে পুষ্ট বা (২) বৃদ্ধাঙ্গুলীর দ্বিতীয় পর্ব্বে একটী বা দুইটী তারকা চিহ্ন অঙ্কিত হইয়া থাকিলে জাতকের স্বভাব সাতিশয় রমণীয় ও হৃদয়গ্রাহী হইয়া থাকে।

[ চিত্র—৩৭, চিহ্ন—১১।

## মধ্যবিত্ততা।

৩১১। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতককে মধ্যবিত্ত হইতে হয়?

গুরু। শিরোরেখা করতলের মধ্য পর্য্যন্ত বিস্তৃত, বৃদ্ধাঙ্গুলী ক্ষুদ্র এবং বৃহস্পতির, রবির ও বুধের স্থান নিম্ন হইলে জাতক অল্পাধিক পরিমাণে অর্থ উপার্জ্জন করিয়া মধ্যবিত্তভাবে জীবনযাপন করিতে থাকে।

[ চিত্র—৩৩, চিহ্ন—১৬।

## মনঃকষ্ট।

৩১২। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক মনঃকষ্ট পাইয়া থাকে?

গুরু। ভাগ্যরেখা ও আয়ুরেখা ক্ষুদ্র ক্ষুদ্র রেখাদ্বারা কর্ত্তিত হইলে জাতক মনঃকষ্ট পাইয়া থাকে। [ চিত্র—৭, চিহ্ন—২।৩।

—( স্ত্রীলোক হইতে )

৩১৩। শিষ্য। কি চিহ্ন জাতকের স্ত্রীলোকজাত মনঃকষ্টের সূচনা করে?

গুরু। (১) ভাগ্যরেখা হইতে একটী শাখা চন্দ্রস্থান পর্য্যন্ত যাইলে কিংবা (২) আয়ুরেখার অনুগরেখার উপরে একটি তারকা-চিহ্ন থাকিলে, জাতক স্ত্রীলোক হইতে মনঃকষ্ট পাইয়া থাকে। [ চিত্র—৪০, চিহ্ন—১।২।

মমতাশূন্যতা।

৩১৪। শিষ্য। মমতাশূন্য ব্যক্তির হস্তে কি বিশিষ্ট চিহ্ন দেখিতে পাওয়া যায়?

গুরু। আয়ুরেখা ও হৃদয়রেখা অতিদূরবর্ত্তী ও শাখাশূন্য হইলে জাতক মমতাশূন্য হয়।

মস্তকাঘাত।

৩১৫। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতকের মস্তকে আঘাত লাগিয়া থাকে?

গুরু। এক হস্তে শিরোরেখায় একটি তারকা-চিহ্ন অঙ্কিত কিংবা শনির নিম্নে উভয়রেখা ভগ্ন হইলে জাতক মস্তকে আঘাত পাইয়া থাকে।

( চিত্র—৩৭, চিহ্ন—১০ ; চিত্র—৪০, চিহ্ন—৩।

—( সাংঘাতিক )

৩১৬। শিষ্য। কি চিহ্ন মস্তকে সাংঘাতিক আঘাতপ্রাপ্তির সূচনা করে?

গুরু। উভয় হস্তে শিরোরেখা শনির স্থানের নিম্নে ভগ্ন বা ছিন্ন হইলে, জাতকের মস্তকে সাংঘাতিক আঘাত লাগিয়া থাকে।

[ চিত্র—৪৫, চিহ্ন—৩।

মস্তিষ্কপীড়া।

৩১৭। শিষ্য। কি চিহ্ন জাতকের মস্তিষ্কপীড়ার সূচনা করে?

গুরু। (১) শিরোরেখা শৃঙ্খলবৎ হইয়া স্বাস্থ্যরেখা অতিক্রম করিলে, ও শিরোরেখার উপর যব-চিহ্ন থাকিলে কিংবা (২) শিরোরেখা মলিন, বিস্তৃত ও উহার উপরে ক্ষুদ্র ক্ষুদ্র কাল বিন্দু-চিহ্ন থাকিলে জাতক মস্তিষ্করোগে আক্রান্ত হয়।

[ চিত্র—১৫, চিহ্ন—৭ ; চিত্র - ৩৫, চিহ্ন - ২ , চিত্র—২৯, চিহ্ন—২১ ।

## মহত্ত্ব।

৩১৮। শিষ্য। কি চিহ্ন জাতকের মহত্ত্বের সূচনা করে ?

গুরু। (১) তর্জ্জনীর তৃতীয় পর্ব্ব হইতে একটী সরলরেখা উত্থিত হইয়া প্রথম পর্ব্ব পর্য্যন্ত বিস্তৃত হইলে কিংবা (২) করত্রিকোণ প্রশস্ত হইলে জাতক স্বতই মহদ্গুণসম্পন্ন হইয়া থাকে। [ চিত্র—৩৭, চিহ্ন—৯ ।

## মাতৃপিতৃবিয়োগ—( বাল্যকালে )

৩১৯। শিষ্য। বাল্যকালে মাতৃপিতৃবিয়োগের চিহ্ন কি ?

গুরু। একটী ছোট যব কিংবা ত্রিকোণ-চিহ্ন ভাগ্যরেখার প্রথমাংশে অঙ্কিত থাকিলে জাতকের বাল্যকালে মাতৃপিতৃবিয়োগ হইয়া থাকে।

[ চিত্র—১৩, চিহ্ন—৯ ; চিত্র—৩২, চিহ্ন—৫ ।

## মানসিক কষ্ট—( আত্মীয়-মরণে )

৩২০। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক আত্মীয়ের মরণ হইতে মনঃকষ্ট পাইয়া থাকে ?

গুরু। শুক্রস্থান হইতে একটী সরলরেখা উত্থিত হইয়া, আয়ুরেখা, শিরোরেখা ও হৃদয়রেখা এই তিনটী রেখা কর্ত্তন করিলে, জাতক আত্মীয়ের মৃত্যুজন্য মানসিক কষ্টভোগ করিয়া থাকে। [ চিত্র ৪০, চিহ্ন—৪ ।

## মানসিক দৌর্ব্বল্য।

৩২১। শিষ্য। কি চিহ্নে জাতকের মানসিক দৌর্ব্বল্য সূচিত হয় ?

গুরু। শিরোরেখা ক্ষুদ্র, বৃদ্ধাঙ্গুলীর প্রথম পর্ব্ব ক্ষুদ্র, দুর্ব্বল হইলে, জাতক মানসিক দুর্ব্বল হইয়া থাকে। [ চিত্র—২৯, চিহ্ন—১৮ ।

## মানসিকী দৃঢ়তা।

৩২২। শিষ্য। কি চিহ্নে জাতক মানসিকদৃঢ়ত্ব লাভ করিতে সমর্থ হয়?

গুরু। (১) বৃদ্ধাঙ্গুলীর প্রথম পর্ব্ব সাতিশয় পুষ্ট, বিশেষতঃ অনামিকার ও কনিষ্ঠার প্রথম পর্ব্বের গ্রন্থিসমূহ সাতিশয় পুষ্ট অথবা (২) শিরোরেখা পরিষ্কৃতরূপে অঙ্কিত এবং বৃহস্পতির ও মঙ্গলের স্থান উচ্চ হইলে, জাতক মানসিক দৃঢ়ত্ব লাভ করিতে বা রক্ষা করিতে সমর্থ হয়।

## মায়াবাদিত্ব।

৩২৩। শিষ্য। কি চিহ্ন জাতকের মায়াবাদিত্বের সূচনা করে?

গুরু। (১) মণিবন্ধের প্রথম বলয় ধনুঃসদৃশ ও শিরোরেখা চন্দ্রস্থান পর্য্যন্ত বিস্তৃত কিংবা (২) করতল ক্ষুদ্র, অঙ্গুলীসকল গ্রন্থিশূন্য ও তৃতীয় পর্ব্ব সকল অপরিপুষ্ট এবং প্রথম পর্ব্ব ক্রমশঃ সূক্ষ্ম ও বৃদ্ধাঙ্গুলীর প্রথম পর্ব্ব ক্ষুদ্র হইলে জাতক মায়াবাদী হইয়া থাকে।

[ চিত্র—৩১, চিহ্ন—১২।১৩।

## —( সপ্রেম )

৩২৪। শিষ্য। প্রেমের সহিত মায়াবাদিত্বের সূচক চিহ্ন কিরূপ?

গুরু। হৃদয়রেখা শাখাবিশিষ্ট হইয়া বুধস্থান হইতে উত্থিত ও বৃহস্পতির স্থানে যাইয়া পুনরায় শাখাবিশিষ্ট হইলে জাতক ভালবাসিয়া মায়াবাদী হয়।

চিত্র—৩৯, চিহ্ন—১৮।১৯।২০।১৬।

## মিতব্যয়িতা।

৩২৫। শিষ্য। কি চিহ্নে জাতক মিতব্যয়ী হয়?

গুরু। শিরোরেখা সরল, দীর্ঘ ও হৃদয়রেখা পরিষ্কৃতরূপে অঙ্কিত এবং তর্জ্জনী অন্যান্য অঙ্গুলী অপেক্ষা দীর্ঘ হইলে জাতক মিতব্যয়ী হইয়া থাকে।

[ চিত্র—৩, চিহ্ন—২।৪।

## মিথ্যাগল্পবাদিতা।

৩২৬। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক মিথ্যাগল্প বলিতে ভালবাসে?

গুরু। চন্দ্রের ও শুক্রের স্থান সাতিশয় উচ্চ, হৃদয়রেখা সুস্পষ্ট অঙ্কিত হইলে, জাতক মিথ্যাগল্প বলিতে ভালবাসিয়া থাকে।

## মিথ্যাবাদিতা।

৩২৭। শিষ্য। মিথ্যাবাদীর হস্তে কি চিহ্ন তাহার স্বভাবের সূচনা করে?

গুরু। (১) চন্দ্রস্থানে ক্রুশ-চিহ্ন অঙ্কিত, উভয় হস্তে কনিষ্ঠাঙ্গুলীর তৃতীয় পর্ব্ব দীর্ঘ ও শিরোরেখা শাখাযুক্ত, (২) চন্দ্রের স্থান উচ্চ, অঙ্গুলী সকল দীর্ঘ ও বৃদ্ধাঙ্গুলী ক্ষুদ্র, (৩) বুধের স্থান সাতিশয় উচ্চ ও জাল-চিহ্নযুক্ত এবং রবির স্থান উচ্চ, (৪) শিরোরেখা শাখাযুক্ত ও তাহার একটী শাখা চন্দ্রস্থানগত, (৫) উভয় হস্তে করচতুষ্কোণ অত্যন্ত অপ্রশস্ত ও বুধের স্থান উচ্চ, (৬) কনিষ্ঠার ও তর্জ্জনীর দ্বিতীয় পর্ব্বে পার্শ্ববিস্তৃত (এড়ো) রেখা অঙ্কিত কিংবা (৭) শিরোরেখা ও হৃদয়রেখা অস্পষ্টরূপে অঙ্কিত ও আয়ু-রেখার শেষভাগে ত্রিকোণ-চিহ্ন চিত্রিত থাকিলে, জাতক মিথ্যাবাদী হইয়া থাকে।

[ চিত্র—৩৫, চিহ্ন—১৫ ; চিত্র—৩৭, চিহ্ন—১৩।১৪ ১৫ ;
চিত্র—৩৮, চিহ্ন—৯।১০, চিত্র—২৫, চিহ্ন—৯।

## মূর্খত্ব।

৩২৮। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক মূর্খ হয়?

গুরু। (১) শিরোরেখা রবির ও বুধের নিম্নস্থানে বক্র ও হৃদয়রেখার নিকটবর্ত্তী, (২) একটী সরলরেখা মধ্যমাঙ্গুলীর তৃতীয় পর্ব্ব হইতে উত্থিত হইয়া প্রথম পর্ব্ব পর্য্যন্ত বিস্তৃত, (৩) শিরোরেখা মলিন ও প্রশস্ত এবং করত্রিকোণের প্রথম ও দ্বিতীয় কোণ স্থূল কিংবা (৪) ভাগ্যরেখা শিরোরেখা হইতে উত্থিত এবং বৃহস্পতির, রবির ও বুধের স্থান নিম্ন হইলে জাতক মূর্খ হইয়া থাকে।

[ চিত্র—১৮, চিহ্ন—১।৩।৮ ; চিত্র—১২, চিহ্ন—১।

## মূর্চ্ছাবায়ু।

৩২৯। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক মূর্চ্ছাবায়ুরোগগ্রস্ত হয়?

গুরু। শুক্রের ও চন্দ্রের স্থান উচ্চ এবং শুক্রবন্ধনী বহুরেখাদ্বারা কর্ত্তিত হইলে জাতককে মূর্চ্ছাবায়ুরোগগ্রস্ত হইতে হয়।

[ চিত্র—৪০, চিহ্ন—৬।

## মৃত্যু—( অকালে )

৩৩০। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতকের অকাল-মৃত্যু ঘটিয়া থাকে ?

গুরু। (১) শিরোরেখার মধ্যস্থলে ক্রুশ-চিহ্ন অঙ্কিত এবং শিরোরেখা কিংবা হৃদয়রেখা ভাগ্যরেখার নিকট সম্পূর্ণ, (২) উভয় হস্তে আয়ুরেখা ভগ্ন ও ক্ষুদ্র অথবা (৩) শিরোরেখা ও হৃদয়রেখা বুধের নিম্নে বক্রভাবে মিলিত হইলে জাতকের অকালমৃত্যু ঘটিয়া থাকে।

[ চিত্র—২৭, চিহ্ন—৩।১৪।১৭ ; চিত্র—২৩, চিহ্ন—১২ ; চিত্র—৪০, চিহ্ন—৭।

## —( আকস্মিক )

৩৩১। শিষ্য। কি চিহ্ন জাতকের আকস্মিক মৃত্যুর সূচনা করে ?

গুরু। (১) ভাগ্যরেখার শেষভাগে ক্রুশ ও মঙ্গলের স্থানে জাল-চিহ্ন কিংবা (২) শিরোরেখা মণিবন্ধের অভিমুখী হইয়া, একটী ক্রুশ-চিহ্ন বা তারকা-চিহ্নের নিকট সম্পূর্ণ হইলে, জাতকের আকস্মিক মৃত্যু ঘটিয়া থাকে।

[ চিত্র—৩৩, চিহ্ন—১৯।২০ ; চিত্র—৩৫, চিহ্ন ১।৩।১৫।

## —( আত্মীয় বন্ধুর )

৩৩২। শিষ্য। ঘনিষ্ঠ আত্মীয় বা বন্ধুর মৃত্যুসূচক চিহ্ন কিরূপ ?

গুরু। ভাগ্যরেখার নিকট কয়েকটী ক্ষুদ্র ক্রুশ-চিহ্ন থাকিলে জাতকের বন্ধু বা ঘনিষ্ঠ আত্মীয়ের মৃত্যু ঘটিয়া থাকে।

[ চিত্র—৩৫, চিহ্ন—১৫।

## —( জলমজ্জনে )

৩৩৩। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক জলমগ্ন হইয়া মৃত্যুমুখে পতিত হয় ?

গুরু। (১) চন্দ্রের স্থানে কোণাকৃতি চিহ্ন বা (২) প্রত্যেক অঙ্গুলীর প্রথম পর্ব্বে ঢেউখেলান রেখা থাকিলে কিংবা (৩) শিরোরেখা চন্দ্রস্থানাভি-

মুখী হইয়া একটী তারকা-চিহ্নযুক্ত হইলে, জাতক জলমগ্ন হইয়া মৃত্যুমুখে পতিত হয়।

[ চিত্র—৩১, চিহ্ন—৭ ; চিত্র—৩৩, চিহ্ন -২১ ; চিত্র—৩৫, চিহ্ন—১৩।

## —( যুদ্ধে )

৩৩৪। শিষ্য। কি চিহ্ন যুদ্ধে মৃত্যুর সূচনা করে ?

গুরু। মঙ্গলের স্থানে তারকা-চিহ্ন থাকিলে কিংবা মঙ্গলের স্থান হইতে একটী সরলরেখা উত্থিত হইয়া. শনিস্থান পর্য্যন্ত যাইলে জাতকের যুদ্ধে মৃত্যু ঘটিয়া থাকে।

[ চিত্র—৪০, চিহ্ন—৮।৯।

## —( হঠাৎ )

৩৩৫। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতকের হঠাৎ মৃত্যু ঘটিয়া থাকে ?

গুরু। (১) অঙ্গুলী সমূহের গ্রন্থি সকলে একটী করিয়া ক্ষুদ্র রেখা থাকিলে অথবা (২) শিরোরেখা এবং হৃদয়রেখা আয়ুরেখা বৃহস্পতির স্থানে মিলিত ও শিরোরেখার মধ্যস্থলে ক্রুশ-চিহ্ন অঙ্কিত থাকিলে জাতকের হঠাৎ মৃত্যু ঘটিয়া থাকে। [ চিত্র—৩৯, চিহ্ন—১৪।১৫।১৬।

# ( য )

## যশোভাগ্য

৩৩৬। শিষ্য। হস্তে কি-চিহ্ন থাকিলে জাতকের যশোভাগ্যের সূচনা করে ?

গুরু। (১) রবিরেখা উভয় হস্তে পরিষ্কাররূপে অঙ্কিত ও অপর কোন রেখাকর্ত্তৃক অকর্ত্তিত হইলে কিংবা (২) বৃহস্পতি-স্থানে তারকা-চিহ্ন থাকিলে জাতকের যশোভাগ্য সূচিত হয়।

[ চিত্র -৩০, চিহ্ন - ১২ ; চিত্র—২৬, চিহ্ন—৭।

## যশোলাভ—( দৈবাৎ )

৩৩৭। শিষ্য। দৈবাৎ যশোলাভের সূচক চিহ্ন কি ?

গুরু। (১) ভাগ্যরেখা স্পষ্টরূপে অঙ্কিত ও রবির স্থানে একটী তারকা-চিহ্ন চিত্রিত অথবা (২) উভয় হস্তে রবিস্থানে দুইটী সমান্তর রেখা স্পষ্টরূপে অঙ্কিত ও অন্য কোন রেখাদ্বারা অকর্ত্তিত হইয়া থাকিলে, জাতকের দৈবাৎ যশোলাভ হইয়া থাকে।

[ চিত্র—১১, চিহ্ন—৭ ; চিত্র - ২৬, চিহ্ন—১০ ১১।

## যশোলিপ্সা—( আধিক্য )

৩৩৮। শিষ্য। হস্তে কিরূপ চিহ্ন থাকিলে জাতকের যশোলিপ্সা অধিক হয় ?

গুরু। (১) উভয় হস্তে আয়ুরেখা হইতে উত্থিত একটী রেখা সুস্পষ্টরূপে অঙ্কিত, অপর কোন রেখাদ্বারা অকর্ত্তিত ও বৃহস্পতির স্থান পর্য্যন্ত বিস্তৃত হইলে অথবা (২) বুধের নিম্নস্থ মঙ্গলের স্থান হইতে একটী রেখা উত্থিত হইয়া, রবির স্থানে যাইলে জাতকের যশোলিপ্সা অধিক হয় ; কিন্তু শেষোক্ত চিহ্নসম্পন্ন জাতক যশোলাভের চেষ্টা-চরিত্রও যথেষ্ট করিয়া থাকে।

[ চিত্র— ৩৩, চিহ্ন—২।২২।

## যুদ্ধনৈপুণ্য।

৩৩৯। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক যুদ্ধক্ষেত্রে নিপুণতা দেখাইতে সমর্থ হয় ?

গুরু। মঙ্গলের স্থানে একটী তারকা-চিহ্ন থাকিলে ও মঙ্গলস্থান যথেষ্ট পুষ্ট হইলে, জাতক যুদ্ধে নৈপুণ্য দেখাইতে সমর্থ হয়।

[ চিত্র—৪০, চিহ্ন—৮।

# ( র )

## রঙ্গপ্রিয়তা।

৩৪০। শিষ্য। হস্তে কি চিহ্ন থাকিলে জাতক রঙ্গরস ভালবাসে?

গুরু। (১) করতল স্বাস্থ্যরেখাশূন্য, বুধের স্থান উচ্চ, কিংবা (২) অঙ্গুলী সকল নমনীয় ও অঙ্গুলীর গ্রন্থিসমূহ পুষ্ট হইলে, জাতক রঙ্গরসের বিষয়ে বিশিষ্টরূপ আসক্ত হয়।

## রসায়নপ্রিয়তা।

৩৪১। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক রসায়ন-বিদ্যাপ্রিয় হয়?

গুরু। ক্ষুদ্র ক্ষুদ্র দুই-তিনটি সরলরেখা বুধের স্থানে বা হস্তপার্শ্বদেশে থাকিলে জাতক রসায়ন-বিদ্যাপ্রিয় হয়।

[ চিত্র—৩৯, চিহ্ন—১৭।

## রাগরাহিত্য।

৩৪২। শিষ্য। জাতকের রাগরাহিত্যের সূচক চিহ্ন কি?

গুরু। (১) শুক্রের স্থান অপরিপুষ্ট এবং বহুরেখাযুক্ত হইলে কিংবা (২) শিরোরেখা প্রশস্ত, মলিন ও হৃদয়রেখা অপরিপুষ্ট হইলে, জাতকের পার্থিব কোন বিষয়েই আর রাগ থাকে না। [ চিত্র—৩১, চিহ্ন—১৫।

## রাজনীতিজ্ঞতা।

৩৪৩। শিষ্য। রাজনীতিজ্ঞ ব্যক্তির হস্তে কি বিশিষ্ট চিহ্ন তাঁহার অভিজ্ঞতা প্রকাশ করে?

গুরু। বুধের স্থানে একটী ত্রিকোণ-চিহ্ন থাকিলে জাতক বিচক্ষণ রাজনীতিজ্ঞ হয়। [ চিত্র—৩৫, চিহ্ন—৮।

# ( ল )

## লজ্জাশীলতা।

৩৪৪। শিষ্য। হস্তে কি চিহ্ন থাকিলে জাতক স্বতই লজ্জাশীল হইয়া থাকে ?

গুরু। শিরোরেখা আয়ুরেখার সহিত মিলিত হইলে জাতক লজ্জাশীল হইয়া থাকে। [ চিত্র—২, চিহ্ন - ৭।

## লাম্পট্য।

৩৪৫। শিষ্য। লম্পটের হস্তে কি বিশিষ্ট চিহ্ন তাহার স্বভাব প্রকাশ করিয়া দেয় ?

গুরু। ( ১ ) শুক্রস্থানে কতকগুলি সরলরেখা অপর কতকগুলি সরলরেখা দ্বারা কর্ত্তিত হইলে; ( ২ ) তর্জ্জনীর তৃতীয় পর্ব্বে তারকা-চিহ্ন থাকিলে অথবা ( ৩ ) মধ্যমার তৃতীয় পর্ব্বে ত্রিকোণ-চিহ্ন অঙ্কিত থাকিলে, জাতক লম্পট হইয়া থাকে। [ চিত্র—১২, চিহ্ন—৬ ; চিত্র—৮, চিহ্ন—৮ ; চিত্র—৩৫, চিহ্ন—১৭।

---

# ( ব )

## বক্তৃতা।

৩৪৬। শিষ্য। হস্তে কিরূপ চিহ্ন থাকিলে জাতক বক্তৃতা করিতে সমর্থ হয় ?

গুরু। ( ১ ) কনিষ্ঠাঙ্গুলী সূচ্যগ্র, দৈর্ঘ্যে অনামিকার সমানাকৃতি ও ইহার প্রথম পর্ব্ব অন্যান্য পর্ব্বাপেক্ষা দীর্ঘতম ( ২ ) বুধের স্থান পরিপুষ্ট ও কনিষ্ঠাঙ্গুলীর

তৃতীয় পর্ব্বে তারকা-চিহ্ন অঙ্কিত, ( ৩ ) শিরোরেখা চন্দ্রস্থানে উপনীত এবং বৃহস্পতির স্থান পরিপুষ্ট কিংবা ( ৪ ) শিরোরেখার শেষভাগে ত্রিকোণ-চিহ্ন অঙ্কিত থাকিলে জাতকের বক্তৃতা করিবার ক্ষমতা থাকে।

[ চিত্র—৩৪, চিহ্ন—৮।৯।১০।১১

—( বিশিষ্টত্ব )

৩৪৭। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতকের বক্তৃতা করিবার বিশিষ্টরূপ ক্ষমতা আছে, জানা যায় ?

গুরু। বক্তৃতাসূচক সাধারণ চিহ্নের কোন একটী চিহ্ন করতলে থাকিলে এবং ভাগ্যরেখা রবিস্থানে যাইলে, জাতকের বক্তৃতা করিবার ক্ষমতা বিশিষ্টরূপই থাকে। [ চিত্র - ৩৪, চিহ্ন - ১২।

## বদান্যতা।

৩৪৮। শিষ্য। কি চিহ্ন জাতকের বদান্যতার সূচনা করে ?

গুরু। ( ১ ) বৃহস্পতি ও শুক্রের স্থান উচ্চ এবং হৃদয়রেখা সুস্পষ্টরূপে অঙ্কিত ও করচতুষ্কোণ প্রশস্ত ও সুস্পষ্ট চিত্রিত হইলে, জাতক বদান্যতার পরিচয় দিয়া থাকে ; অর্থাৎ স্বতঃপ্রবৃত্ত হইয়া, দানে রত থাকিয়া দানশীলতার পরিচয় দেয়। চিত্র—২৮, চিহ্ন—১৮।

## বাগাড়ম্বর।

৩৪৯। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক বাগাড়ম্বর করিয়া থাকে ?

গুরু। ( ১ ) উভয় হস্তে তর্জ্জনী স্থূলাগ্র হইলে কিংবা ( ২ ) অঙ্গুলী সকল গ্রন্থিশূন্য ও শুণ্ডাকার হইলে জাতক বাগাড়ম্বরপ্রিয় হইয়া থাকে।

## বাচালতা।

৩৫০। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক বাচাল হইয়া থাকে ?

গুরু। শিরোরেখা ও হৃদয়রেখা অস্পষ্টরূপে অঙ্কিত এবং আয়ুরেখার শেষ ভাগে একটী ত্রিকোণ-চিহ্ন অবস্থিত ও বুধের স্থান সাতিশয় উন্নত হইলে জাতককে বাচাল হইতে হয়। [ চিত্র—২৫, চিহ্ন—৯।

## বাতুলতা।

৩৫১। শিষ্য। কি চিহ্ন জাতকের বাতুলতার সূচনা করে ?

গুরু। (১) শিরোরেখা চন্দ্রস্থান পর্য্যন্ত গড়াইয়া যাইলে, (২) চন্দ্রস্থানে বহুরেখা থাকিলে ও শিরোরেখা মণিবন্ধাভিমুখী হইয়া একটী তারকা-চিহ্নের সহিত সংযুক্ত হইলে অথবা (৩) উভয় হস্তে শিরোরেখার উপর যব-চিহ্ন থাকিলে জাতক বাতুল হইয়া থাকে। [ চিত্র—৩২, চিহ্ন— ৭ ;
[ চিত্র—৩৫, চিহ্ন—১।২।৩।

### —( কুক্কুরদংশনে )

৩৫২। শিষ্য। হস্তে কিরূপ চিহ্ন থাকিলে, জাতককে কুক্কুরদষ্ট হইয়া পাগল হইতে হয় ?

গুরু। উভয় হস্তে চন্দ্রস্থানে তারকা-চিহ্ন থাকিলে, জাতক কুক্কুরকর্ত্তৃক দষ্ট হইয়া বাতুল হইয়া যায়। [ চিত্র—২৭, চিহ্ন—১৫।

### —( বংশগত )

৩৫৩। শিষ্য। বংশগত বাতুলতার চিহ্ন কিরূপ ?

গুরু। শিরোরেখা চন্দ্রস্থান স্পর্শ করিয়া, একটী তারকা-চিহ্নের সহিত যুক্ত হইলে হৃদয়রেখা অস্পষ্টরূপে অঙ্কিত এবং শুক্রের ও শনির স্থানে তারকা-চিহ্ন বিরাজিত হইয়া থাকিলে, জাতক তাহার পূর্ব্বপুরুষগণের নিকট হইতে বাতুলতা পাইয়া থাকে। [ চিত্র- ৩৫, চিহ্ন—১।৩।৪।৫।

### —( বিপজ্জনক )

৩৫৪। শিষ্য। কিরূপ চিহ্নে জাতক বাতুল হইয়া বিপদে পতিত হয় ?

গুরু। (১) শিরোরেখা শনির স্থানে ভগ্ন ও চন্দ্রের স্থান অত্যন্ত উচ্চ কিংবা (২) গড়ানে শিরোরেখা ভগ্ন হইলে, জাতক বাতুল হইয়া বিপদে পতিত হইয়া থাকে। [ চিত্র—৪০, চিহ্ন—৩ ; চিত্র—২৬, চিহ্ন—১৩।

## বিচক্ষণতা

৩৫৫। শিষ্য। বিচক্ষণ ব্যক্তির হস্তে কিরূপ চিহ্ন দেখিতে পাওয়া যায় ?

গুরু। (১) বুধের ও রবির স্থান উচ্চ এবং আয়ুরেখার শেষাংশে ক্রুশ-চিহ্ন অঙ্কিত, (২) করত্রিকোণের তৃতীয় কোণ (অর্থাৎ যে স্থানে স্বাস্থ্যরেখা আয়ুরেখা স্পর্শ করে) প্রশস্ত, (৩) করত্রিকোণ পরিষ্কৃতরূপে অঙ্কিত ও গোলাপী বর্ণে বিকশিত, (৪) কনিষ্ঠার দ্বিতীয় ও তৃতীয় পর্ব্বে দুইটী বা তিনটী সরলরেখা স্পষ্টভাবে অঙ্কিত কিংবা (৫) কনিষ্ঠাঙ্গুলী অপেক্ষাকৃত দীর্ঘ ও আর একটী সরলরেখা শিরোরেখা হইতে উত্থিত হইয়া বুধের স্থানে উপনীত হইলে জাতক বিচক্ষণ হয়।

[ চিত্র—৩০, চিহ্ন—৮।১০ ১১ ; চিত্র—২৬, চিহ্ন—১৪ ;

[ চিত্র—৪, চিহ্ন—১।

## বিচার—( উৎকৃষ্টরূপে )

৩৫৬। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক উত্তমরূপে সুবিচার করিতে সমর্থ হয়?

গুরু। (১) অঙ্গুলীগুলি ক্ষুদ্র নখরবিশিষ্ট ও গ্রন্থিযুক্ত এবং অঙ্গুলী ও করতল সমদীর্ঘ, বৃদ্ধাঙ্গুলীর দ্বিতীয় পর্ব্ব পুষ্ট ও মধ্যমা রেখাশূন্য কিংবা (২) চন্দ্রস্থান ত্রিকোণ-চিহ্নযুক্ত এবং সকল অঙ্গুলীরই দ্বিতীয় পর্ব্ব অন্যান্য পর্ব্বাপেক্ষা দীর্ঘ হইলে জাতক উত্তম যুক্তিদ্বারা বিচার করিতে সমর্থ হয়।

[ চিত্র— ৩৪, চিহ্ন—১১।

## —( তৎপরতঃ )

৩৫৭। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক বিচার-তৎপর হইতে সমর্থ হয়?

গুরু। অঙ্গুলীসকল চতুষ্কোণ, গ্রন্থিশূন্য ও করতলের সহিত সমদীর্ঘ হইলে জাতক বিশিষ্টরূপে বিচার-তৎপর হইতে পারে।

## —( সূক্ষ্মরূপে )

৩৫৮। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক সূক্ষ্মরূপে বিচার করিতে সমর্থ হয়?

গুরু। (১) করচতুষ্কোণ স্পষ্টরূপে অঙ্কিত এবং হস্তপার্শ্ব পর্য্যন্ত প্রশস্ত কিংবা (২) অঙ্গুলী সকল গ্রন্থিযুক্ত ও চতুষ্কোণ হইলে জাতক সকল বিচারই সুন্দররূপে সম্পন্ন করিতে সমর্থ হয়।

—( হৃদয়গতভাবে )

৩৫৯। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক হৃদয়ের গতি অনুসারে বিচার করিয়া থাকে ?

গুরু। (১) শিরোরেখার শেষাংশ হইতে একটী শাখা উত্থিত হইয়া হৃদয়রেখা স্পর্শ করিলে অথবা (২) ক্ষুদ্র শাখা শিরোরেখা হইতে নির্গত হইয়া শুক্রস্থানে যাইলে, জাতক হৃদ্‌গত ভাবের অনুসারে বিচার করিয়া থাকে। [ চিত্র—৩৫, চিহ্ন—৬।৭।

## বিজ্ঞানশাস্ত্রে উন্নতি।

৩৬০। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক বিজ্ঞানে উন্নতি করিতে সমর্থ হয় ?

গুরু। (১) বুধের স্থানে ত্রিকোণ-চিহ্ন ও শিরোরেখার উপর শ্বেতবর্ণ বিন্দু-চিহ্ন অঙ্কিত কিংবা (২) কনিষ্ঠার তৃতীয় পর্ব্ব হইতে উত্থিত একটী সরলরেখা প্রথম পর্ব্ব পর্য্যন্ত বিস্তৃত থাকিলে জাতক বিজ্ঞানশাস্ত্রচর্চ্চার উন্নতি সাধন করিতে সমর্থ হয়। [ চিত্র—৩৫, চিহ্ন—৮।৯।

## বিজ্ঞানে অর্থোন্নতি।

৩৬১। শিষ্য। হস্তে কি চিহ্ন থাকিলে বিজ্ঞানের সাহায্যে জাতকের অর্থাগম হইয়া থাকে ?

গুরু। (১) একটী ত্রিকোণ চিহ্ন বা শ্বেতবিন্দুচিহ্ন বুধের স্থানের নিম্নে শিরোরেখার উপর অঙ্কিত, (২) একটী সরল রেখা কনিষ্ঠার তৃতীয় পর্ব্ব হইতে প্রথম পর্ব্ব পর্য্যন্ত বিস্তৃত হইলে জাতকের বিজ্ঞানব্যবসায়ে অর্থাগম হইয়া থাকে।

[ চিত্র—৩৬, চিহ্ন—১১।১২।

## বিদূষকত্ব।

৩৬২। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক বিদূষক হয় ?

গুরু। শিরোরেখা বক্রভাবে বুধস্থানে উপনীত এবং বুধস্থান উন্নত হইলে জাতক একজন নিপুণ বিদূষক হইতে সমর্থ হয়।

[ চিত্র—৪, চিহ্ন—১।

## বিদ্যাপরিচয়ে সুখী।

৩৬৩। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক বিদ্যাগত পরিচয় দ্বারা সুখী হইতে পারে?

গুরু। আয়ুরেখা হইতে উত্থিত ভাগ্যরেখা অপর কোন রেখাদ্বারা কর্ত্তিত না হইয়া, শনিস্থান পর্য্যন্ত বিস্তৃত হইলে, জাতক স্ববিদ্যার পরিচয় দিয়া সুখী হইতে সমর্থ হয়। [ চিত্র—২৮, চিহ্ন—১৮।

## বিদ্বেষ—( দাম্পত্য )

৩৬৪। শিষ্য। কিরূপ চিহ্ন দাম্পত্যবিদ্বেষের সূচনা করে?

গুরু। ( ১ ) হৃদয়রেখা শৃঙ্খলাকার হইয়া বুধের স্থান হইতে উত্থিত ও শনির স্থান পর্য্যন্ত বিস্তৃত কিংবা ( ২ ) অঙ্গুলীসকলের প্রথম পর্ব্ব ক্ষুদ্র ও বুধের স্থান সাতিশয় উচ্চ হইলে, জাতক বা জাতিকার যথাক্রমে স্ত্রী বা পুরুষের প্রতি ঘৃণা জন্মিয়া থাকে। [ চিত্র—২৭, চিহ্ন—১৪।

## বিদ্বেষপরতা

৩৬৫। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক বিদ্বেষপর হয়?

গুরু। শুক্রের স্থানে জাল-চিহ্ন থাকিলে জাতক বিদ্বেষপর হয়।

[ চিত্র—১৩, চিহ্ন—১১।

## বিলাসিতা।

৩৬৬। শিষ্য। বিলাসিতার সূচক চিহ্ন কি?

গুরু। ( ১ ) অঙ্গুলী সকল স্থূলাগ্র কিংবা চতুষ্কোণ ও গ্রন্থিশূন্য এবং শুক্রের ও চন্দ্রের স্থান পুষ্ট হইলে জাতক বিলাসী হয়।

## বিবাহ।

৩৬৭। শিষ্য। কি রেখা জাতকের বিবাহের সূচনা করে?

গুরু। বুধের স্থানে হস্তপার্শ্বের উপর গভীর রেখা অঙ্কিত কিংবা

(২) শুক্রস্থান হইতে সূক্ষ্মরেখা উত্থিত হইয়া আয়ুরেখা, শিরোরেখা ও হৃদয়রেখা অতিক্রম করিয়া অবস্থিত থাকিলে জাতকের বিবাহ বুঝায়।

[ চিত্র—৩৬, চিহ্ন—১ ; চিত্র—৩৫, চিহ্ন—১১।

## —( অসুখকর )

৩৬৮। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে, জাতককে বিবাহ করিয়া অসুখী হইতে হয় ?

গুরু। (১) একটী সরলরেখা শুক্রের স্থানে যব-চিহ্নযুক্ত হইয়া শনির স্থানে যাইলে অথবা (২) শনির স্থানে ক্ষুদ্র ক্ষুদ্র রেখা পরস্পর কর্ত্তিত ও বিবাহরেখার উপর যবচিহ্ন চিত্রিত হইয়া থাকিলে, জাতক বিবাহ করিয়া অসুখী হইয়া থাকে ; অর্থাৎ পতি বা পত্নী রোগাক্রান্ত বা উন্মত্ত হওয়ায় একে অন্যের কষ্টের কারণ হয়। [ চিত্র—৩৬, চিহ্ন—২।৩

## —( বণিক্‌সহ )

৩৬৯। শিষ্য। কি চিহ্ন বণিকের সহিত বিবাহের সূচনা করে ?

গুরু। একটী রেখা শুক্রস্থান হইতে উত্থিত হইয়া শিরোরেখা, হৃদয়রেখা—উভয় রেখা ভেদ করিয়া বুধের স্থানে যাইলে জাতিকার বাণিজ্য-ব্যবসায়ী ব্যক্তির সহিত বিবাহ হয়। [ চিত্র—৩৫, চিহ্ন—১১।

## বিবাহভঙ্গ।

৩৭০। শিষ্য। বিবাহভঙ্গ-সূচক চিহ্ন কিরূপ ?

গুরু। একটী সরলরেখা শুক্রস্থান হইতে যব-চিহ্নযুক্ত হইয়া উঠিয়া, শিরো-রেখা ভেদ করিয়া হৃদয়রেখা স্পর্শ করিলে ও উহার শেষভাগ শাখাবিশিষ্ট হইলে জাতকের বিবাহভঙ্গ হইয়া থাকে। [ চিত্র—৩২, চিহ্ন—১২।

## —( মরণে )

৩৭১। শিষ্য। কি চিহ্ন থাকিলে বিবাহ সময়ে মৃত্যু ঘটায়, জাতকের বিবাহভঙ্গের সূচনা করে ?

গুরু। বিবাহরেখা মধ্যে ভগ্ন হইলে বিবাহকালীন মৃত্যু ঘটায়, জাতকের বিবাহভঙ্গ হয়। [ চিত্র—৩৪, চিহ্ন—১৩।

—( বৃদ্ধসহ )

৩৭২। শিষ্য। কি চিহ্ন বৃদ্ধের সহিত বিবাহের সূচনা করে ?

গুরু। একটী সরলরেখা শুক্রস্থান হইতে উত্থিত হইয়া শনিস্থানগত হইলে জাতিকার বৃদ্ধের সহিত বিবাহ হইয়া থাকে। চিত্র—৩৬, চিহ্ন—২।

—( শিল্পীসহ )

৩৭৩। শিষ্য। কি চিহ্ন শিল্পীর সহিত বিবাহের সূচনা করে ?

গুরু। একটী শাখা বিবাহরেখা হইতে উত্থিত হইয়া বুধের স্থানে, অপরটী রবির স্থানে যাইলে, জাতিকার শিল্পীর সহিত বিবাহ হইয়া থাকে।

[ চিত্র—৩৫, চিহ্ন—১১।১৮।

—( সুখকর )

৩৭৪। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক বিবাহ করিয়া সুখভোগ করিতে সমর্থ হয় ?

গুরু। (১) ভাগ্যরেখা চন্দ্রস্থান হইতে উত্থিত হইয়া, হৃদয়রেখা স্পর্শ করিলে অথবা (২) বৃহস্পতির স্থানে ক্রুশ চিহ্ন থাকিলে, জাতক বিবাহ করিয়া সুখভোগ করিতে পারে। [ চিত্র – ৩৮, চিহ্ন – ৪।৫।

—( মকদ্দমা )

৩৭৫। শিষ্য। কি চিহ্ন বিবাহে মকদ্দমা ঘটাইয়া থাকে ?

গুরু। একটী গভীর সরলরেখা হৃদয়রেখা হইতে উত্থিত হইয়া বিবাহরেখা স্পর্শ করিলে বিবাহে অভিযোগ ( মাম্‌লা-মকদ্দমা ) ঘটিয়া থাকে।

[ চিত্র—৩৪, চিহ্ন—১৪।

বিশুদ্ধচরিত্রতা।

৩৭৬। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক বিশুদ্ধচরিত্র হয় ?

গুরু। অনামিকার প্রথম পর্ব্বে একটী ক্রুশ-চিহ্ন ও বৃহস্পতির স্থান উচ্চ হইলে জাতক বিশুদ্ধচরিত্র বা স্থিরচেতা হইতে সমর্থ হয়।

[ চিত্র—৩৬, চিহ্ন—৬।

বিশুদ্ধস্বভাব।

৩৭৭। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতকের চরিত্র বিশুদ্ধ হয় ?

গুরু। অঙ্গুলীসমূহ সূচ্যগ্র এবং গ্রন্থিসমূহ পরিপুষ্ট হইলে, জাতক বিশুদ্ধস্বভাব হইয়া থাকে।

## বিশ্বাসঘাতকতা।

৩৭৮। শিষ্য। জাতকের হস্তে কি চিহ্ন বিশ্বাসঘাতকতার সূচনা করে?

গুরু। বুধের স্থান সাতিশয় পুষ্ট, শিরোরেখা দীর্ঘ, সূক্ষ্ম, শৃঙ্খলবৎ ও অস্পষ্ট-ভাবে অঙ্কিত এবং করচতুষ্কোণ অপ্রশস্ত হইলে, জাতক বিশ্বাসঘাতক হয়।

[ চিত্র—১৫, চিহ্ন—৭, চিত্র—৩১, চিহ্ন—৪।

## বিষাদ।

৩৭৯। শিষ্য। বিষণ্ণ ব্যক্তির হস্তে কিরূপ চিহ্ন তাহার স্বভাবগত বিষাদের সূচনা করে?

গুরু। (১ মধ্যমা সাতিশয় চতুষ্কোণাকৃতি এবং প্রথম পর্ব্ব দীর্ঘ ও প্রশস্ত, (২) চন্দ্রস্থান অত্যন্ত উচ্চ ও জাল-চিহ্নযুক্ত এবং আয়ুরেখা সূক্ষ্ম, দীর্ঘ কিংবা (৩) শনির স্থান অন্যান্য স্থানাপেক্ষা সাতিশয় উচ্চ হইলে, জতেককে দুর্ব্বলতার জন্য বিষণ্ণ হইতে হয়।　　[ চিত্র—৩৬, চিহ্ন—৭।৮।

## বৈজ্ঞানিকত্ব।

৩৮০। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক বৈজ্ঞানিক তত্ত্বানুসন্ধানে রত থাকে?

গুরু। অঙ্গুলী সকল চতুষ্কোণ, দীর্ঘ ও অপেক্ষাকৃত সূক্ষ্ম এবং কনিষ্ঠাঙ্গুলী অনামিকার সহিত সমাকৃতি ও বুধের স্থান উচ্চ, অনামিকার দ্বিতীয় পর্ব্ব দীর্ঘ এবং সকল অঙ্গুলীরই দ্বিতীয় গ্রন্থি পুষ্ট হইলে, জাতক বৈজ্ঞানিক তত্ত্বানুসন্ধানে স্বতই রত হইয়া থাকে।　　[ চিত্র—৩৬, চিহ্ন—৯।১০

## —( তার্কিকতা )

৩৮১। শিষ্য। বৈজ্ঞানিক ব্যক্তির হস্তে কিরূপ বিশিষ্ট চিহ্ন থাকিলে, তৎসম্বন্ধের তর্কাদিতে পটুতা দেখাইতে পারে?

গুরু। উভয় হস্তে কনিষ্ঠা চতুষ্কোণ হইলে, জাতক বৈজ্ঞানিক তার্কিক হইয়া থাকে।

বৈধব্য।

৩৮২। শিষ্য। কি চিহ্ন বৈধব্যের সূচনা করে?

গুরু। (১) বুধক্ষেত্রগত বিবাহরেখা—নিম্নাভিমুখী ( ঢালু ) হইয়া হৃদয়রেখা স্পর্শ করিলে, (২) একটী সরলরেখা শুক্রের স্থান হইতে উত্থিত হইয়া আয়ুরেখা, শিরোরেখা ও হৃদয়রেখা এই রেখাত্রয় কর্ত্তন করিয়া বুধের স্থান স্পর্শ করিলে কিংবা (৩) বুধের স্থানের বিবাহরেখার উপর কাল তিল-চিহ্ন থাকিলে, জাতিকাকে বিধবা হইতে হয়। [ চিত্র—৩৫, চিহ্ন—১০।১১।১৬।

---

## ( শ )

শক্তিমত্তা।

৩৮৩। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক শক্তিসম্পন্ন হয়?

গুরু। যদি এক বা দুইটী সরলরেখা অনামিকার তৃতীয় পর্ব্ব হইতে দ্বিতীয় পর্ব্ব পর্য্যন্ত বিস্তৃত হয় এবং আয়ুরেখার শেষাংশে একটী ক্রুশ-চিহ্ন অঙ্কিত থাকে, তাহা হইলে জাতক শক্তিসম্পন্ন হইতে পারে।

[ চিত্র—৩০, চিহ্ন—৮ ; চিত্র—২৪, চিহ্ন ১।

শক্তিহীনতা।

৩৮৪। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক শক্তিহীন হইয়া থাকে?

গুরু। শিরোরেখা হস্ততলের মধ্যস্থান পর্য্যন্ত অঙ্কিত থাকিলে এবং বৃহস্পতির ও রবির স্থান নিম্ন হইলে জাতক শক্তিবিহীন বা কর্ম্মাক্ষম হইয়া থাকে।

[ চিত্র—২৭, চিহ্ন—৩।

শঠতা।

৩৮৫। শিষ্য। হস্তে কিরূপ চিহ্ন থাকিলে জাতক শঠ হইয়া থাকে?

গুরু। কনিষ্ঠাঙ্গুলী বক্র অথবা শিরোরেখা শাখাযুক্ত হইলে ও তাহার একটী শাখা চন্দ্রের স্থানে যাইলে জাতক শঠ হইয়া থাকে।

[ চিত্র—৪৩, চিহ্ন—৫।

## শত্রুতা।

৩৮৬। শিষ্য। কিরূপ চিহ্ন জাতকের বিরুদ্ধে অন্যের শত্রুতাচরণ সূচিত করিয়া দেয়?

গুরু। (১) বুধের নিম্নস্থ মঙ্গলের স্থানে হস্তপার্শ্বে তির্য্যক্ (টেরচা) ভাবে কোন রেখা অঙ্কিত থাকিলে, জাতকের বিরুদ্ধে কোন পুরুষ এবং (২) শুক্রের স্থানে কৃষ্ণবর্ণ তিল-চিহ্ন থাকিলে জাতকের বিরুদ্ধে কোন স্ত্রীলোক শত্রুতাচরণ করিতেছে, জানা যায়। [চিত্র—৩৪, চিহ্ন—১৮।১৯।

## শত্রুতায় হনন।

৩৮৭। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক গোপনে শত্রুকর্ত্তৃক হত হইবে বলিয়া বুঝিতে পারা যায়?

গুরু। মধ্যমার তৃতীয় পর্ব্বে তারকা-চিহ্ন অঙ্কিত এবং শনির স্থানের নিম্ন হইতে একটী সরলরেখা উত্থিত হইয়া, শুক্রবন্ধনীকে কর্ত্তন করিয়া অবস্থিত থাকিলে জাতক যে, শত্রুকর্ত্তৃক গুপ্তভাবে হত হইবে, তাহা বুঝিতে পারা যায়।

[চিত্র—২২, চিহ্ন—৩; চিত্র—৩৪, চিহ্ন—১৬।১৭।

## শারীরিক অস্বাস্থ্য।

৩৮৮। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতকের শরীর প্রায়ই অসুস্থ হইয়া থাকে?

গুরু। (১) আয়ুরেখা মলিন এবং স্থানে স্থানে সূক্ষ্ম অথবা স্থূল অথচ ক্ষুদ্র ক্ষুদ্র রেখাদ্বারা কর্ত্তিত বা বিন্দু-চিহ্নযুক্ত হইলে, (২) আয়ুরেখার শেষাংশে একটী ক্রুশ-চিহ্ন এবং শিরোরেখা ও স্বাস্থ্যরেখা অস্পষ্টরূপে অঙ্কিত হইলে কিংবা (৩) সকল অঙ্গুলীর প্রথম পর্ব্বের উপর বহু ঋজুরেখা থাকিলে জাতকের শরীর অসুস্থ হয়; কিন্তু শেষোক্ত চিহ্ন স্নায়ুদৌর্ব্বল্যজনিত অস্বাস্থ্যের সূচনা করে।

[চিত্র—৭, চিহ্ন—২; চিত্র—২০, চিহ্ন—৩; চিত্র—২১, চিহ্ন—১১।

## শারীরিক অস্বাস্থ্য—(বংশানুক্রমিক)

৩৮৯। শিষ্য। কি চিহ্নে জাতকের শরীর সম্বন্ধে বংশানুক্রমিক স্বাস্থ্যহানি সূচিত হয়?

গুরু। আয়ুরেখা যব-চিহ্নযুক্ত হইলে, জাতকের শরীর বংশানুক্রমিক অসুস্থ হইয়া দুর্ব্বল হইয়া থাকে। [ চিত্র—৩৪, চিহ্ন—২।

## শারীরিক স্বাস্থ্য।

৩৯০। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতকের শারীরিক স্বাস্থ্য অক্ষুণ্ণ থাকে?

গুরু। (১) মণিবন্ধের তিনটী রেখা পরিষ্কৃতরূপে অঙ্কিত, (২) করতল স্বাস্থ্যরেখাশূন্য, (৩) আয়ুরেখা ঈষৎ গোলাপী ও অপ্রশস্ত এবং সম্পূর্ণরূপে শুক্র-স্থান বেষ্টন করিয়া অবস্থিত কিংবা (৪) করত্রিকোণের দ্বিতীয় কোণ (অর্থাৎ স্বাস্থ্যরেখা ও শিরোরেখার মিলনোৎপন্ন কোণ) পরিষ্কৃত ও প্রশস্ত হইলে, জাতকের স্বাস্থ্য প্রায়ই অব্যাহত থাকে।

[ চিত্র—২৬, চিহ্ন - ৮।৬।১২।

## —(বিশিষ্টরূপ)

৩৯১। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক বিশিষ্টরূপ শারীরিক স্বাস্থ্য-রক্ষায় সমর্থ হয়?

গুরু। উভয় হস্তে আয়ুরেখার, অনুগরেখা এবং স্বাস্থ্যরেখা ও তাহার অনুগ-রেখা বা প্রবৃত্তিরেখা সুস্পষ্ট অঙ্কিত থাকিলে, জাতকের শরীর সাতিশয় সুস্থ হইয়া থাকে। [ চিত্র—৪১, চিহ্ন—১।২।৩।৪।

## শাসন—(অত্যাচারসহ)

৩৯২। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক অত্যাচারপূর্ব্বক অধীনদিগের শাসন করিতে রত হয়?

গুরু। তর্জ্জনীর তৃতীয় পর্ব্ব অন্যান্য পর্ব্বাপেক্ষা দীর্ঘতম এবং বৃদ্ধাঙ্গুলীর প্রথম পর্ব্ব পরিপুষ্ট হইলে, জাতক অত্যাচারপূর্ব্বক অধীনবর্গের শাসন করিতে অভিলাষী হয়।

## শিল্পবিজ্ঞানবেত্তৃত্ব।

৩৯৩ শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক শিল্পবিজ্ঞানবিৎ হয়?

গুরু। রবিস্থানে ত্রিকোণ-চিহ্ন থাকিলে, জাতক শিল্পবিজ্ঞানবিৎ হয়।

[ চিত্র—২৫, চিহ্ন—১৩।

## শিল্পবিদ্যাপ্রিয়তা।

৩১৪। শিষ্য। শিল্পবিদ্যাপ্রিয় ব্যক্তির হস্তে কি চিহ্ন তাহার সাধ্য বিদ্যায় বিশিষ্ট অনুরাগের সূচনা করে?

গুরু। (১) রবির স্থান সাতিশয় উচ্চ, (২) মধ্যমার প্রথম পর্ব্ব দীর্ঘ ও সূচ্যগ্র, বৃদ্ধাঙ্গুলী কুঞ্জাকৃতি এবং দুইটী সরলরেখা রবিস্থান হইতে উত্থিত হইয়া, অনামিকার তৃতীয় ও দ্বিতীয় পর্ব্ব অতিক্রম করিয়া প্রথম পর্ব্ব পর্য্যন্ত বিস্তৃত ও শিরোরেখা গড়াইয়া চন্দ্রস্থানে উপনীত হইলে, জাতক শিল্পপ্রিয় হয়।

[ চিত্র—৪২, চিহ্ন—৩।৪।৫.৬।

## শিল্পবিদ্যাবেত্তৃত্ব।

৩১৫। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক শিল্পবিদ্যাবিৎ হয়?

গুরু। (১) ভাগ্যরেখা মণিবন্ধ হইতে উত্থিত হইয়া রবির স্থানে যাইলে কিংবা (২) শিরোরেখা হইতে একটী রেখা স্পষ্টভাবে উত্থিত হইয়া রবির স্থানগত হইলে, জাতক শিল্পবিদ্যাবিৎ হইতে সমর্থ হয়।

[ চিত্র—৩৪, চিহ্ন—১২।২০।

## শিল্পে—(পারদর্শিতা)

৩১৬। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক শিল্পবিদ্যায় যথেষ্ট পারদর্শিতা-লাভে সমর্থ হয়?

গুরু। অনামিকার দ্বিতীয় পর্ব্ব অন্যান্য পর্ব্বাপেক্ষা দীর্ঘ হইলে জাতক সতর্কভাবে উত্তমরূপে শিল্পের চর্চ্চা করিয়া পারদর্শিতালাভ করিতে সমর্থ হইয়া থাকে।

## —(ভ্রমানিষ্ট)

৩১৭। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতকের শিল্পকার্য্যে ভ্রমবশতঃ অনিষ্ট ঘটিয়া থাকে?

গুরু। রবিস্থান তারকা-চিহ্নযুক্ত ও রবিরেখা হইতে দুইটী শাখা বক্রভাবে উত্থিত এবং অন্য রেখাদ্বারা কর্ত্তিত কিংবা রবিরেখা দ্বিধা-বিভক্ত হইয়া

'V' র ন্যায় আকৃতিবিশিষ্ট হইলে, জাতকের সতর্কতার অভাবে ভ্রমবশতঃ শিল্প-কার্য্যে অনিষ্ট ঘটিয়া থাকে।

[ চিত্র—১৪, চিহ্ন—৫।৬ ; চিত্র—৪২, চিহ্ন—২।

## শিষ্টাচার।

৩৯৮। শিষ্য। কি চিহ্ন জাতককে শিষ্টাচারী করে?

গুরু। চন্দ্রের ও শুক্রের স্থান সাতিশয় উচ্চ এবং অঙ্গুলীসমূহ গ্রন্থিযুক্ত ও সূচ্যগ্র হইলে জাতক শিষ্টাচারী হইয়া থাকে।

## শোক।

৩৯৯। শিষ্য। কি চিহ্ন জাতকের শোকের সূচনা করে?

গুরু। শুক্রস্থান হইতে একটী সরলরেখা উত্থিত হইয়া আয়ুরেখা, শিরোরেখা, হৃদয়রেখা—এই তিনটী রেখা কর্ত্তন করিলে, জাতকের প্রিয়বিয়োগ ও অপ্রিয়-সংযোগ হইতে শোকসংঘটন হইয়া থাকে।

চিত্র—২০, চিহ্ন—৪।

# ( ষ )

## ষড়্‌যন্ত্র—( প্রেমসম্বন্ধে )

৪০০। শিষ্য। হস্তে কি চিহ্ন থাকিলে জাতক পার্থিব অলীক প্রেমসম্বন্ধে ষড়্‌যন্ত্র করিয়া থাকে?

গুরু। দুইটী সরলরেখা শুক্রস্থান হইতে উত্থিত হইয়া মঙ্গলের স্থানে যাইলে জাতক প্রেমসাধনে এরূপ ষড়্‌যন্ত্রকারী হয় যে, একাধিক লোকের সহিত মিলিত থাকিয়াও, পরস্পরকে কিছুই জানিতে দেয় না।

[ চিত্র—৪০, চিহ্ন—১০।

—( প্রেমসম্বন্ধে বিপৎ )

৪০১। শিষ্য। হস্তে কি চিহ্ন থাকিলে জাতককে প্রেমবশে ষড়্‌যন্ত্র করিয়া বিপদ্‌গ্রস্ত হইতে হয় ?

গুরু। দুইটী রেখা একটী শুক্রস্থান ও অপরটী চন্দ্রস্থান হইতে উত্থিত হইয়া ভাগ্যরেখা স্পর্শ করিলে, জাতক নিভৃত প্রেমসাধন সম্বন্ধে ষড়্‌যন্ত্র করিয়া বিপদ্‌গ্রস্ত হয়। [ চিত্র—২০, চিহ্ন—১১।১২।

—————

## ( স )

### সংসার-নির্ব্বাহ—( সুশৃঙ্খল )

৪০২। শিষ্য। হস্তে কি চিহ্ন থাকিলে জাতক সুশৃঙ্খলরূপে সংসার পরিচালন করিতে সমর্থ হয় ?

গুরু। হৃদয়রেখা ও শিরোরেখা দীর্ঘ ও পরিষ্কৃতরূপে অঙ্কিত হইলে এবং অনামিকার পর্ব্ব সকল অপর সকল পর্ব্ব অপেক্ষা দীর্ঘতম হইলে, জাতক সুশৃঙ্খলরূপে সংসারযাত্রা নির্ব্বাহ করে। [ চিত্র - ৩৬, চিহ্ন - ১৪।১৭।

### সংসারাকর্ষণ।

৪০৩। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক সংসারে বিশিষ্টরূপে আকৃষ্ট হয় ?

গুরু। করতল অঙ্গুলীসমূহের সমদীর্ঘ ও বৃহস্পতির স্থান উচ্চ [illegible] সংসারে সাতিশয় আকৃষ্ট হয়।

### সজ্জাগ্রদীন্দ্রিয়ত্ব।

৪০৪। শিষ্য। কি চিহ্ন থাকিলে যন্ত্রের মূলতত্ত্বানুসন্ধায়ী জাতকের নিদ্রিতাবস্থায় কতকগুলি ইন্দ্রিয় জাগ্রত থাকে ?

গুরু। স্বাস্থ্যরেখার উপর যব-চিহ্ন থাকিলে, সুষুম্ণাতন্ত্রবাহুসম্বন্ধীয় জাতকের নিদ্রিতাবস্থায় কতকগুলি ইন্দ্রিয় জাগ্রত থাকে।

[ চিত্র—৩৪, চিহ্ন—১।

সত্তমতা।

৪০৫। শিষ্য। হস্তে কি চিহ্ন থাকিলে জাতক সত্তম ( সাধুব্রত ) হইতে পারে ?

গুরু। ( ১ ) শুক্রস্থান হইতে দুই তিনটী ঊর্দ্ধমুখী সরলরেখা উত্থিত, বৃদ্ধাঙ্গুলীর অভিমুখী ও অপর কোন রেখাদ্বারা অকর্ত্তিত, ( ২ ) শুক্রস্থান সমভাবে উচ্চ ও শিরোরেখা দীর্ঘ এবং অপ্রশস্ত কিংবা ( ৩ ) হৃদয়রেখা স্পষ্টরূপে অঙ্কিত ও বৃহস্পতির স্থানের নিম্নদেশে শাখাযুক্ত হইয়া থাকিলে, জাতক মাহাত্ম্যে সত্তম হইয়া থাকে।

[ চিত্র - ৩৯, চিহ্ন—২১ ; চিত্র -২৩, চিহ্ন—১১।

সত্যপ্রিয়তা।

৪০৬। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক সত্যপ্রিয় হয় ?

গুরু। ( ১ ) অনামিকা ও তর্জ্জনী চতুষ্কোণাকৃতি কিংবা (২) অঙ্গুলীগুলি গ্রন্থিযুক্ত, চতুষ্কোণ ও গুণ্ডাকার হইলে, জাতক সত্যপ্রিয় হয়।

সদাত্মসাধন।

৪০৭। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক সদাত্মসাধন বা আধ্যাত্মিক জ্ঞানার্জ্জন করিতে পারে ?

গুরু। অঙ্গুলীসকল গুণ্ডাকার, প্রথম পর্ব্ব দীর্ঘ এবং বৃহস্পতির স্থান শনির দিকে অভিনমিত ( হেলান ) হইলে, জাতক সদাত্মসাধনপর বা আধ্যাত্মিক-জ্ঞানরত হইতে সমর্থ হয়।

সদানন্দত্ব।

৪০৮। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক সদানন্দ হইতে সমর্থ হয় ?

গুরু। ( ১ ) কনিষ্ঠার প্রথম পর্ব্ব দীর্ঘ এবং বৃহস্পতির ও বুধের স্থান উচ্চ, অথবা (২) করতল কঠিন, শুক্রস্থান উচ্চ ও শনির স্থান নিম্ন হইলে জাতক সদানন্দ হয়।

## সন্দিগ্ধচিত্ততা।

৪০৯। শিষ্য। কি চিহ্নে জাতক স্ত্রীসম্বন্ধে সন্দিগ্ধচিত্ত হয়?

গুরু। (১) শুক্রস্থান উচ্চ, হৃদয়রেখা হস্তপার্শ্ব পর্য্যন্ত বিস্তৃত, (২) হৃদয়রেখা দীর্ঘ, চন্দ্রস্থান পুষ্ট ও বহুরেখাযুক্ত এবং শুক্রবন্ধনী অঙ্কিত কিংবা (৩) হৃদয়রেখা বুধের স্থান হইতে উত্থিত হইয়া বৃহস্পতি স্থান অতিক্রম করিলে, জাতক কি স্বকীয়া, কি পরকীয়া সকল স্ত্রীর সম্বন্ধেই সন্দেহ করিয়া থাকে।

[ চিত্র—৩৬, চিহ্ন—১৪; চিত্র—৪৩, চিহ্ন—২।

## সন্ধিগত বাত।

৪১০। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক সন্ধিগতবাতে আক্রান্ত হয়?

গুরু। আয়ুরেখার শেষাংশ শাখাবিশিষ্ট হইয়া একটী শাখা চন্দ্রস্থানে যাইলে, জাতক সন্ধিগত বাত রোগে আক্রান্ত হয়। [ চিত্র—৩৯, চিহ্ন—১০।

## সন্ধিকৌশল।

৪১১। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক স্বভাবতঃ সন্ধিকুশল হইতে পারে?

গুরু। কনিষ্ঠা সূচাগ্র ও বুধের স্থানে ত্রিকোণ-চিহ্ন থাকিলে, জাতক স্বভাবতঃ সাধারণ সন্ধিস্থাপন করিতে সমর্থ হয়। [ চিত্র—৩৫, চিহ্ন—৮।

## সন্ন্যাস—( কর্ম্মত্যাগ )

৪১২। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক উদাসীন হয়?

গুরু। বৃহস্পতি বুধ ও শুক্রের স্থান উচ্চ এবং উভয় হস্তে শিরোরেখা হৃদয়রেখার সহিত মিলিত হইলে, জাতক কর্ম্মসন্ন্যাসে উদাসীন হয়।

[ চিত্র—২০, চিহ্ন—১·১।

## সন্ন্যাস—( বৈরাগ্য )

৪১৩। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক সন্ন্যাসী বা সংসারবিরাগী হয়?

গুরু। (১) বৃহস্পতিস্থান পরিপুষ্ট ও রেখাশূন্য (২) হৃদয়-রেখার শেষভাগ শাখাবিশিষ্ট ও একটী শাখা তর্জ্জনী ও মধ্যমার মধ্যস্থান পর্য্যন্ত বিস্তৃত কিংবা

—( যুদ্ধে )

৪১৮। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক যুদ্ধসম্বন্ধে সম্মানলাভ করিতে পারে ?

গুরু। একটী ত্রিকোণ-চিহ্ন বা তারকা-চিহ্ন মঙ্গলের স্থানে থাকিলে জাতক যুদ্ধকার্য্য হইতে সম্মানলাভ করিয়া থাকে। [ চিত্র—৪০, চিহ্ন—৮।১৩।

—( রাজনীতিতে )

৪১৯। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক রাজনীতিক কর্ম্মে সম্মানলাভ করিতে সমর্থ হয় ?

গুরু। তর্জ্জনীর প্রথম পর্ব্বে কিংবা বৃহস্পতির স্থানে তারকা-চিহ্ন থাকিলে, জাতক রাজনীতি সম্বন্ধে সম্মানলাভ করিতে সমর্থ হয়।

[ চিত্র—৮, চিহ্ন—৮ ; চিত্র—১৪, চিহ্ন - ২।

—( সাতিশয় )

৪২০। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতকের সুমহান্ সম্মান ঘটিয়া থাকে ?

গুরু। করচতুষ্কোণ তারকা-চিহ্নযুক্ত, অনামিকার মূল হইতে উত্থিত একটী রেখা প্রথম পর্ব্ব পর্য্যন্ত বিস্তৃত হইলে জাতক মহান্ জনের ন্যায় কর্ম্মে সাতিশয় সম্মানলাভ করিতে সমর্থ হয়।

[ চিত্র—৪৩, চিহ্ন—৩।৪।

—( সরলতা )

৪২১। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক সরল-প্রকৃতি হয় ?

গুরু। অঙ্গুলীসকল শুণ্ডাকার ও বৃদ্ধাঙ্গুলী ক্ষুদ্র হইলে, জাতক সরল-প্রকৃতি হইয়া থাকে।

## সসম্মান অর্থলাভ।

৪২২। শিষ্য। কি চিহ্ন বিশিষ্ট সম্মান ও অর্থপ্রাপ্তির সূচনা করে ?

গুরু। আয়ুরেখা হইতে একটি সরলরেখা উত্থিত হইয়া শিরোরেখা ও হৃদয়রেখা—উভয় রেখা কর্ত্তন করিয়া শনি কিংবা বৃহস্পতির স্থানে যাইলে জাতক সম্মানসহ অর্থ লাভ করে। [ চিত্র—৩৩, চিহ্ন—৫।

## সহজজ্ঞান—( প্রমাণনিরপেক্ষ )

৪২৩। শিষ্য। কি চিহ্নে জাতকের প্রমাণনিরপেক্ষ স্বাভাবিক বা সহজ জ্ঞানের অস্তিত্ব সূচিত হয়?

গুরু। (১) হৃদয়রেখা হইতে একটী শাখা উত্থিত হইয়া বৃহস্পতিস্থানগত, (২) ভাগ্যরেখা চন্দ্রস্থান হইতে উত্থিত, তর্জ্জনী ও অনামিকা দীর্ঘ এবং ক্রমশঃ সূক্ষ্ম, (৩) চন্দ্রস্থানে ত্রিকোণ-চিহ্ন অঙ্কিত, (৪) একটী রেখা চন্দ্রস্থান হইতে উত্থিত হইয়া, ধনুঃসদৃশ বক্রাকারে বুধের স্থানে উপনীত কিংবা (৫) হৃদয়রেখার, ভাগ্যরেখার ও স্বাস্থ্যরেখার যোগে করত্রিকোণ সুস্পষ্টভাবে অঙ্কিত হইয়া থাকিলে জাতক সহজ-জ্ঞানেই স্বতঃসিদ্ধ ও প্রমাণনিরপেক্ষভাবে তত্ত্ব বুঝিতে সমর্থ হয়।

[ চিত্র—২৫, চিহ্ন—১২।১৪ ; চিত্র—৩৪, চিহ্ন—১১ ;
চিত্র—৩২, চিহ্ন—৬ ; চিত্র—৩৮, চিহ্ন—১২।

## সাংসারিক সুখস্বাচ্ছন্দ্য।

৪২৪। শিষ্য। কি চিহ্ন জাতকের সাংসারিক সুখস্বাচ্ছন্দ্যের সূচনা করে?

গুরু। মণিবন্ধ হইতে ভাগ্যরেখা উত্থিত হইয়া সুস্পষ্টভাবে বৃহস্পতিস্থানের মধ্যে সম্পূর্ণ হইলে, জাতক সাংসারিক সুখস্বাচ্ছন্দ্য লাভ করিয়া থাকে।

[ চিত্র—৩৮, চিহ্ন—২।

## সাজ্ঘাতিক পীড়া।

৪২৫। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতকের সাজ্ঘাতিক পীড়া হয়?

গুরু। (১) আয়ুরেখা ভগ্ন ও উক্ত স্থান হইতে একটী রেখা উত্থিত হইয়া শুক্রস্থানের মধ্য দিয়া বৃদ্ধাঙ্গুলী পর্য্যন্ত বিস্তৃত অথবা (২) হৃদয়রেখা শনির নিম্নে ভগ্ন ও উক্ত ভগ্নরেখা দুইটী উপর্য্যুপরি অবস্থিত হইলে, জাতকের সাজ্ঘাতিক পীড়া হইয়া থাকে। [ চিত্র—৪২, চিহ্ন—১৭।১৮।

## —( শৈশবে )

৪২৬। শিষ্য। কি চিহ্নে জাতকের শৈশবে সাজ্ঘাতিক পীড়া সূচিত হয়?

গুরু। শিরোরেখা, হৃদয়রেখা ও আয়ুরেখা বৃহস্পতির নিম্নে মিলিত হইলে, জাতকের বাল্যে সাজ্ঘাতিক পীড়া হইয়া থাকে এবং উভয় হস্তে থাকিলে মৃত্যু হইয়া থাকে। [ চিত্র—২৩, চিহ্ন—১১।

## সাধনতৎপরতা।

৪২৭। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক স্বকর্ম্মসাধনতৎপর বা অধ্যবসায়ী হয়?

গুরু। (১) বৃহস্পতির স্থান পুষ্ট, হৃদয়রেখা সুস্পষ্টরূপে অঙ্কিত, শিরোরেখা হস্তের একপার্শ্ব হইতে অপর পার্শ্ব পর্য্যন্ত বিস্তৃত এবং বৃদ্ধাঙ্গুলী দীর্ঘ, (২) কনিষ্ঠা আপেক্ষিক পরিমাণে সাতিশয় দীর্ঘ ও উহার তৃতীয় পর্ব্ব অপেক্ষাকৃত দীর্ঘতম কিংবা (৩) হস্ততল (মণিবন্ধ হইতে সমগ্র অঙ্গুলী পর্য্যন্ত) মধ্যমাকৃতি, গ্রন্থিসকল পুষ্ট ও অঙ্গুলীসমূহ চতুষ্কোণাকৃতি হইলে জাতক সর্ব্বদা স্বকর্ম্মসাধনে তৎপর হইয়া থাকে।

[ চিত্র—২৮, চিহ্ন—৫।২।

## সাধারণ সরলজ্ঞান।

৪২৮। শিষ্য। কি চিহ্ন জাতকের সাধারণ সরলজ্ঞানের সূচনা করে?

গুরু। (১) বৃদ্ধাঙ্গুলীর প্রথম ও দ্বিতীয় পর্ব্ব সমভাবে দীর্ঘ, (২) শিরোরেখা সরল ও স্পষ্টরূপে অঙ্কিত কিংবা (৩) কনিষ্ঠার দ্বিতীয় পর্ব্ব সাতিশয় দীর্ঘ হইলে জাতক সাধারণ সরলবুদ্ধিবিশিষ্ট হয়। [ চিত্র—৩৮, চিহ্ন—১৩।

## সাধুতা।

৪২৯। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক সাধুপ্রকৃতি হয়?

গুরু। একটী গভীর সরলরেখা কনিষ্ঠার তৃতীয় পর্ব্ব হইতে প্রথম পর্ব্ব পর্য্যন্ত বিস্তৃত হইয়া থাকিলে, জাতক সাধুস্বভাবসম্পন্ন হয়।

[ চিত্র—৩৬, চিহ্ন—১২।

## সান্দ্রোগ্রতা।

৪৩০। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতককে সততই উগ্রস্বভাব হইতে হয়?

গুরু। (১) নখরসকল প্রশস্ত ও চতুষ্কোণ, করতল কঠিন এবং করত্রিকোণ ক্রুশ-চিহ্নযুক্ত কিংবা (২) মঙ্গলের স্থান সাতিশয় উচ্চ ও উক্ত স্থানে জাল বা ক্রুশ-চিহ্ন অঙ্কিত হইয়া থাকিলে, জাতক সততই স্বীয় উগ্রস্বভাবের পরিচয় দিয়া থাকে। [ চিত্র—১৭, চিহ্ন—১৭।৫।৬।

## সান্দ্রেকসাধনপরত্ব।

৪৩১। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতকের স্বভাব একগুঁয়ে (নাছোড়বান্দা) হয়?

গুরু। (১) শিরোরেখা শনির স্থান হইতে উত্থিত হইয়া চন্দ্রস্থানগত, হৃদয়রেখা অস্পষ্টরূপে অঙ্কিত এবং নখরসমূহের দৈর্ঘ্যাপেক্ষা বিস্তার অধিক, (২) বৃদ্ধাঙ্গুলীর প্রথম পর্ব্ব খর্ব্ব ও প্রশস্ত, হৃদয়রেখা অস্পষ্টভাবে অঙ্কিত ও শিরোরেখা বৃহস্পতির নিম্ন হইতে উত্থিত হইয়া চন্দ্রের স্থানে আসিয়া সম্পূর্ণ কিংবা (৩) বৃদ্ধাঙ্গুলীর প্রথম পর্ব্ব খর্ব্ব ও প্রশস্ত এবং করতল কঠিন হইলে জাতক একগুঁয়ে হয়; আত্মাভিমানও করিয়া থাকে। [ ১৮—পৃষ্ঠা, ৬৯ অনুবন্ধ। [ চিত্র—১৮, চিহ্ন—১০। [ চিত্র—৪৩, চিহ্ন—৫; চিত্র—৪৪, চিহ্ন—৬।৭।

## সাফল্য।

৪৩২। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক স্বকর্ম্মসাধনে সফলমনোরথ হইতে সমর্থ হয়?

গুরু। আয়ুরেখা হইতে উত্থিত ঊর্দ্ধগামী শাখারেখা অন্তরেখাদ্বারা কর্ত্তিত না হইলে, জাতক স্বকর্ম্মসাধনে সফলমনোরথ হইতে পারে।

[ চিত্র—২০, চিহ্ন—৪।

## —( প্রতিবন্ধকতা )

৪৩৩। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক কর্ম্মসাধনে সফলমনোরথ হইতে গিয়া প্রতিবন্ধকতা পায়?

গুরু। আয়ুরেখা ঊর্দ্ধমুখী, শাখারেখা বা ভাগ্যরেখা শুক্রস্থানস্থ কোন রেখাদ্বারা কর্ত্তিত হইলে, জাতকের সাধ্যাসাধনে অন্তরায়ের বা কোন অপরিহার্য্য প্রতিবন্ধকতার নিশ্চিতই সঙ্ঘটন হইয়া থাকে। [ চিত্র—৪১, চিহ্ন—১৯।২০।

## সাময়িক উন্নতি—(প্রতিবন্ধকতা)

৪৩৪। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতকের সাময়িক উন্নতির প্রতিবন্ধকতার সঙ্ঘটন হইয়া থাকে?

গুরু। কোন একটী তির্য্যক্ (টের্চ্ছা) সরলরেখা শুক্রস্থান হইতে খউত্থিত হইয়া, আয়ুরেখা ভেদ করিয়া উন্নতিসূচক রেখার শেষভাগ কর্ত্তন করিলে,

জাতক স্বকর্ম্মে সামরিক উন্নতিসাধন সম্বন্ধে যথেষ্ট প্রতিবন্ধকতা বা বাধা-বিঘ্ন পাইয়া থাকে। [ চিত্র—৩৩, চিহ্ন- ৮।৮।

## সামাজিকবিধিপালন।

৪৩৫। শিষ্য। সামাজিক আচার-ব্যবহার পালনের চিহ্ন কি?

গুরু। আয়ুরেখার ও শিরোরেখার মিলনস্থান দীর্ঘ এবং হৃদয়রেখা ও শিরোরেখা পরস্পর নিকটবর্ত্তী হইলে, জাতক সামাজিক আচার-ব্যবহার পালন করিয়া থাকে।

চিত্র- ৪১, চিহ্ন- ৮।

## সাহসিকতা।

৪৩৬। শিষ্য। কি চিহ্নে জাতক সাহসিকতার পরিচয় দিতে সমর্থ হয়?

গুরু। (১) উভয় করতলে করত্রিকোণ পরিস্কৃতরূপে অঙ্কিত, মঙ্গলের স্থান উচ্চ ও রেখাশূন্য এবং মঙ্গলের ক্ষেত্র পরিপুষ্ট হইলে কিংবা ( ২ ) অঙ্গুলী-সকল সরল ও তাহাদের তৃতীয়পর্ব্বগুলি উন্নত হইলে জাতক সাহসী হয়।

### —( অবিচলিত )

৪৩৭ শিষ্য। কি চিহ্ন জাতকের অবিচলিত সাহসিকতার সূচনা করে?

গুরু। বুধের স্থানের নিম্নস্থ মঙ্গলের স্থান উচ্চ, করতল কঠিন ও অঙ্গুলী-সকল চতুষ্কোণ হইলে, জাতকের সাহস অবিচলিত থাকে।

### —( অসম )

৪৩৮। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক অসমসাহসিকতার পরিচয় দেয়?

গুরু। বুধের নিম্নস্থ মঙ্গলের স্থান উচ্চ, অঙ্গুলীসকল সূক্ষ্মাগ্র ও করতল কঠিন হইলে জাতক অসমসাহসিকতার পরিচয় দিতে পারে।

## সাহিত্যসমালোচকত্ব।

৪৩৯। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক সাহিত্যসমালোচক হইয়া থাকে।

গুরু। বৃহস্পতির বুধের ও চন্দ্রের স্থান উচ্চ, অঙ্গুলীসমূহ চতুষ্কোণ কিংবা স্থূলাগ্র, অঙ্গুলীর দ্বিতীয় গ্রন্থিসমূহ পুষ্ট ও নখরসমূহ ক্ষুদ্র ও শুক্রবন্ধনী অঙ্কিত থাকিলে, জাতক সাহিত্যসমালোচক হইয়া থাকে।

[ চিত্র—৪০, চিহ্ন—২।

## সুখাভিলাষ—( ইন্দ্রিয়গত )

৪৪০। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক ইন্দ্রিয়গত সুখাভিলাষে রত থাকে ?

গুরু। ( ১ ) শুক্রবন্ধনী বুধস্থান পর্য্যন্ত বিস্তৃত এবং শুক্রের স্থান উচ্চ কিংবা ( ২ ) হৃদয়রেখা শনির স্থানে আসিয়া সম্পূর্ণ এবং অঙ্গুলীসকল স্থূলাগ্র কিংবা চতুষ্কোণ, তৃতীয় পর্ব্ব অন্যান্য পর্ব্বাপেক্ষা ক্ষুদ্র হইলে জাতক ইন্দ্রিয়গত সুখের উপভোগে প্রবৃত্ত থাকে।

[ চিত্র—২৫, চিহ্ন—১২ ; চিত্র—২৭, চিহ্ন—১৪।

## সুখাভিলাষিতা।

৪৪১। শিষ্য। কি চিহ্ন জাতককে সুখাভিলাষী করে ?

গুরু। অঙ্গুলীসকল গ্রন্থিশূন্য, চতুষ্কোণ বা স্থূলাগ্র ও পুষ্ট হইলে এবং শুক্রের ও চন্দ্রের স্থান উচ্চ হইলে, জাতক সুখাভিলাষী হইয়া থাকে।

## সুখ্যাতি।

৪৪২। শিষ্য। জাতকের সুখ্যাতির সূচক চিহ্ন কি ?

গুরু। (১) রবিরেখা উভয় হস্তে স্পষ্টরূপে অঙ্কিত ও অপর কোন রেখা দ্বারা অকর্ত্তিত কিংবা (২) বৃহস্পতির স্থানে তারকা-চিহ্ন অঙ্কিত হইয়া থাকিলে জাতক সাধারণ্যে সুখ্যাতিলাভ করিয়া থাকে।

[ চিত্র—৩৬, চিহ্ন—১৫ ; চিত্র—১৩, চিহ্ন—৯।

## —( অসাধারণ )

৪৪৩। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক অসাধারণ সুখ্যাতিলাভে সমর্থ হয় ?

গুরু। অনামিকার তৃতীয় পর্ব্ব হইতে একটী সরলরেখা উত্থিত হইয়া প্রথম পর্ব্ব পর্য্যন্ত বিস্তৃত থাকিলে জাতক অসাধারণ সুখ্যাতি অর্জ্জন করিতে সমর্থ হয়।

[ চিত্র—৪৩, চিহ্ন—৪

## সূক্ষ্মতত্ত্বানুসন্ধান।

৪৪৪। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতকের সমস্ত বিষয়ের সূক্ষ্মতত্ত্বানুসন্ধানে কৌতূহল জন্মিয়া থাকে?

গুরু। রবির স্থান উচ্চ, হস্তাঙ্গুলীসমূহ পুষ্ট, কোমল, কমনীয় এবং নখর সকল ক্ষুদ্র হইলে, জাতকের সূক্ষ্মতত্ত্বানুসন্ধানের জন্য কৌতূহল জন্মিয়া থাকে।

## সূক্ষ্মধর্ম্মতত্ত্বজ্ঞ।

৪৪৫। শিষ্য। সূক্ষ্মধর্ম্মতত্ত্বজ্ঞ মহাত্মার হস্তে কিরূপ চিহ্ন দেখিতে পাওয়া যায়?

গুরু। শুক্রস্থান রেখাবিহীন ও বৃহস্পতি, শনি, রবি, বুধ, মঙ্গল, চন্দ্র, শুক্র—এই সকল গ্রহেরই স্থান পরিপুষ্ট হইলে, জাতক স্থিরচেতাঃ বিশুদ্ধ-প্রকৃতি হইয়া নির্জ্জনবাসে ঈশ্বরপ্রেমে সূক্ষ্মধর্ম্মের তত্ত্ব বুঝিবার জন্য জীবনযাপন করিয়া থাকে।

[ চিত্র—৪৪, চিহ্ন—৪।

## সূক্ষ্মবিচার।

৪৪৬। শিষ্য। কি চিহ্ন জাতকের সূক্ষ্মবিচারশক্তির সূচনা করে?

গুরু। (১) হস্ততল ক্ষুদ্র, অঙ্গুলীসকল গ্রন্থিযুক্ত, (২) অঙ্গুলীসকল হস্ত-তলের সমান দীর্ঘ ও চতুষ্কোণ এবং অঙ্গুলীসকলের দ্বিতীয় পর্ব্ব অপেক্ষাকৃত দীর্ঘ হইলে জাতকের সমস্ত বিষয়ে উত্তমরূপ বিচার করিবার ক্ষমতা আছে, জানা যায়।

## সেবকতত্ত্ব—( আরাধনায় )

৪৪৭। শিষ্য। কি চিহ্ন জাতককে দেবসেবায় রত করে?

গুরু। বুধের নিম্নস্থ মঙ্গলের স্থান উচ্চ, হৃদয়রেখা স্পষ্টরূপে অঙ্কিত, বৃহস্পতির ও শুক্রের স্থান উন্নত হইলে, জাতক দেবদেবীর আরাধনা উপাসনায় রত হইতে সমর্থ হয়।

## সৈনিকত্ব—( খ্যাতি )

৪৪৮। শিষ্য। বিখ্যাত সৈনিকপুরুষের হস্তে কি চিহ্ন তাঁহার খ্যাতি প্রতিপত্তির সূচক?

গুরু। আয়ুরেখার ও ভাগ্যরেখার মধ্যস্থ মঙ্গলের ক্ষেত্রে একটী ত্রিকোণ-চিহ্ন থাকিলে জাতক বিখ্যাত সৈনিকপুরুষ হইতে পারে।

[ চিত্র—৪৪, চিহ্ন—৩।

## সৈনিকত্ব—( বিচক্ষণতা )

৪৪৯। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক বিচক্ষণ সৈনিক হইতে পারে?

গুরু। মধ্যমার তৃতীয় পর্ব্বে একটী গভীররেখা অঙ্কিত এবং মঙ্গলের ক্ষেত্র উচ্চ হইলে জাতক সৈনিক হইয়া কার্য্যে বিচক্ষণতার পরিচয় দিতে সমর্থ হয়।

[ চিত্র—৪৪, চিহ্ন—৮।

## সৌজন্য।

৪৫০। শিষ্য। কি চিহ্ন জাতকের সৌজন্যের সূচনা করে?

গুরু। অঙ্গুলীসমূহের প্রথম পর্ব্ব পুষ্ট এবং বৃহস্পতির রবির ও শুক্রের স্থান পুষ্ট হইলে, জাতক সৌজন্য দেখাইতে সমর্থ হয়।

## সৌভাগ্য—( জলভ্রমণে )

৪৫১। শিষ্য। জাতকের জলভ্রমণে সৌভাগ্যসূচক চিহ্ন কি?

গুরু। চন্দ্রস্থানে করত্রিকোণের সন্নিকটে একটি ক্রুশ-চিহ্ন থাকিলে জাতক জলভ্রমণে সৌভাগ্যলাভে সমর্থ হয়। [ চিত্র—৩৯, চিহ্ন—৬।

## সৌভাগ্যবত্তা।

৪৫২। শিষ্য। কি চিহ্নে জাতক সৌভাগ্যবান্ হইতে সমর্থ হয়?

গুরু। (১) ভাগ্যরেখা মণিবন্ধ হইতে উত্থিত হইয়া মধ্যমাঙ্গুলীর তৃতীয় পর্ব্ব পর্য্যন্ত যাইলে, (২) একটী সরলরেখা শিরোরেখা হইতে উত্থিত হইয়া বৃহস্পতির স্থানে তারকা-চিহ্নের সহিত মিলিত হইলে কিংবা রবিরেখা আয়ুরেখা হইতে উত্থিত হইয়া রবিস্থান পর্য্যন্ত যাইলে, জাতক সৌভাগ্যবান্ হইয়া থাকে।

[ চিত্র—৪০, চিহ্ন—১৪ ; চিত্র—১১, চিহ্ন—১ ; চিত্র—৫, চিহ্ন—৪।

## —( অন্যসাহায্যে )

৪৫৩। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক অন্যের সাহায্যে সৌভাগ্যবান্ হয়?

গুরু। ভাগ্যরেখা চ স্থান হইতে সরলভাবে উত্থিত হইয়া শনির স্থান পর্য্যন্ত যাইলে, জাতক অ ে র সাহায্য পাইয়া সৌভাগ্যবান্ হইতে সমর্থ হয়।

[ চিত্র—৩৫, চিহ্ন—১৪।

## সৌভাগ্যশালীতা

৪৫৪। শিষ্য। সৌভাগ্যশালী ব্যক্তির হস্তে কি বিশিষ্ট চিহ্ন দেখিতে পাওয়া যায়?

গুরু। (১) শিরোরেখা ও হৃদয়রেখা শাখাযুক্ত, (২) একটী সরলরেখা শুক্রস্থান হইতে উত্থিত হইয়া বুধস্থান পর্য্যন্ত বিস্তৃত কিংবা (৩) বুধের অথবা বৃহস্পতির স্থানে একটী গভীর রেখা অঙ্কিত হইয়া থাকিলে জাতক সৌভাগ্যশালী হইতে সমর্থ হয়।

[ চিত্র—৪১, চিহ্ন—৭।৯ ; চিত্র—৪০, চিহ্ন—৪।১৫।১৬।

## সৌভাগ্যোদয় ( জীবনের শেষে হঠাৎ )

৪৫৫। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতকের জীবনের শেষাংশে হঠাৎ সৌভাগ্যোদয় হয়?

গুরু। মণিবন্ধস্থ বলয়ত্রয়ের কোন একটীর উপর ক্রুশ-চিহ্ন থাকিলে জাতকের জীবনের শেষাংশে হঠাৎ সৌভাগ্যোদয় হয়।

[ চিত্র—২৮, চিহ্ন—৮।

## —( সাতিশয় )

৪৫৬। শিষ্য। জাতকের সাতিশয় সৌভাগ্যোদয়ের চিহ্ন কি?

গুরু। অনুগরেখা, আয়ুরেখা ও প্রবৃত্তিরেখা স্বাস্থ্যরেখার পার্শ্বে থাকিলে জাতক সাতিশয় সৌভাগ্যবান্ হয়।

[ চিত্র—৪১, চিহ্ন—১।২।৩।৪।

## —( সাতিশয় পরিশ্রমে )

৪৫৭। শিষ্য। কি চিহ্ন জাতকের সাতিশয় পরিশ্রমে সৌভাগ্যোদয়ের সূচনা করে?

গুরু। মণিবন্ধ শৃঙ্খলাকার ও সরল, কিন্তু অবিচ্ছিন্ন হইলে জাতক সাতিশয় পরিশ্রমে সৌভাগ্যলাভ করিতে সমর্থ হয়। [ চিত্র—২৫, চিহ্ন—৭।

## —( হঠাৎ )

৪৫৮। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতকের হঠাৎ সৌভাগ্যোদয় হয় ?

গুরু। ভাগ্যরেখা চন্দ্রস্থান হইতে উত্থিত হইয়া হৃদয়রেখা পর্য্যন্ত যাইলে এবং হৃদয়রেখা বৃহস্পতির স্থান পর্য্যন্ত বিস্তৃত হইলে জাতকের হঠাৎ সৌভাগ্যোদয় হয়। [ চিত্র ৩৬, চিহ্ন—৪।১৪।

## সৌহৃদ্য—( ধার্ম্মিকসহ )

৪৫৯। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক মহান্ ধার্ম্মিকের সহিত সৌহার্দ্দ্য-স্থাপনে সমর্থ হয় ?

গুরু। কনিষ্ঠার মূল হইতে একটী রেখা উত্থিত হইয়া বুধস্থানগত হইলে জাতক মহান্ ধার্ম্মিকজনের সহিত সৌহৃদ্য রক্ষা করিতে সমর্থ হয়।

[ চিত্র—৪৭, চিহ্ন—৯।

## স্ত্রীপ্রপীড়িতত্ব।

৪৬০। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক স্ত্রীজাতি দ্বারা প্রপীড়িত হইয়া থাকে ?

গুরু। (১) বৃদ্ধাঙ্গুলীর প্রথম, দ্বিতীয় কিংবা তৃতীয় পর্ব্বে কৃষ্ণবর্ণ তিল-চিহ্ন থাকিলে, (২) একটী সরলরেখা শুক্রস্থান হইতে উত্থিত হইয়া ভাগ্যরেখা কর্ত্তন করিলে কিংবা (৩) মঙ্গলের ক্ষেত্রে একটী বৃত্তচিহ্ন অঙ্কিত হইয়া থাকিলে জাতক স্ত্রীজাতিকর্ত্তৃক প্রপীড়িত হয়।

[ চিত্র—৪ , চিহ্ন—১০।১১ ১২।

## স্ত্রীপ্রীতি।

৪৬১। শিষ্য। কি চিহ্ন থাকিলে স্ত্রীজাতি পুরুষের প্রতি সাতিশয় অনুরক্তা হয় ?

গুরু। স্ত্রীজাতির হস্তে আয়ুরেখার পার্শ্বে একটী অনুগরেখা থাকিলে, জাতিকা পুরুষকে সাতিশয় ভালবাসিয়া তাহাতে অনুরক্তা থাকে।

[ চিত্র— ৪১, চিহ্ন—১.২।

## স্ত্রীপ্রেমে—( বিপৎ )

৪৬২। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক স্ত্রীলোককে ভালবাসিয়া বিপদে পতিত হয় ?

গুরু। চন্দ্রস্থানে অর্দ্ধচন্দ্রাকৃতি চিহ্ন থাকিলে জাতক স্ত্রীলোককে ভালবাসিয়া বিপদে পতিত হয়। [ চিত্র—৪১, চিহ্ন—১৩।

—( স্ত্রৈণত্ব )

৪৬৩। শিষ্য। কি চিহ্ন জাতককে স্ত্রৈণ করে ?

গুরু। (১) হৃদয়রেখা হইতে একটী রেখা অধোমুখী হইয়া শিরোরেখার নিকটবর্ত্তী, (২) একটী সরলরেখা শুক্রস্থান হইতে উত্থিত হইয়া, মঙ্গলের ক্ষেত্রে গিয়া তারকা-চিহ্নযুক্ত কিংবা (৩) শুক্রস্থানে একটী তারকা-চিহ্ন অঙ্কিত হইয়া থাকিলে, জাতক স্ত্রৈণ হইয়া থাকে।

চিত্র—২৪, চিহ্ন—৯।১০।১৪।

স্থায়িপ্রেম।

৪৬৪। শিষ্য। কি চিহ্ন জাতকের স্থায়িপ্রেমের সূচনা করে ?

গুরু। শুক্রস্থানে কতকগুলি রেখা অপর কোন রেখাদ্বারা কর্ত্তিত না হইয়া সরলভাবে থাকিলে, জাতকের প্রেম স্থায়িভাবে চিরকাল স্থির থাকে।

[ চিত্র—৩২, চিহ্ন—১০।

স্থিরপ্রতিজ্ঞত্ব

৪৬৫। শিষ্য। কি চিহ্নে জাতক স্থিরপ্রতিজ্ঞ হইতে সমর্থ হয় ?

গুরু। (১) হৃদয়রেখা শাখাবিশিষ্ট হইয়া বৃহস্পতিস্থানে উপনীত কিংবা (২) মঙ্গলের স্থান উচ্চ, শিরোরেখা দীর্ঘ ও সূক্ষ্ম হইলে, জাতক স্থিরপ্রতিজ্ঞ অর্থাৎ স্বীয় অঙ্গীকার স্থির রাখিতে সমর্থ হয়।

[ চিত্র—৩২, চিহ্ন—১৫।২।

স্নায়ুরোগ।

৪৬৬। শিষ্য। কি চিহ্ন স্নায়ুগত রোগের সূচনা করে ?

গুরু। (১) আয়ুরেখার উপর বিন্দুচিহ্ন থাকিলে কিংবা (২) চন্দ্রস্থান পরিপুষ্ট ও বহুরেখাযুক্ত হইলে জাতকের স্নায়ুগত রোগ জন্মিয়া থাকে।

[ চিত্র—৩২, চিহ্ন—৭।১৬।

স্নেহবত্তা।

৪৬৭। শিষ্য। কি চিহ্ন জাতককে স্নেহবান্ করে ?

গুরু। (১) হৃদয়রেখা দীর্ঘ, সুস্পষ্ট ও সূক্ষ্ম এবং শুক্রস্থান পরিপুষ্ট হইলে, জাতক সাতিশয় স্নেহশীল হইয়া থাকে। [ চিত্র—২৬, চিহ্ন—১৪।

## স্মরণশক্তিমত্তা।

৪৬৮। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক উত্তম স্মরণশক্তিসম্পন্ন হইতে পারে?

গুরু। শিরোরেখা হস্তের একপার্শ্ব হইতে অন্যপার্শ্ব পর্য্যন্ত বিস্তৃত ও স্বাস্থ্যরেখা দীর্ঘ সূক্ষ্ম ও পরিষ্কৃতরূপে অঙ্কিত হইলে জাতক উৎকৃষ্ট স্মৃতিশক্তি-সম্পন্ন হয়। [ চিত্র—৩৮, চিহ্ন—৪।১৩।

## স্মৃতিশক্তিহীনতা।

৪৬৯। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক স্মরণশক্তিহীন হয়?

গুরু। শিরোরেখা অনেক স্থলে ভগ্ন হইলে জাতকের স্মরণশক্তির অভাব ঘটে। [ চিত্র—৪০, চিহ্ন—৩।২০।

## স্বপ্নে—( ঔষধলাভ )

৪৭০। শিষ্য। কি চিহ্ন জাতকের স্বপ্নযোগে ঔষধ প্রাপ্তির সূচনা করে?

গুরু। (১) স্বাস্থ্যরেখার উপর একটী যবচিহ্ন চিত্রিত কিংবা (২) শুক্রবন্ধনী সুস্পষ্টরূপে অঙ্কিত হইয়া থাকিলে জাতক স্বপ্নযোগে ঔষধলাভে সমর্থ হয়।

[ চিত্র—৪৪, চিহ্ন—১।৫।

## স্বভাবকার্কশ্য।

৪৭১। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক কর্কশস্বভাব হয়?

গুরু। (১) উভয় হস্তে রবির ও শুক্রের স্থান সমতল, হৃদয়রেখা শাখাহীন; কিন্তু সূক্ষ্মরূপে অঙ্কিত এবং অঙ্গুলীসকল লোহিতবর্ণ ও চতুষ্কোণ হইলে জাতক কর্কশস্বভাব হইয়া থাকে। [ চিত্র—৩, চিহ্ন—২

## স্বভাবকার্পণ্য।

৪৭২। শিষ্য। কি চিহ্ন জাতকের স্বভাবকার্পণ্যের সূচনা করে?

গুরু। করত্রিকোণের দ্বিতীয় কোণ প্রশস্ত, হৃদয়রেখা ক্ষুদ্র ও শিরোরেখা সুদীর্ঘ এবং করচতুষ্কোণ অপ্রশস্ত হইলে জাতক কৃপণ হইয়া থাকে।

[ চিত্র—১৩, চিহ্ন—২; চিত্র—৩১, চিহ্ন—১।৩।

## স্বভাবরৌক্ষ্য।

৪৭৩। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক রুক্ষস্বভাব হয়?

গুরু। (১) বৃদ্ধাঙ্গুলীর প্রথম গ্রন্থির পার্শ্বদেশে দুইটী ক্রুশ-চিহ্ন অঙ্কিত, বুধের নিম্নস্থ মঙ্গলের স্থান অপরিপুষ্ট এবং বৃহস্পতির নিম্নস্থ মঙ্গলের স্থান পুষ্ট কিংবা (২) আয়ুরেখা শৃঙ্খলাকার এবং করত্রিকোণের তৃতীয় কোণে ব্যবচ্ছিন্ন ও করতল বহুরেখাযুক্ত হইলে, জাতক রুক্ষস্বভাববিশিষ্ট বা খিট্‌খিটে হইয়া থাকে।

[ চিত্র—৪০, চিহ্ন—১৭।১৮।১৯।

## স্বাচ্ছন্দ্যপ্রিয়তা।

৪৭৪। শিষ্য। স্বাচ্ছন্দ্যপ্রিয় ব্যক্তির হস্তে কিরূপ চিহ্ন থাকে?

গুরু। অঙ্গুলী ও করতল উভয়ই সমদীর্ঘ এবং অঙ্গুলীসমূহ চতুষ্কোণ ও সমস্ত অঙ্গুলীর তৃতীয় পর্ব্ব অন্য পর্ব্বসকল অপেক্ষা পুষ্টতম হইলে, জাতক স্বচ্ছন্দে থাকিবার জন্য ব্যবহারোপযোগী দ্রব্যের সমাহার বা সংস্থান করিতে ভালবাসে।

## স্বাধীনকর্ম্মত্ব।

৪৭৫। শিষ্য। কিরূপ চিহ্নদ্বারা জাতক স্বাধীনভাবে কর্ম্ম করিতে সমর্থ হয়?

গুরু। অঙ্গুলীসমূহ পুষ্ট এবং অনামিকা ও মধ্যমার মধ্যস্থল বিস্তৃত হইলে, জাতক স্বাধীনভাবে কর্ম্ম সম্পন্ন করিতে সমর্থ হইয়া থাকে।

## স্বাধীনচিন্তত্ব।

৪৭৬। শিষ্য। কি চিহ্ন জাতকের স্বাধীন চিন্তার সূচনা করে?

গুরু। তর্জ্জনী ও মধ্যমার সংযোগস্থল সাতিশয় বিস্তৃত এবং অঙ্গুলীসকল পুষ্ট হইলে, জাতকের স্বাধীন চিন্তা করিবার ক্ষমতা আছে, জানা যায়।

## স্বাধীনতা।

৪৭৭। শিষ্য। কি চিহ্ন জাতকের স্বাধীনতার সূচনা করে?

গুরু। অঙ্গুলীসকল শুণ্ডাকার এবং প্রথম দ্বিতীয় গ্রন্থি পুষ্ট এবং বৃদ্ধাঙ্গুলী দীর্ঘ ও পুষ্ট হইলে, জাতক স্বাধীনভাবে কর্ম্মসাধনে রত হইতে পারে।

স্বাভাবিকজ্ঞান।

৪৭৮। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক স্থূল স্বাভাবিক জ্ঞানের অধিকারী হইতে পারে?

গুরু। বৃদ্ধাঙ্গুলী অপেক্ষাকৃত ক্ষুদ্র ও পুষ্ট এবং অঙ্গুলীসমূহের তৃতীয় পর্ব্ব পুষ্ট, আর করত্রিকোণ অস্পষ্টরূপে অঙ্কিত হইলে, জাতকের স্থূল স্বাভাবিক জ্ঞান আছে, জানা যায়।

—( দৌত্যে )

৪৭৯। শিষ্য। কি চিহ্ন জাতকের দৌত্যকর্ম্মে স্বাভাবিক জ্ঞানের সূচনা করে?

গুরু। শিরোরেখার শেষভাগ শাখাযুক্ত ও তাহার একটী শাখা চন্দ্রস্থানে ও অপরটী বুধস্থানে যাইলে এবং বুধস্থান পরিপুষ্ট হইলে, জাতকের দৌত্য-কর্ম্মে স্বাভাবিক জ্ঞান থাকে। [ চিত্র—৩৭, চিহ্ন—১৩।১৪।

—( নাট্যে

৪৮০। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতকের নাটক লিখিবার স্বাভাবিক জ্ঞান থাকে?

গুরু। উভয় হস্তের অনামিকা স্থূলাগ্র হইলে, জাতকের নাটক লিখিবার স্বাভাবিক জ্ঞান আছে জানা যায়।

—( চিকিৎসায়

৪৮১। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতকের চিকিৎসা-বিষয়ে স্বাভাবিক জ্ঞান জন্মিয়া থাকে?

গুরু। উন্নত বুধস্থানে তিনটী সরলরেখা থাকিলে, জাতকের চিকিৎসা-শাস্ত্রে স্বাভাবিক জ্ঞানের পরিচয় পাওয়া যায়। [ চিত্র—৩৯, চিহ্ন—১৭।

—( রাজনীতিসংক্রান্ত )

৪৮২। শিষ্য। কি চিহ্ন স্বাভাবিক রাজনীতিজ্ঞানের সূচনা করে?

গুরু। শিরোরেখা দুইটী শাখাবিশিষ্ট হইয়া একটী শাখা বুধের স্থান অপরটী চন্দ্রের স্থানে যাইলে, জাতকের রাজনীতিবিষয়ে স্বাভাবিক জ্ঞান থাকে। [ চিত্র—৪, চিহ্ন—১।২।

# ( হ )

## হঠাদ্‌রোগাক্রান্তি।

৪৮৩। শিষ্য। হস্তে কি চিহ্ন থাকিলে জাতক হঠাৎ রোগাক্রান্ত হয়?

গুরু। শুক্রস্থান হইতে একটী সরলরেখা উত্থিত হইয়া, হৃদয়রেখায় কোন ক্রুশ-চিহ্নের সহিত মিলিত হইলে এবং আয়ুরেখার ও হৃদয়রেখার উপর কৃষ্ণবর্ণ দাগ কিংবা বিন্দু-চিহ্ন অঙ্কিত থাকিলে, জাতককে হঠাৎ রোগগ্রস্ত হইতে হয়। [ চিত্র—৪১, চিহ্ন—১৪।১৫।১৬।

## হঠাদ্‌রোগে মৃত্যু।

৪৮৪। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক হঠাদ্‌রোগাক্রান্ত হইয়া মৃত্যুমুখে পতিত হয়?

গুরু। উভয় হস্তে একই স্থলে হৃদয়রেখার ও আয়ুরেখার উপর এক-একটী কাল তিল-চিহ্ন অঙ্কিত থাকিলে, জাতক হঠাৎ রোগাক্রান্ত হইয়া মৃত্যুমুখে পতিত হয়; কিন্তু উক্ত চিহ্ন এক হস্তে থাকিলে, মৃত্যু না ঘটিয়া কেবল রোগযন্ত্রণার ভোগই হইয়া থাকে। [ চিত্র—৪১, চিহ্ন—১৬।

## হঠাদ্‌বিপৎ।

৪৮৫। শিষ্য। কি চিহ্ন থাকিলে জাতক হঠাদ্‌বিপদ্‌গ্রস্ত হয়?

গুরু। উভয় হস্তের ভাগ্যরেখার উপর একটী বা দুইটী তারকা-চিহ্ন অঙ্কিত অথবা উভয় হস্তের আয়ুরেখার উপর ক্রুশ-চিহ্ন চিত্রিত হইয়া থাকিলে, জাতক অকস্মাৎ বিপদে পতিত হইয়া থাকে। [ চিত্র—৪১, চিহ্ন—১৭।১৮।

## হতভাগ্যতা।

৪৮৬। শিষ্য। কি চিহ্ন জাতককে হতভাগ্য করিয়া থাকে?

গুরু। (১) ভাগ্যরেখা মণিবন্ধের নিম্ন হইতে উত্থিত হইয়া অনেক স্থানে ভগ্ন হইলে, জাতক হতভাগ্য হইয়া থাকে। [ চিত্র—৪২, চিহ্ন ৯।

## হননপ্রবৃত্তি।

৪৮৭। শিষ্য। কি চিহ্ন জাতকের হৃদ্‌গত হননপ্রবৃত্তি প্রকাশ করে?

গুরু। (১) মঙ্গলের স্থানে তারকা-চিহ্ন থাকিলে, (২) শনিস্থানের নিম্নে শিরোরেখার উপর নীলবর্ণের রেখা থাকিলে, জাতকের আত্মেতর জীবের হননপ্রবৃত্তির উদ্রেক হইয়া থাকে। [ চিত্র—৪২, চিহ্ন—১০।১১।

## হাঁপানি।

৪৮৮। শিষ্য। কি চিহ্ন জাতকের হাঁপানি কাসরোগের সূচনা করে ?

গুরু। করচতুষ্কোণ অপ্রশস্ত ও স্বাস্থ্যরেখা অস্পষ্টরূপে অঙ্কিত থাকিলে, জাতকের হাঁপানি কাসরোগ জন্মিয়া থাকে।

## হানি—( হিংস্রপশু হইতে )

৪৮৯। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক হিংস্রপশুদ্বারা আহত হয় ?

গুরু। (১) শনি ও মঙ্গলের স্থানে তারকা চিহ্ন এবং চন্দ্রস্থান হইতে একটী রেখা উত্থিত হইয়া হস্তপার্শ্ব পর্য্যন্ত যাইলে কিংবা (২) আয়ুরেখাস্থ কোন যব চিহ্নের মধ্যে ক্ষুদ্র ক্ষুদ্র বিন্দু-চিহ্ন থাকিলে, জাতককে হিংস্র পশুদ্বারা আক্রান্ত হইতে হয়।

## হিংসা।

৪৯০। শিষ্য। জাতকের হিংসাবৃত্তির সূচক চিহ্ন কি ?

গুরু। (১) তর্জ্জনীর দ্বিতীয় ও তৃতীয় পর্ব্ব, কতকগুলি তির্য্যক ( টের্চ্চা ) রেখাদ্বারা কর্ত্তিত, বৃহস্পতির ও রবির স্থান উচ্চ কিংবা (২) রবিস্থান উচ্চ এবং উহার উপরে পার্শ্ববিস্তৃত বা শাখিতরেখা থাকিলে জাতক হিংসক হইয়া থাকে। [ চিত্র—৪৩, চিহ্ন—৬।৭ ; চিত্র—১৯, চিহ্ন—৭।

## হৃদ্‌রোগ।

৪৯১। শিষ্য। কিরূপ চিহ্ন থাকিলে জাতক হৃদ্‌রোগে আক্রান্ত হয় ?

গুরু। (১) হৃদয়রেখা মলিন, বিস্তৃত ও শনিস্থানের নিকট অত্যন্ত প্রশস্ত কিংবা (২) আয়ুরেখা ও স্বাস্থ্যরেখা অত্যন্ত সন্নিকৃষ্ট হইয়া মিলিত এবং নীল কিংবা লাল বিন্দুচিহ্নযুক্ত হইলে, জাতকের হৃদ্‌রোগ জন্মিয়া থাকে।

[ চিত্র—৪৩, চিহ্ন—৮।৯।১০।

# হস্তরেখানুশীলন।

গুরু। বৎস, আমি অদ্য তোমার সহজবুদ্ধিসম্ভূত সকল প্রকার সন্দেহেরই নিরাকরণহেতুক তৎসম্বন্ধে অনেক সূক্ষ্ম তত্ত্বেরই যথাসম্ভব উপদেশ প্রদান করিলাম; এক্ষণে তৎসম্বন্ধে যে কিরূপ জ্ঞানলাভ করিলে, এই কয়েকটী হস্তপাঠে তাহার পরিচয় দিয়া আমায় সন্তুষ্ট কর।

শিষ্য। প্রভো, ভবদনুগ্রহে আপনার মুখে অনেক তত্ত্বেরই উপদেশ প্রকাশ পাওয়াতে, এ মূঢ়ের কথঞ্চিৎ জ্ঞান বিকাশ পাইয়াছে, তাহার পরীক্ষা এই কয়েকটী হস্তপাঠে দিতেছি। আপনি পূর্ব্বে সামুদ্রিক শিক্ষায় আয়ুর্ব্বিচার সম্বন্ধে যে উপদেশ করিয়াছেন, তাহাতে ঘটনাবলী মিলাইবার জন্য সময়নিরূপণ একান্ত প্রয়োজনীয়; এক্ষণে আমার তদ্বিষয়ক জ্ঞানের পরিচয় দিয়া, তাহার পর হস্তরেখা পাঠ করিয়া স্বজ্ঞানের প্রকাশ করাই সঙ্গত। আয়ুরেখার সময়নির্দ্দেশের প্রথম উপায়, বৃহস্পতির নিম্নে আয়ুরেখার যে অংশটুকু আছে, তাহাই ৩০ বৎসর। সেই ৩০ বৎসর পরিমিত আয়ুরেখা সমান ৩০ ভাগে বিভক্ত করিলে, তাহাই এক এক বৎসরের পরিমাণ। শেষভাগে এইরূপ সঙ্কীর্ণ স্থান জীবনের শেষের ৩০ বৎসরকাল সূচক। মধ্যের প্রশস্ত অংশই ৪০ ভাগে বিভক্ত করিলে, এক এক বৎসরের পরিমাণ সূচনা করিয়া থাকে। ভাগ্যরেখার বয়োবিভাগের প্রারম্ভ হইতে শিরোরেখার কর্ত্তিত স্থান পর্য্যন্ত ৩৫ বৎসর। এই অংশকে সমান ৩৫ ভাগে বিভক্ত করিলে এক এক ভাগ এক এক বর্ষকালসূচক; পরে শিরোরেখা ও হৃদয়রেখার মধ্যস্থ অংশ ৩৫শে হইতে ৫৫ বর্ষ—মধ্যের ২০ বৎসরের সূচনা করে; এই ক্ষুদ্র অংশকে সমান ২০ ভাগে বিভক্ত করিলে তাহার এক এক ভাগ এক এক বর্ষের সূচনা করে। তদতিক্রান্ত অবশিষ্ট অংশ ৫৫ বর্ষ হইতে শততম বর্ষ পর্য্যন্ত—শেষের ৪৫ বৎসরের; আর এই অংশকে সম ৪৫ ভাগে বিভক্ত করিলে, তাহার এক এক ভাগ এক এক বর্ষের সূচনা করিয়া থাকে। এই ভাগ্যরেখার ও আয়ুরেখার অনুপাতে অপরাপর রেখারও কালনির্দ্দেশ করিতে হয়। [ চিত্র—৪৫।

শিষ্য। প্রভো, গুরূপদিষ্ট বিষয়েরই একমাত্র স্মরণ হইতেছে; এক্ষণে যদি আমার এই কথিত বিষয়টী অভ্রান্ত হয়, তাহা হইলে আমি হস্তপাঠ করিতে ব্রতী হইতে পারি।

গুরু। তোমার স্মৃতিশক্তি আমার উপদেশ ধারণ করিতে সম্পূর্ণ সমর্থ বলিয়াই, তোমাকে সকল তত্ত্বেরই উপদেশ প্রদান করিতে আমি অনুক্ষণ প্রস্তুত। এক্ষণে বোধ হয়, তুমি এই কয়টী লোকের হস্তরেখা পাঠ করিয়া তাহার সমস্ত ফলাফল যথাযুক্ত বলিতে পারিবে। এক্ষণে দেখা যাউক, প্রকৃতপক্ষে আমার উপদিষ্টবিষয়ে তোমার কিরূপ জ্ঞানলাভ হইয়াছে।

শিষ্য। প্রভো, যখন আপনার ন্যায় সদ্‌গুরুর শ্রীমুখ হইতে অব্যর্থফল-উপদেশ পাইতে সমর্থ হইয়াছি, তখন আপনার কৃপাবলম্বনে এই কয়টী হস্ত-পাঠে যে সমর্থ হইব, তাহাতে সন্দেহ নাই।

——•:•:•——

## প্রথম হস্ত—৪৬ চিত্র।

ইঁহার অঙ্গুলীর দৈর্ঘ্য অপেক্ষা করতলের দৈর্ঘ্য অধিক এবং শুক্রস্থান সাতিশয় প্রশস্ত ও করত্রিকোণ মলিন হওয়ায়, ইনি দেহাত্মবাদী।

[ পৃষ্ঠা ৪৫, অনুবন্ধ—১৭৪।


১। আয়ুরেখার ১০ বৎসর সময় নির্দ্দেশক স্থানে একটী কৃষ্ণবর্ণ তিল-চিহ্ন থাকায়, ইঁহার ঐ সময়ে শারীরিক বিকারে স্নায়ুদৌর্ব্বল্য প্রভৃতি অস্বাস্থ্য ঘটিয়াছে।

[ পৃষ্ঠা—৯৭, অনুবন্ধ—৩৮৮; পৃষ্ঠা—১১৫, অনুবন্ধ—৪৬৬।


২। শুক্রস্থান হইতে একটী রেখা উত্থিত হইয়া আয়ুরেখার ১২ বৎসর-জ্ঞাপক স্থান এবং শিরোরেখা ও হৃদয়রেখা—এই তিন রেখা কর্ত্তন করিয়া যাওয়ায়, ১২ বৎসরের সময় ইঁহার মাতৃবিয়োগ হইয়াছে।

[ পৃষ্ঠা—৮০, অনুবন্ধ ৩২০।


৩। ঐরূপ শুক্রস্থানোত্থিত একটী রেখা আয়ুরেখার ১৪ বৎসর সূচক স্থান কর্ত্তন করিয়া, শিরোরেখা ও হৃদয়রেখা ভেদ করিয়া যাওয়ায়, ১৪ বৎসরে ইঁহার একটি ভগিনীর মৃত্যুজনিত শোক ঘটিয়াছে।




চিত্র - ৪a



চিত্র - ৪b



চিত্র-৪৭



চিত্র-৪৮

৪। মণিবন্ধ হইতে একটী রেখা উত্থিত হইয়া, শুক্রস্থান ভেদ ও চন্দ্রস্থান অতিক্রম করিয়া, হস্তপার্শ্ব পর্য্যন্ত বিস্তৃত থাকায় ইঁহার পিতার সহিত পিতৃ-কর্ম্মস্থানে রেঙ্গুণে যাইতে সমুদ্রযাত্রা করিতে হইয়াছিল।

[ পৃষ্ঠা—৭৭, অনুবন্ধ—৩০৫।

৫। স্বাস্থ্যরেখার উপর একটী যব-চিহ্ন থাকায়, ১৫ বৎসর বয়সের শেষে রেঙ্গুণেই অজীর্ণ রোগ হইয়াছিল। [ পৃষ্ঠা ২, অনুবন্ধ—১।

৬।৭। আয়ুরেখার ১৮ বৎসর সূচক স্থান হইতে একটি রেখা উত্থিত হইয়া, বৃহস্পতিস্থানে উপনীত এবং ইহার মূলদেশ অপর একটী টের্চ্চা রেখাদ্বারা কর্ত্তিত হওয়ায়, জাতক ১৮ বৎসরে এণ্ট্রেন্স পরীক্ষায় উত্তীর্ণ হইতে না পারিয়া মনঃকষ্ট পান। [ পৃষ্ঠা—১০৮, অনুবন্ধ—৪৩৩।

৮।৯। আয়ুরেখার ১৯ বৎসরের সময়-সূচক স্থান হইতে একটী রেখা উত্থিত ও অপর একটী টের্চ্চা রেখাদ্বারা কর্ত্তিত হওয়ায়, ১৯ বৎসরে পুনর্ব্বার এণ্ট্রেন্স পরীক্ষায় অকৃতকার্য্য হন্।

১০। একটী সূক্ষ্মরেখা শুক্রস্থান হইতে উত্থিত হইয়া, আয়ুরেখার ২১ বৎসর-সূচক স্থান ভেদ ও শিরোরেখা কর্ত্তন করিয়া, হৃদয়রেখা স্পর্শ করায়, ২১ বৎসরের সময় ইঁহার বিবাহ হয়। [ পৃষ্ঠা—৯২, অনুবন্ধ—৩৬৭।

১১। আয়ুরেখার ২২ বৎসরের শেষভাগের নিরূপক স্থান হইতে একটি ঊর্দ্ধমুখী রেখা বৃহস্পতিস্থানে যাওয়ায়, জাতক প্রথম কর্ম্মে নিযুক্ত হন্।

[ পৃষ্ঠা—৩৭, অনুবন্ধ—১৭৩।

১১। (ক) আয়ুরেখার ২৪ বৎসর বয়োজ্ঞাপক স্থানে আর একটী ঊর্দ্ধমুখী রেখা থাকায়, জাতকের কর্ম্মস্থানে উন্নতিলাভ হইয়াছে।

১২। ভাগ্যরেখার ২৮ বৎসর বয়োজ্ঞাপক স্থান হইতে আরম্ভ করিয়া, করচতুষ্কোণের মধ্যস্থল প্রায় ৪২ বৎসর পর্য্যন্ত একটি লম্বা যব-চিহ্ন থাকায়, ঐ সময় জাতককে একটি স্ত্রীলোকের প্রলোভনে পড়িতে হইয়াছিল।

[ পৃষ্ঠা—৬৬, অনুবন্ধ—২৫৯।

১৩। শুক্রস্থানোত্থিত একটী রেখা আয়ুরেখার ৩২ বৎসরের শেষ বয়ঃসূচক স্থল ভেদ করিয়া, শিরোরেখা ও হৃদয়রেখা কর্ত্তন করিয়া গিয়াছে বলিয়াই, ঐ বয়সে ইঁহার পিতৃবিয়োগ ঘটিয়াছে। পৃষ্ঠা—৮০, অনুবন্ধ—৩২০।

১৪। আয়ুরেখার ৩৩ বৎসরের প্রারম্ভ হইতে একটি রেখা উর্দ্ধমুখী হইয়া শনিস্থানগত হওয়ায়, ঐ সময় ইঁহার বৈদেশিক চাকরিতে আর্থিক উন্নতি হয়। [ পৃষ্ঠা—৩৭, অনুবন্ধ—১৪৩।

১৫।১৬। হস্তপার্শ্ব হইতে একটি রেখা উত্থিত হইয়া আয়ুরেখা পর্য্যন্ত বিস্তৃত এবং শুক্রস্থানে একটি জালচিহ্ন অঙ্কিত হইয়া থাকায়, ইনি সুরাপায়ী ও লম্পট হইয়াছিলেন।

[ পৃষ্ঠা—৮৭, অনুবন্ধ—৩৪৪ ; পৃষ্ঠা—৭৮, অনুবন্ধ—৩০৯।

১৭।১৮। বুধের স্থানের দ্বিতীয় পর্ব্বে একটি কৃষ্ণবর্ণ তিল-চিহ্ন অঙ্কিত এবং মঙ্গলের স্থানে একটি ক্রুশ-চিহ্ন অঙ্কিত থাকায়, ৩৬ বৎসর বয়ঃক্রমে ইঁহার ১০০০৲ টাকা অপহৃত হইয়াছে। [ পৃষ্ঠা -৬, অনুবন্ধ—১৯।

১৯। ইঁহার হস্তে বুধের স্থানের নিম্নে সরলভাবে ৭টি রেখা অঙ্কিত আছে, উহার ৪টি সুস্পষ্টরূপে অঙ্কিত থাকায়, ৪টি পুত্র, আর দুইটি রেখা অপেক্ষাকৃত সূক্ষ্ম হওয়ায়, ২টি কন্যা; একটি ভগ্ন থাকায় গর্ভস্রাবে ভ্রূণ নষ্ট হইয়াছে। [ পৃষ্ঠা—৬৪, অনুবন্ধ—২৫১।

২০।২১। মঙ্গলের স্থানে একটি কৃষ্ণবর্ণ তিল-চিহ্ন অঙ্কিত থাকায়, এবং শুক্রস্থানোত্থিত একটি রেখা আয়ুরেখা কর্ত্তন করিয়া ভাগ্যরেখা ভেদ করায়, ইঁহার ৩৮ বৎসর বয়সে মামলা-মোকদ্দমায় ভূমিসম্পত্তি নষ্ট হইয়াছে।

[ পৃষ্ঠা—৭৬, অনুবন্ধ—৩০১।

২২। স্বাস্থ্যরেখায় একটি বড় যব-চিহ্ন থাকায় ইনি ৪২ বৎসর বয়সে ব্যবসায়ে নষ্টসম্পত্তি হইয়া দেউলিয়া হইবেন।

[ পৃষ্ঠা—১৩, অনুবন্ধ—৬৭।

২৩।২৪। ভাগ্যরেখার প্রারম্ভে দুইটি তারকা-চিহ্ন এবং চন্দ্রস্থানে অপর একটি তারকা-চিহ্ন অঙ্কিত থাকায়, এবং আয়ুরেখা ৪৩ বৎসরের স্থানে বিরত হওয়ায়, ইঁহাকে বিষপ্রয়োগে আত্মহত্যা করিতে হইবে।

[ পৃষ্ঠা—১৮, অনুবন্ধ—৬৭।

২৫।২৬। ইঁহার হস্তে শিরোরেখা বৃহস্পতির নিম্নে আয়ুরেখা হইতে পৃথক্ হইয়া থাকায়, ও বৃদ্ধাঙ্গুলীর প্রথম পর্ব্ব ক্ষুদ্র ও পুষ্ট হওয়ায়, ইনি একগুঁয়ে স্বভাবসম্পন্ন। [ পৃষ্ঠা—১০৮, অনুবন্ধ—৪৩১।

## দ্বিতীয় হস্ত—৪৭ চিত্র।

১। ভাগ্যরেখার প্রারম্ভে একটী যব-চিহ্ন থাকায়, অতি শৈশবে ইঁহার পিতৃবিয়োগ হইয়াছে। [ পৃষ্ঠা ৮০, অনুবন্ধ—৩১৯।

২। আয়ুরেখার সহিত শিরোরেখার মিলনে একটী কোণ সুস্পষ্ট অঙ্কিত থাকায়, ইনি পরিণামদর্শী; আবার এই উভয় রেখার প্রারম্ভে ১ বৎসর সূচক স্থানে একটী কৃষ্ণবর্ণ বিন্দুচিহ্ন থাকায়, ঐ সময়ে স্বাস্থ্যবিকারে স্নায়ুদৌর্ব্বল্য ও মাথাব্যথা প্রভৃতিতে কষ্ট পাইয়াছেন।

[ পৃষ্ঠা—৯৭, অনুবন্ধ—৫৮৮ ; পৃষ্ঠা—১১৫, অনুবন্ধ—৫৬৬।

৩। একটি টের্চ্চারেখা আয়ুরেখার ১০ বৎসর বয়ঃক্রমসূচক স্থল ভেদ করিয়া চলিয়া যাওয়ায়, ঐ সময়ে ইঁহার একটী ভ্রাতৃবিয়োগ হইয়াছে।

[ পৃষ্ঠা ৮০, অনুবন্ধ—৩২০।

৪। আয়ুরেখার ১৩ বৎসর বয়ঃক্রমসূচক স্থান হইতে একটি শাখা উত্থিত হইয়া বৃহস্পতিস্থানে যাওয়ায়, ঐ সময়ে ইনি ছাত্রবৃত্তি পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন। [ পৃষ্ঠা—২৪, অনুবন্ধ ৯১।

৫। আয়ুরেখার ১৮ বৎসর বয়ঃক্রমসূচক স্থলে ঐরূপ একটী ঊর্দ্ধমুখী শাখা থাকায়, ঐ বয়সে ইনি এণ্টেন্স পাশ করিয়াছেন।

[ পৃষ্ঠা—২৫, অনুবন্ধ—৯১।

৬। একটী সূক্ষ্মরেখা শুক্রস্থান হইতে উত্থিত হইয়া আয়ুরেখার ১৯ বৎসর সূচক স্থল ভেদ ও শিরোরেখা কর্ত্তন করিয়া, হৃদয়রেখা অতিক্রম করিয়া চলিয়া গিয়াছে, ইহাতে ইঁহার ১৯ বৎসর বয়সে বিবাহ হইয়াছে।

[ পৃষ্ঠা—৯২, অনুবন্ধ—৩৬৭।

৭। আয়ুরেখার ২০ বৎসর বয়ঃক্রমসূচক স্থান হইতে একটী রেখা উত্থিত হইয়া বৃহস্পতিস্থানে যাওয়ায়, ঐ সময়ে ইনি এফ, এ, পাশ করেন।

[ পৃষ্ঠা—২৪, অনুবন্ধ—৯১।

৮। তৎপরে ইঁহার বুধের স্থান উন্নত ও উহার উপর তিনটী রেখা দণ্ডায়মান থাকায়, ইনি রসায়ন ও চিকিৎসা শাস্ত্রের অনুরাগী এবং তজ্জন্যই মেডিকেল কলেজে চিকিৎসাশাস্ত্র অধ্যয়ন করিতে প্রবৃত্ত হন্।

[ পৃষ্ঠা—৩৪, অনুবন্ধ—১৩৪ ; পৃষ্ঠা—৮৬, অনুবন্ধ—৩৪১।

৯। আয়ুরেখার ২৩ বৎসরবয়োজ্ঞাপক স্থান হইতে একটি রেখা উত্থিত হইয়া বৃহস্পতির স্থানাভিমুখী হওয়ায়, ইনি ঐ সময় প্রথম এল, এম, এস, পরীক্ষায় উত্তীর্ণ হন্। [ পৃষ্ঠা—২৪, অনুবন্ধ—৯১।

১০। ঐরূপ আর একটী রেখা আয়ুরেখার ২৫ বৎসরের স্থান হইতে উত্থিত হওয়ায়, ইনি দ্বিতীয় এল. এম, এস্, পরীক্ষায় উত্তীর্ণ হন্।

১১। ঐরূপ আর একটী রেখা আয়ুরেখার ২৬ বৎসর বয়ঃসূচক স্থান হইতে উত্থিত হইয়া, বৃহস্পতির স্থানাভিমুখী হওয়ায়, ইনি রাজকীয় কর্ম্মে নিযুক্ত হইয়া উপার্জ্জন করিতে আরম্ভ করেন। [ পৃষ্ঠা—৩৭, অনুবন্ধ—১৪৩।

১২। আয়ুরেখার ২৮ বৎসর বয়ঃসূচকস্থলে ঐরূপ আর একটী রেখা থাকায়, ঐ সময় ইহাঁর কর্ম্মে উন্নতি ও বেতন বৃদ্ধি হইয়াছিল।

[ পৃষ্ঠা—৩৭, অনুবন্ধ—১৯৩।

১৩। শুক্রস্থান হইতে একটি রেখা উত্থিত হইয়া আয়ুরেখার ২৯ বৎসর সূচক স্থল ভেদ করিয়া শিরোরেখা ও হৃদয়রেখা—উভয়রেখা কর্ত্তন করিয়া যাওয়ায়, ঐ সময়ে ইহাঁর মাতৃবিয়োগজনিত শোক হইয়াছে।

[ পৃষ্ঠা—১০০, অনুবন্ধ—৩৯৯।

১৪। আয়ুরেখার ৩৪ বৎসর বয়োনির্দ্দেশক স্থল হইতে একটী রেখা উত্থিত হইয়া, শনির স্থানে যাওয়ায় ইহার চিকিৎসাব্যবসায়ে বিশিষ্টরূপ অর্থাগম হওয়ায় ইনি ধনবান্ হইয়াছিলেন। [ পৃষ্ঠা—৪৮, অনুবন্ধ—১৮৫।

১৫। আয়ুরেখার ৩৬ বৎসর বয়ঃসূচক স্থল হইতে একটী ক্ষুদ্র শাখারেখা অধোমুখী হইয়া থাকায়, ঐ সময় ইহাঁর দেশভ্রমণ ঘটিয়াছিল।

[ পৃষ্ঠা—৭৬, অনুবন্ধ—৩০৪।

১৬। আয়ুরেখার ৩৮ বৎসর বয়োনির্দ্দেশক স্থলের উপরে একটী কৃষ্ণবর্ণ বিন্দু থাকায়, ৩৮ বৎসর বয়ঃক্রম কালে ইনি স্নায়ুদৌর্ব্বল্যজনিত পীড়ায় ভুগিয়াছেন। [ পৃষ্ঠা—৯৭, অনুবন্ধ—৩৮৮।

১৭। শুক্রস্থান হইতে একটী টের্চ্চারেখা উত্থিত হইয়া আয়ুরেখার ৪০ বৎসর বয়ঃসূচক স্থল কর্ত্তন করিয়া, শিরোরেখা ও হৃদয়রেখা—উভয়রেখা ভেদ করিয়া যাওয়ায়, এই ৪০ বৎসরের সময় ইহাঁর স্ত্রীবিয়োগ ঘটায়, ইহাঁকে শোকভোগ করিতে হইয়াছে। [ পৃষ্ঠা—১০০, অনুবন্ধ—৩৯৯।

১৮।১৯। বুধের স্থানে হৃদয়রেখার সমান্তর ক্ষুদ্র দুইটী রেখা-হস্তপার্শ্বে অঙ্কিত থাকায়, ইহাঁর স্ত্রীভার্য্যাযোগ আছে। [ পৃষ্ঠা—৭২, অনুবন্ধ—২৮২।

২০। ইহাঁর বুধস্থানে বিবাহরেখার সংলগ্ন আটটী রেখা অঙ্কিত থাকায়, ইহাঁর আটটী সন্তানসন্ততি হইবে। [ পৃষ্ঠা—৬৪, অনুবন্ধ—৩৫১।

২১। শুক্রস্থান হইতে একটী সূক্ষ্মরেখা উত্থিত হইয়া, আয়ুরেখায় ৪১ বৎসর বয়ঃসূচক স্থান কর্ত্তন করিয়া যাওয়ায়, ইহাঁর ৪১ বৎসরে পুনশ্চ বিবাহ হইবে।

[ পৃষ্ঠা—৯২, অনুবন্ধ—৩৬৭।

২২।২৩।২৪। আয়ুরেখার ক্রমশঃ ৪৫, ৫০, ৫৫ বৎসর বয়োজ্ঞাপক স্থলে ঊর্দ্ধমুখী রেখা থাকায়, ঐ ঐ সময়ে ইহাঁর আর্থিক উন্নতি হইবে।

[ পৃষ্ঠা—৩৭, অনুবন্ধ—১৪৩।

২৫। মণিবন্ধ হইতে উত্থিত একটী রেখা শুক্রস্থান ও চন্দ্রস্থান অতিক্রম করিয়া, হস্তপার্শ্বপর্য্যন্ত বিস্তৃত থাকায়, ইহাঁর ৪২ বৎসর বয়সে জলভ্রমণ হইবে। [ পৃষ্ঠা—৭৭, অনুবন্ধ—৩০৫।

২৬।২৭।২৮। আয়ুরেখার ৭১ বৎসর বয়ঃসূচক স্থলে একটী অধোমুখী রেখা চন্দ্রস্থান পর্য্যন্ত প্রসৃত থাকায় এবং স্বাস্থ্যরেখার ও শিরোরেখার মিলনস্থল রক্তবর্ণ ও হৃদয়রেখা হইতে দুইটী রেখা নিঃসৃত হইয়া চন্দ্রস্থানাভিমুখী হওয়ায়, ইহাঁর ৭১ বৎসরে সন্ন্যাসরোগে মৃত্যু অবশ্যম্ভাবী।

[ পৃষ্ঠা—১০৪, অনুবন্ধ—৪১৪।

## তৃতীয় হস্ত—৪৮ চিত্র।

ইহাঁর অঙ্গুলীসমূহ সূচাগ্র এবং গ্রন্থিসমূহ পরিপুষ্ট হওয়ায়, ইনি স্বভাবগত বিশুদ্ধতা রক্ষা করিতে সমর্থ। [ পৃষ্ঠা—৯৪, অনুবন্ধ—৩৭৭।

১২। ইহাঁর শিরোরেখা শনির নিম্নস্থান হইতে উত্থিত হইয়া চন্দ্রস্থান পর্য্যন্ত প্রসৃত এবং বৃদ্ধাঙ্গুলীর প্রথম পর্ব্ব ক্ষুদ্র অথচ সাতিশয় পুষ্ট হওয়ায়, ইনি একজন স্বমতপ্রবল সাংসারিকসাধনপর অর্থাৎ একগুঁয়ে স্বভাবসম্পন্ন।

[ পৃষ্ঠা—১০৮, অনুবন্ধ—৪৩১।

৩। ইহাঁর হৃদয়রেখা শৃঙ্খলাকার হইয়া, একটী শাখা শনিস্থানগত হওয়ায় ইনি স্ত্রীবিদ্বেষী। [ পৃষ্ঠা—৯২, অনুবন্ধ—৩৬৪।

৪৫। চন্দ্রবুধরেখার প্রারম্ভে যব-চিহ্ন থাকায়, শিরোরেখা শাখাযুক্ত ও তাহার একটী শাখা শনির স্থানে অপরটী বৃহস্পতির স্থানে যাওয়ায়, ইহাঁর অপ্রত্যক্ষ অতীন্দ্রিয় পদার্থসম্বন্ধে দর্শনশক্তি আছে। [ পৃষ্ঠা—২, অনুবন্ধ—২৮।

৬। করত্রিকোণের মধ্যে বক্ররেখাদ্বারা একটী ক্রুশ-চিহ্ন গঠিত থাকায়, ইনি সাংসারিক জীবনে অর্থ কষ্ট পাইয়াছেন। [ পৃষ্ঠা—৬, অনুবন্ধ—১৮।

৭।৮। কনিষ্ঠাঙ্গুলীর প্রথম পর্ব্বে একটী ক্রুশ-চিহ্ন থাকায় ও বৃহস্পতি, শনি, রবি, বুধ, মঙ্গল, চন্দ্র, ও শুক্র এই গ্রহসকলের স্থান উচ্চ--বিশেষতঃ বৃহস্পতির স্থান যথেষ্ট উন্নত হওয়ায়, জাতক বিবাহ না করিয়া, বিশুদ্ধভাবে বালব্রহ্মচর্য্য হইতে নৈষ্ঠিকব্রহ্মচর্য্য অবলম্বন করিয়া, ধর্ম্ম-কর্ম্ম সাধন করিতে সমর্থ হইবেন। [ পৃষ্ঠা—৫৭, অনুবন্ধ—২১৭।

৯। চন্দ্রস্থানে একটী ত্রিকোণ-চিহ্ন ও বৃদ্ধাঙ্গুলীর দ্বিতীয় পর্ব্ব দীর্ঘ হওয়ায়, ইনি ন্যায়সঙ্গত বিচারে স্বীয় বিবেকশক্তির পরিচয় দিতে সমর্থ হন্। [ পৃষ্ঠা—৫৭, অনুবন্ধ—২১৯।

১০। ইহাঁর আয়ুরেখার ১০ বৎসর বয়োক্রমসূচক স্থলে, একটী উর্দ্ধমুখী রেখা থাকায়, এই সময়ে ইনি বিদ্যাসম্বন্ধে কিঞ্চিৎ উন্নতিলাভ করিতে সমর্থ হইয়াছেন। [ পৃষ্ঠা—২৪, অনুবন্ধ—৯১।

১১। ঐরূপ আয়ুরেখার ১৫ বৎসর বয়ঃসূচক স্থলে অপর একটি উর্দ্ধমুখী রেখা থাকায়, ইনি ঐ সময়ে বিদ্যালাভে কৃতকার্য্য হইয়াছেন।

১২।১৩।১৪। আয়ুরেখার ২২, ৩৬, ৪০ বৎসর বয়ঃসূচক স্থলে ঐরূপ উর্দ্ধমুখী রেখা থাকায় ঐ ঐ সময় ইনি মনোভীষ্ট কর্ম্মের সাধনে সমর্থ হইয়াছিলেন। [ পৃষ্ঠা—৩৭, অনুবন্ধ—১৪৩।

১৫। শুক্রস্থান হইতে একটি রেখা উত্থিত হইয়া আয়ুরেখার ২৫ বৎসর বয়োক্রমসূচক স্থল কর্ত্তন করিয়া শিরোরেখা ও হৃদয়রেখা ভেদ করিয়া যাওয়ায়, ঐ সময়ে ইহাঁকে পিতৃবিয়োগজনিত মনঃকষ্ট ভোগ করিতে হয়।

[ পৃষ্ঠা—৮০, অনুবন্ধ—৩২০।

১৬। ঐরূপ আর একটী টের্চ্চারেখা শুক্রস্থান হইতে উঠিয়া, আয়ুরেখার ৩৭ বৎসরসূচক স্থল কর্ত্তন করিয়া শিরোরেখা ও হৃদয়রেখা ভেদ করাতে ঐ সময় ইহাঁর মাতৃবিয়োগ হয়। [ পৃষ্ঠা—৮০, অনুবন্ধ—৩২০।

১৭। ইহাঁর উভয় হস্তে ভাগ্যরেখা মণিবন্ধ হইতে উত্থিত হইয়া মধ্যমাঙ্গুলীর প্রথম পর্ব্ব পর্য্যন্ত যাওয়ায়, ইনি স্বগুণে পার্থিব সৌভাগ্যলাভ করিতে সমর্থ হন্ নাই। [ পৃষ্ঠা—৩৮, অনুবন্ধ—১৪৬।

১৮। ইহাঁর মণিবন্ধস্থ বলয়ত্রয় সুস্পষ্টভাবে অঙ্কিত, করত্রিকোণও পরিষ্কৃতরূপে প্রকাশিত এবং আয়ুরেখা শুক্রস্থান বেষ্টন করিয়া অবস্থিত ও করতলস্থ রেখা সকল গোলাপীবর্ণরঞ্জিত হওয়ায়, জাতক দীর্ঘায়ুঃ বা শতায়ুঃ হইবেন। [ পৃষ্ঠা—৪৩, অনুবন্ধ—১৬৭।

১৯।২০। ইহাঁর স্বাস্থ্যরেখার উপর একটী ক্ষুদ্র যব-চিহ্ন থাকায়, ইনি সদাত্মার সাহায্যে স্বপ্নে অনেক উপদেশ পাইয়া থাকেন এবং ঔষধাদিসম্বন্ধেও জ্ঞানলাভে সমর্থ হন্। [ পৃষ্ঠা—১১৬, অনুবন্ধ—৪১০।

২১। ইহাঁর ৪৫ বৎসর বয়ঃক্রমসূচক স্থলে আয়ুরেখার উপর চতুষ্কোণচিহ্ন থাকায় এবং বৃহস্পতির স্থান যথেষ্ট পুষ্ট এবং শুক্রস্থান পরিপুষ্ট ও রেখাশূন্য হওয়ায়, ইনি ধর্ম্মানুশীলনার্থক গৃহত্যাগ করিয়া, শেষে স্থিরচিত্তে ধর্ম্মসাধন করিতে সমর্থ হইবেন। [ পৃষ্ঠা—৩২, অনুবন্ধ—১২৪।

২২। অনামিকার প্রথম পর্ব্বে একটী ক্রুশ-চিহ্ন অঙ্কিত ও বৃহস্পতিরস্থান পরিপুষ্ট হওয়ায়, ইনি বিশুদ্ধচরিত্র ও স্থিরচেতাঃ বলিয়া বুঝিতে পারা যাইতেছে। [ পৃষ্ঠা—৯৪, অনুবন্ধ—৩৭৬।

গুরু। তোমার হৃদয়ে এতদ্বিষয়ক উপদেশ বিকাশলাভ করিয়াছে দেখিয়া আমি পরম পরিতোষলাভ করিলাম।

———:•:———

# উপসংহার।

শিষ্য। প্রভো, ভগবানের নিয়মানুসারে গ্রহপরিচালনের বশে সকলকেই বিবিধ কর্ম্মেরই সাধন করিতে হইতেছে। আর এক জগৎ প্রসূত নিয়মের বশে কার্য্য করিয়াও বিবিধ ব্যাপারের সমাধান করিতে হয় কেন, এবং তাহার ফল পার্থক্য আছে কি না, মনে উদয় হয় সত্য; আবার কারণের ঐক্যহেতুক ফল পার্থক্য কখনই যে থাকিতে পারে না, তাহাও অনুমিত হয় বটে; কিন্তু ইহার সমন্বয় করিতে যাইলে, মন স্থির করিতে পারি না। এক্ষণে কোন কার্য্যের সহিত তাহার প্রতীপ কার্য্যের পরিণামে ফলাফলের বিপর্য্যয় ঘটিতে পারে কি না, তাহাই আপনার নিকট জিজ্ঞাস্য।

গুরু। পরমপিতা পরমেশ্বরের এক নিত্য নিয়মে যে প্রত্যেক লোকেরই প্রথম হইতে শেষ পর্য্যন্ত আচরিত সকল কর্ম্মেরই ফলসাম্য রক্ষিত হইতেছে, জাগতিক কার্য্যে তাহার যথেষ্ট প্রমাণই পাওয়া যায়। দৃষ্টান্তরূপে একটী ব্যাপার তোমার গোচর করিলেই সকল সংশয় অপনীত হইবে।

যেমন একটী ক্ষেত্রে যথাবিহিত কর্ষণাদি করা হইলে পর যথাকালে তাহাতে যথেষ্ট পরিমাণে সর্ষপ বপন করিলে, সমস্ত সর্ষপই অঙ্কুরিত হয় না। যে সর্ষপ ভূমিনিহিত হইয়া সাতিশয় জলশৈত্যে পড়িয়া আতপের অভাব ভোগ করিতেছিল, সেইগুলিই পচিয়া গিয়া ভূমির মৃত্তিকা সহিত মিশ্রিত হইয়া, তাহার উর্ব্বরতা বৃদ্ধি করিতে লাগিল; আর যে সর্ষপবীজ যথেষ্ট পরিমাণে শীতাতপ পাইতে লাগিল, সেইগুলি অঙ্কুরিত হইতে লাগিল। আর যে বীজ পচিয়া, মৃত্তিকায় পরিণত হইয়া, তাহার উর্ব্বরতা বৃদ্ধি করিতেছিল, তাহাও সাররূপে মৃত্তিকামিশ্রিত অবস্থা হইতে বীজে সংক্রামিত হইতে লাগিল এবং তাহারই ফলে বীজাঙ্কুর ক্রমশঃ বলিষ্ঠ হইতে হইতে শেষে বলবতী ওষধিতে পরিণত হইয়া, শত শত ফলপ্রসবে সমর্থ হয়। এতৎসম্বন্ধে একটু স্থিরচিত্তে বিবেচনা করিলে, স্পষ্টই উপলব্ধি হইবে যে, পূর্ব্বোক্তরূপ মৃত্তিকায় পরিণত নষ্ট বীজও অঙ্কুরিত শস্যে

অণুপ্রবিষ্ট হইয়া, তাহার অসংখ্য ফল ধারণের সহায়তা করিতেছে। তদ্রূপ এই জাগতিকী ক্রিয়ায় রত থাকায়, যাহারা নষ্ট বলিয়া প্রতিভাত বা সামাজিক বিধিতে নিন্দনীয় হইতেছে, তাহারা প্রকৃত পক্ষে নিজে নষ্ট হইয়া সমাজবিধ্বংসী বা সমাজসংহারক নহে ;—সুতরাং প্রকৃত পক্ষে নষ্ট বা নিন্দনীয় হইতেই পারে না।

আবার এই জাগতিক ব্যাপারে ভাল মন্দ আছে বলিয়াই স্থূলভাবে বিচার বিপর্য্যয় চলিতেছে ; যেমন দুর্গন্ধ আছে বলিয়াই লোকের সুগন্ধে অনুরাগ—অপযশ আছে বলিয়াই সুযশে আশা—অন্ধকার আছে বলিয়াই আলোকে আসক্তি—দুঃখ আছে বলিয়াই সুখে প্রবৃত্তি। কিন্তু এ সকল কিছুই নহে ; কেন না, অলীক ভেদজ্ঞানের সহিত ইহার সম্বন্ধ—ভেদজ্ঞানের অভাব ঘটিলে, নিত্য অভেদজ্ঞানের আবির্ভাব হইলে উক্ত দ্বন্দ্বজ্ঞানেরও বিলয় হয় ; তখন উহা নশ্বর স্থূল জগতের অবস্থাবিপর্য্যয়মাত্র, ইহা স্বতই উপলব্ধি হয়।

পরমকারুণিক পরমেশ্বরের যেমন শৈত্যাধিক্য বীজের পচন ও শৈত্যোষ্ণতার সাম্যে তাহার ফলোৎপাদন বিধিবদ্ধ করিয়া, উভয়েরই উপযোগিতানুসারে মহত্ব দেখাইতেছেন, সেইরূপ তাঁহারই নিয়মে সামাজিক ব্যাপারে উভয় শ্রেণীরই পক্ষে ফলসাম্য সুরক্ষিত হইয়াছে।

# OPINIONS OF THE PRESS.

## SAMUDRIK SIKSHA

*Lessons on Palmistry* ( *in Bengali* )—By Babu Roman Kristo Chatterjee. Babu Roman Kristo, who may not be unknown to many of our readers in Calcutta and the neighbourhood as an expert palmist, seems to have taken great pains in the preparation of this book which if we mistake not, is the first attempt at a scientific exposition of the subject in Bengali. The book is written in the dialogue form in very simple language with a view to popularise this intricate subject. Those who have any desire to learn the mystery of palmistry, which claims to tell fortunes of a man by the lines on the palm of his hand, will do well in giving the book a trial. The price of the book is Rs. 2. AMRITA BAZAR PATRIKA, February 25, 1895.

সামুদ্রিক শিক্ষা—Or a treatise on Palmistry, is the most systematic and elaborate treatise on the subject that has been yet published in Bengali. The author, Babu Roman Krishna Chatterjee tells us in the preface that the work embodies the results of a study carried on assiduously for over 20 years. We do not claim to be experts in the subject, and shall not attempt a criticism which can not but be superficial. The exposition is in the form of a dialogue between teacher and pupil, illustrated by numerous well cut diagrams. The work has all the appearance of being thorough and can be safely recommended to enquirers. The system taught is western, not eastern. THE INDIAN NATIONAL, April, 15th, 1895.

*Samudrika Siksha*—This is a Bengali work on Palmistry and we congratulate Babu Roman Kristo Chatterjee, the author, on the creditable manner in which he has performed the task. The author has himself acquired much skill and reputation as a palmist and in these days when Palmistry and Astrology are attracting and increasing share of public attention the publication of this work must be considered peculiarly opportune. The get up of the book leaves nothing to be desired and it is embellished with several diagrams. The student of Palmistry may be safely recommended Babu Roman Krishna's book and we are sure the author's labours will not go altogether unrewarded. HINDU PATRIOT, May 14, 1895.

*Samudrik Siksha*—From the preface to the book before us, it appears that till some of the events of his life were correctly predicted by means of Astrology, the writer was not only a passive unbeliever, but also a positive scoffer of the science. He then studied the science, and successfully applied it in the case of self and friends but the death of the friend who used to help him with mathematical calculations put to a stop to a further cultivation of the science on the part of the writer. As an easy substitute, he took to the study of Palmistry as it is known to Europeans and latterly he was fortunate enough to enlist the good will of a Hindu adept, through whose instruction he enriched his knowledge of the subject, the benefit of which he gives to the public in the shape of the publication under notice. The book is in the form of a catechism, dealing in a number of chapters, with all points connected with Palmistry. The writer says that not a word is to be found in it, the truth of which has not been established. In the appendix, a number of "exercises" are given with a view to test the learner's knowledge. The diagrams which embellish the pages, will be found of great use in understanding the text. To those who believe in the mysterious lines on the hands of a man containing the Key to his fortunes, the results of Babu Roman Kristo Chatterjee's experience and study, as embodied in his book, will prove of immense value. THE INDIAN MIRROR, July, 30, 1895.

*Handbook of Palmistry.*—Babu Roman Krishna Chatterjee has written an entertaining little *brochure* upon the art of fortune telling by the palm of the hand. The book is entitled '*Samudrik Siksha.*' and in addition to pleasantly written letter press, contains a number of carefully prepared illustrations of the hand. THE STATESMAN, September 5th, 1895.

*Samudrik Siksha*, or the method of ascertaining the present, past, and future of men and women from an examination of the lines and marks on the palm, by Roman Krishna Chatterjee. Published by the author; 19, Mathur Sen's Garden Lane, Calcutta, 1301.

This is a work on Palmistry. Whether Palmistry be a real or false science, like astrology, phrenology, and many others, is difficult to determine. Men like Kant, about whose intelligence there can be no question, believed in astrology. There was nothing unsound in the understanding of the author of phrenology. Men of

even vigorous intellects have been known to be believers in astrology as in phrenolegy. Palmisrry too numbers many votaries. India perhaps, is the home of palmistry as of astrology. There are many works extant in Sanskrit on palmistry. True or false, no body can question that, like faces, the palms of different men present different marks. If a Science can be sought to be coustructed from the lines in caligraphy, if a thumb print be a true index to the man, it is the next step to study the lines and marks on the palm to learn not only the character but also the antecedents and the fortune of the man. Without vouching therefore, for the truth of palmistry or endeavouring to demonstrate it is a superstition worthy only of weak understandings, we may observe that the book before us contains a mass of curious information or, rather, generalisations based upon the formation of the fingers and the lines and marks on the palm. We believe the present work is the first regular contribution, in Bengali, to the study of palmistry. Those desirous of veryfying the generalisations may easily do so by examining not only their own palms but also those of friends and relatives. Several diagrams are given with full explanations of the marks of them. The subject has been treated in a systematic way. There are altogether 12 chapters. The entire matter is cast in the form of questions and answers. The style is easy. Still one cannot hope to become a master of palmistry without close study and repeated experiments. It is necessary to bear in mind a large number of explanations or axiomatic statements. One must study the literature of palmistry thoroughly before one can hope to apply its rules for the study of character. REIS AND RAYYET, December 21, 1895.

সামুদ্রিক-শিক্ষা।—যে শাস্ত্র, শরীর-চিহ্ন অবলম্বন করিয়া মনুষ্যের ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান ঘটনাবলী ও তাহাদের শুভাশুভ ফল জানাইয়া দেয়, তাহাকে সামুদ্রিক শাস্ত্র বলে। এই শাস্ত্রে মনুষ্যের করতল, অঙ্গুলী, অঙ্গুলীপর্ব্ব ও শরীরস্থ অপরাপর চিহ্ন দ্বারা মনুষ্যের ত্রিকালের যাবতীয় শুভাশুভ ঘটনাবলী অর্থাৎ মনুষ্যের পরমায়ু প্রভৃতি বিষয় জ্ঞান, গুরুজন ও আত্মীয়বর্গের সহিত ব্যবহার, বিদ্যানুশীলন, অর্থনাশ প্রভৃতি জীবন-ঘটিত ব্যাপার তন্ন তন্ন করিয়া দেখাইয়া দেয়।

হস্তস্থিত ঐরূপ রেখাদি দেখিয়া মনুষ্যের ত্রিকালের ফল বলা যায় কি না, এ বিষয়ে অনেকের মতভেদ আছে। কেহ কেহ বিশেষতঃ আজকালকার নব্য শিক্ষিতেরা এ কথা একেবারেই কিছু নয় (Humbug) বলিয়া উড়াইয়া দেন্। তাঁহারা যে এরূপ মনে করেন, তাহার কারণ, তাঁহারা নিজে এ বিষয়ে

কখনও কোনও প্রত্যক্ষ ফল রেখানুযায়ী মিলিতে দেখেন নাই। পক্ষান্তরে যাঁহারা ঐরূপ ফল অনেকবার মিলিতে দেখিয়াছেন, তাঁহারা আর কোনরূপ অবিশ্বাস করিতে পারেন না। প্রত্যক্ষ প্রমাণের নিকট কোন যুক্তিই কার্য্যকরী হয় না।

যাঁহারা সামুদ্রিক শাস্ত্রে বিশ্বাস করেন না, আমরা তাঁহাদিগকে একবার পরীক্ষা করিয়া দেখিতে অনুরোধ করি। যাহার-তাহার নিকটে পরীক্ষা করিলে হইবে না; কারণ যাঁহারা এ সম্বন্ধে কিছুই জানেন না, এরূপ অনেক ব্যক্তিও সামুদ্রিক শাস্ত্রজ্ঞ বলিয়া পরিচয় দিয়া থাকেন। এই সকল ব্যক্তি মনুষ্যের মনে সামুদ্রিক শাস্ত্রে অবিশ্বাস জন্মাইয়া দিবার প্রধান কারণ। যাঁহারা প্রকৃত শাস্ত্রে পণ্ডিত, তাঁহাদের নিকটে যাইলে. অত্যন্ত অবিশ্বাসীরও বিশ্বাস উদয় হইবে। আমরা পরীক্ষার নিমিত্ত একটী প্রকৃত সামুদ্রিক শাস্ত্রজ্ঞ মহাশয়ের নামোল্লেখ করিতে পারি। তাঁহার নাম শ্রীযুক্ত রমণকৃষ্ণ চট্টোপাধ্যায়, ১৯ নং মথুর সেনের গার্ডেন লেনে থাকেন, তিনি অনুগ্রহ করিয়া সকলকেই বিনা মূল্যে হস্ত দেখিয়া ফলাফল বলিয়া দেন্। এই কার্য্য তাঁহার ব্যবসা নয়। প্রত্যহ শত শত ব্যক্তি তাঁহার নিকটে উপস্থিত হইয়া হস্ত দেখাইয়া, ফলাফল জানিয়া যাইতেছেন।

ইনি সম্প্রতি "সামুদ্রিক-শিক্ষা" নামক একখানি অতি সুন্দর সামুদ্রিক শাস্ত্রবিষয়ক গ্রন্থ প্রকাশ করিয়াছেন। যাহাতে সকলে বুঝিতে পারে, সে বিষয়ে বিশেষ লক্ষ্য করিয়াছেন; ভাষা যতদূর সম্ভব সহজও করিয়াছেন। *** বর্ত্তমান গ্রন্থে লেখক অদৃষ্টবাদের কোন রূপ বৈজ্ঞানিক তত্ত্বের ব্যাখ্যায় প্রবৃত্ত হন্ নাই। এই কঠিন তত্ত্ব তাহার "সামুদ্রিক বিজ্ঞান" নামক দ্বিতীয় পুস্তকে প্রকাশিত করিবেন, বলিতেছেন; এই গ্রন্থ প্রকাশিত হইলে অদৃষ্টবাদ ও মনুষ্যের স্বাধীনতা সম্বন্ধে যে একটি উৎকৃষ্ট গ্রন্থ হইবে, সে বিষয়ে কোনও সন্দেহ নাই।

যাঁহারা এ বিষয়ে তত্ত্ব-জিজ্ঞাসু, আমরা তাঁহাদিগকে এই দুইখানি পুস্তক পাঠ করিতে অনুরোধ করি। সোমপ্রকাশ, ১৫ই মাঘ, ১৩০১।

শ্রীযুক্ত রমণকৃষ্ণ চট্টোপাধ্যায় ইংরাজী সামুদ্রিক বিদ্যা বহু যত্নে শিক্ষা করিয়াছেন। শিক্ষা শুধু পুস্তকগত নয়—ফলিত ও গুরূপদেশে মার্জ্জিত। বিশ বৎসর যাবৎ করকোষ্ঠী দেখিয়া চট্টোপাধ্যায় মহাশয় যে অভিজ্ঞতা লাভ করিয়াছেন, তাহার ফলস্বরূপ "সামুদ্রিক-শিক্ষা" নামক একখানি পুস্তক তিনি প্রচারিত করিয়াছেন। পুস্তকে করতলগত রেখা দেখিয়া কিরূপে মানবের শুভাশুভ স্থির করিতে হয়, তদ্বিষয়ে গুরুশিষ্যের প্রশ্নোত্তরচ্ছলে লিখিত হইয়াছে এবং রেখা চিনিবার জন্ত অনেকগুলি চিত্রও তাহাতে সন্নিবিষ্ট আছে। চিত্রগুলি এদেশে সচরাচর যেমন হইয়া থাকে, তেমনই হইয়াছে। এই সামুদ্রিক বিদ্যার যাঁহাদের আস্থা আছে, পুস্তকপাঠে তাঁহারা তুষ্ট হইবেন। পুস্তকের কাগজ ও ছাপা পরিষ্কার। মূল্য দুই টাকা। বঙ্গবাসী, ২৭শে মাঘ, ১৩০১।

সামুদ্রিক-শিক্ষা অর্থাৎ করতলস্থ রেখা ও চিহ্ন দেখিয়া লোকের ভূত ভবিষ্যৎ বর্ত্তমান শুভাশুভ জানিবার উপায়। শ্রীযুক্ত রমণকৃষ্ণ চট্টোপাধ্যায় কর্ত্তৃক সঙ্কলিত। মূল্য ৩৲ টাকা, প্যাকিং ও ডাকের খরচ স্বতন্ত্র ।৵০ আনা; ছাপা উত্তম, কাগজ উত্তম, উত্তম কাপড়ে বাঁধা—সচিত্র। গ্রন্থকার নিজেই বলিতেছেন, ফলিত জ্যোতিষ শাস্ত্র দুরূহ গণিতের সাহায্য সাপেক্ষ হওয়ায়, সামুদ্রিক শাস্ত্রের আশ্রয় লইয়াছেন; কিন্তু সংস্কৃত ভাষায় প্রত্যক্ষ ফলাবধারণ করিবার উপযোগী কোন গ্রন্থ না পাইয়া বহুল ইংরেজী গ্রন্থের সাহায্য লইলেন। এই সকল পুস্তকেও তিনি ফল ও কাল সম্বন্ধে কোনরূপ সূক্ষ্ম বিচার করিতে সমর্থ হইলেন না, অবশেষে একটি উপযুক্ত গুরু পাইয়া সামুদ্রিক সম্বন্ধীয় নিগূঢ় তত্ত্বের উপদেশ লইলেন। এখন তিনি বহু সংখ্যক হস্তের আলোচনা করিয়া শুভাশুভ ফলবিচার করিতেছেন। আর শুনিয়াছি, ফলনির্ণয়েও অধিকারী হইয়াছেন। চট্টোপাধ্যায় মহাশয় উচ্চপদস্থ কর্ম্মচারী। শুদ্ধ অনুরাগবশেই সামুদ্রিক শাস্ত্রের আলোচনা করিয়া থাকেন। **** আলোচ্য গ্রন্থে লোকের যথেষ্ট উপকার হইবে, করকোষ্ঠী দেখিয়া ভাগ্য নির্ণয় করিবার পক্ষে অনেক সুবিধা হইবে। পাশ্চাত্ত্যেরা বলিয়া থাকেন যে, জ্যোতিঃশাস্ত্রের সাহায্যে লোকে গগনস্থ নক্ষত্রাদির গতিবিধির রীতি প্রকৃত্যাদি পর্য্যালোচনা করিয়া চন্দ্রসূর্য্যাদির গ্রহনির্ণয় করিয়াছে, রাশিচক্রের গতিফলাদি নির্ণয় করিয়াছে, অসংখ্য জ্যোতিষ্কের প্রকৃতি পর্য্যবেক্ষণ করিয়াছে, নিত্য নিত্য নব নব তত্ত্বের আবিষ্কার করিতেছে, ভাগ্যজ্ঞাপক তারাগণিত ( Astrology ) তাহার আদিম কুসংস্কার সমষ্টিমাত্র। কিন্তু হিন্দু পাঠক বুঝিতে পারিতেছেন, শুদ্ধ অনভিজ্ঞতাই এতদ্রূপ উক্তির প্রণোদিকা। আমাদের জ্যোতিষশাস্ত্র অভ্রান্ত। সম্যক্ জ্যোতিষীর গণিতফলে ব্যতিক্রম হয় না; উপযুক্ত লোকের প্রণীত কোষ্ঠী বা জন্মপত্রিকায় কখনই ফলের তারতম্য হয় না। ভবিষ্যদ্জ্ঞাপক জ্যোতিষের চিরকালই আদর থাকিবে। ইউরোপেও ত দেখিতে পাওয়া যায়, এলিজেবেথের "নেটিভিটি" নেপোলিয়নের "বুক অব ফেট" প্রভৃতি জ্যোতিষগ্রন্থের সর্ব্বত্রই সমাদর। বিলাতের একটি জ্যোতিষী জ্যাড-কিল নামে আত্মপরিচয় দিয়া বৎসর বৎসর বাত্যা, বন্যা, ভূমিকম্প, দুর্ভিক্ষ, মহামারী, যুদ্ধ, বিগ্রহ, পোতব্যসন প্রভৃতির ঘটনার গণনা করিয়া মোহিত করিতেছেন। আর দেখিতে পাওয়া যায়, ইহাঁর অনেক গণনা সফলও হইতেছে। অধুনা অত্র বঙ্গেও আর্য্য জ্যোতিষের সমাদর হইতেছে। চট্টোপাধ্যায় মহাশয় অর্থাকাঙ্ক্ষায় সামুদ্রিক শিক্ষা করেন নাই; সামুদ্রিক প্রচারও অর্থাকাঙ্ক্ষার ফল নহে। তিনি চাহেন, লোকের জ্ঞানবর্দ্ধন করিতে; কিন্তু ৩৲ টাকা দিয়া আমাদের দেশে একখানি গ্রন্থ লইতে পারে, কয়জন? শুনিয়াছি, যোগ্যপাত্রে দান আছে; কিন্তু গ্রন্থের মূল্যও কমান উচিত। আমাদের বিশ্বাস, ১॥০ টাকা হইলেই ঠিক হইবে। অর্দ্ধং ত্যজতি পণ্ডিতঃ। দৈনিক সমাচার-চন্দ্রিকা, ২৯শে মাঘ, ১৩০৯।

সামুদ্রিক-শিক্ষা। আমরা শ্রীযুক্ত বাবু রমণকৃষ্ণ চট্টোপাধ্যায় প্রণীত

"সামুদ্রিক-শিক্ষা" নামক পুস্তক প্রাপ্ত হইয়াছি। আমরা পুস্তকখানি আদ্যোপান্ত পাঠ করিয়া ইহার ভাষার প্রাঞ্জলতা দেখিয়া অতিশয় আনন্দিত হইলাম। এই পুস্তক পাঠ করিলে মনুষ্যের করতল দেখিয়া ভূত ভবিষ্যৎ ও বর্ত্তমান ঘটনাবলী তাহাদের শুভাশুভ ফলসমূহ এবং গুরুজন ও আত্মীয়বর্গের সহিত ব্যবহার, বিদ্যানুশীলন অর্থাগম প্রভৃতি জীবনঘটিত সমস্ত ব্যাপার অনায়াসে জানা যায়। রমণ বাবু বিংশতি বৎসর পরিশ্রম করিয়া তাহার ফল স্বরূপ আজ যে পুস্তক লিখিয়াছেন, তাহাতে তিনি প্রত্যেক বঙ্গবাসীর ধন্যবাদের পাত্র, সে বিষয়ে সন্দেহ নাই। সামুদ্রিক-শাস্ত্র বিষয়ক এ প্রকার সহজ বোধগম্য পুস্তক পূর্ব্বে আর কখন বাহির হয় নাই। লেখক এই পুস্তকের ভূমিকার এক স্থানে লিখিয়াছেন, "বঙ্গভাষায় সামান্য জ্ঞানবিশিষ্ট লোক এমন কি অল্পশিক্ষিতা মহিলাকুলও যাহাতে অনায়াসে এই গ্রন্থ পাঠ করিয়া অদৃষ্ট জানিতে পারেন, সেইজন্য ইহা অতি সরল ভাষায় প্রশ্নোত্তরচ্ছলে লিখিত হইয়াছে। ভাষার সরলতা রক্ষা করিবার জন্য গ্রাম্যদোষপরিহারেও প্রয়াসী হই নাই।" এই ভূমিকার অপরাংশে লিখিয়াছেন যে, "যদি পুস্তকপাঠে কেহ করতলস্থ রেখা বা চিহ্নাদির ফল নির্ণয় করিতে অক্ষম হন, তবে অনুগ্রহ করিয়া তাঁহার নিকটে যাইলে মিলাইয়া এবং বুঝাইয়া দিতে চেষ্টা করিবেন।" লেখক যথার্থই এই পুস্তকের ভাষার প্রাঞ্জলতারক্ষাবিষয়ে সম্পূর্ণ কৃতকার্য্য হইয়াছেন। গ্রন্থকার উপসংহারে তাঁহার আধ্যাত্মিক ভাবের যথেষ্ট পরিচয় দিয়াছেন, এবং ঐ অংশটি অতিশয় হৃদয়গ্রাহী হইয়াছে। লেখক এ পুস্তকে অদৃষ্টবাদবিষয়ক বিশেষ কোন প্রকার তর্ক তুলেন নাই, তাঁহার "সামুদ্রিক-বিজ্ঞান" নামক দ্বিতীয় পুস্তকে উক্ত বিষয় বৈজ্ঞানিক তত্ত্ব দ্বারা সাধারণকে বুঝাইয়া দিবেন, লিখিয়াছেন। আমরা তাঁহার এই বিষয়ে সফলকাম প্রার্থনা করি। পুস্তকখানির ছাপা ও কাগজ উত্তম। এই পুস্তকের হস্তচিত্রসমূহ অতি পরিষ্কার হইয়াছে, দেশী হইলেও বিলাতী অপেক্ষা কোন অংশ ন্যূন নহে। লেখক যদিও ইহার ২৲ টাকা মূল্য করিয়াছেন, কিন্তু পুস্তকের গুণানুসারে ইহা তত অধিক বলিয়া মনে হয় না। সুলভ দৈনিক, ১৫ই ফাল্গুন, ১৩০১।

সামুদ্রিক-শিক্ষা। শ্রীরমণকৃষ্ণ চট্টোপাধ্যায় প্রণীত। গ্রন্থকার বহুকালাবধি সামুদ্রিক শাস্ত্রের আলোচনা করিয়া যে জ্ঞান উপার্জ্জন করিয়াছেন, তাহাই এই গ্রন্থে বিবৃত হইয়াছে। গ্রন্থকার বলিতেছেন, "যাঁহারা প্রত্যক্ষ ফল দর্শনে প্রীত হয়েন, তাঁহাদিগের নিকট যে ইহা আদৃত হইবে, তাহার কিছুমাত্র আশা আছে। যাঁহারা অদৃষ্টবাদী, তাঁহারা ইহার দ্বারা ভবিষ্যৎ ফল মিলাইয়া সন্তোষ লাভ করিতে সমর্থ হইবেন, এবং ভবিষ্যৎ ঘটনাবলীর জন্য পূর্ব্ব হইতেই প্রস্তুত থাকিতে পারিবেন; আর যাঁহারা পুরুষকারেই বিশ্বাস করেন, তাহাদিগের নিকট সবিনয় নিবেদন যে, তাঁহারা ক্রীড়াচ্ছলেও ইহার ফলগুলি মিলাইতে যত্নবান্ হইলে আপনাদিগের পৌরুষ বা পুরুষকারের ফল কিরূপ, বুঝিতে পারিবেন।" গণনাবিদ্যায় বিশ্বাস অনেককাল হইতে চলিয়া আসিতেছে,

অনেকে আবার ইহাকে প্রতারণা ও মূর্খতার সমষ্টি বিবেচনা করেন। দুই শ্রেণীর লোকের নিকটেই এই গ্রন্থের আলোচনা হইতে পারে। হিতবাদী, ২১শে বৈশাখ, ১৩০২।

সামুদ্রিক-শিক্ষা। শ্রীরমণকৃষ্ণ চট্টোপাধ্যায় প্রণীত। করেরেখা দ্বারা নরনারীর ভাগ্য পরীক্ষা এদেশে বহুকাল হইতে চলিত আছে॥ * * * রমণ বাবু বহুদিন শিক্ষা ও পরীক্ষা দ্বারা যে অভিজ্ঞতালাভ করিয়াছেন, তাহা সরল ভাবে সর্ব্বসাধারণের গোচর করিয়াছেন বিষয় অনুসন্ধানযোগ্য। গ্রন্থকার সুন্দর চিত্রাদি দ্বারা গ্রন্থখানি সুবোধ্য করিয়াছেন। বামাবোধিনী, জ্যৈষ্ঠ ১৩০২ সাল ৩৬৫ সংখ্যা।

সামুদ্রিক-শিক্ষা। শ্রীযুক্ত রমণকৃষ্ণ চট্টোপাধ্যায় প্রণীত। চট্টোপাধ্যায় মহাশয় বহু পরিশ্রম, বহু অনুশীলন ও অর্থব্যয়ে এই জ্যোতিষ গ্রন্থ প্রণয়ন করিয়াছেন। তিনি দীর্ঘকাল যাবৎ গুরুর নিকটে এই শাস্ত্র অধ্যয়ন করিয়া ইংরাজী মতে ইহার প্রকাশ করিয়াছেন। ইহাতে জ্ঞাতব্য বিষয় অনেক আছে। আমরা সর্ব্বান্তঃকরণে ইহার সাফল্য কামনা করি। জন্মভূমি, আশ্বিন, ১৩০২।

সামুদ্রিক-শিক্ষা। অর্থাৎ করতলস্থ রেখা ও চিহ্নাদির দ্বারা নরনারীর ভূত ভবিষ্যৎ বর্ত্তমান শুভাশুভ জানিবার উপায়। শ্রীরমণকৃষ্ণ চট্টোপাধ্যায় প্রণীত। মূল্য ৩৲ টাকা। পুরুষের ভাগ্য দেবতারাও জানে না, এ কথা কে না জানে? কিন্তু জ্যোতিঃশাস্ত্র পুরুষের সেই ভাগ্যলিপি মনুষ্য লিখনবৎ প্রতিপন্ন করিয়াছেন। লোক-চরিত্র জীবভাগ্য অতীত অনাগত নৈসর্গিক ব্যাপার, এ সকলই সাধারণ মনুষ্য বুদ্ধির অগম্য; কেবল জ্যোতিঃশাস্ত্রই ঐ সকল বিষয় প্রত্যক্ষদৃষ্টবৎ প্রতীয়মান করিতেছে, সুতরাং জ্যোতিঃশাস্ত্র সর্ব্বশ্রেষ্ঠ শাস্ত্র এবং জ্যোতির্ব্বিদ্যা সর্ব্বপ্রধান বিদ্যারূপে পূজিত। 'সামুদ্রিক" এই জ্যোতিষ শাস্ত্রের একাংশ; রমণ বাবু বহুদিন ধরিয়া এই বিদ্যা আলোচনা করিতেছেন, নিত্য নিত্য বহুব্যক্তির কররেখা বিচার করিতেছেন, ফলাফল মিলাইয়া দেখিতেছেন, সুতরাং সামুদ্রিক-শাস্ত্রে তাঁহার প্রভূত অধিকার। সমালোচ্য গ্রন্থ সেই বহু-দর্শনের ফল। পৃথক্ পৃথক্ করতলের প্রতিকৃতি দিয়া এবং যত দূর সম্ভব, সহজ ভাষায় রমণ বাবু এই সামুদ্রিক-শাস্ত্র বুঝাইয়াছেন, সেজন্য যথেষ্ট শ্রমও করিয়াছেন। **** যাঁহারা লোকের হাত দেখিয়া গ্রন্থ লিখিত ফলাফল মিলাইয়া দেখিবার অবকাশ পাইবেন, তাঁহারা এ গ্রন্থে প্রচুর উপকার পাইবেন। আর এক কথা, সামুদ্রিক-শিক্ষার মূল্য অবধারণ করিলে এদেশে ক্রেতা মিলিবে না, সুতরাং ভবিষ্যতে বরং অপেক্ষাকৃত কম দামের কাগজাদি দিয়া মূল্য হ্রাস করিলে সামুদ্রিক শিক্ষার্থীর উপকার এবং তৎসহ রমণ বাবুর উদ্দেশ্য সিদ্ধ হইবে। বঙ্গবাসী, ৯ই কার্ত্তিক, ১৩০১।

পণ্ডিত-প্রবর রাজ-জ্যোতিষী

**শ্রীযুক্ত কৈলাসচন্দ্র জ্যোতিবার্ণব-সঙ্কলিত**

( ইনি ভারতেশ্বর পঞ্চম জর্জ্জের কোষ্ঠী বিচারে রাজ-সম্মানিত হন্ )

# জ্যোতিষ-প্রভাকর

বর্ত্তমানকালে শিক্ষিত সম্প্রদায়ের অনেকেই জ্যোতিঃশাস্ত্রে অনুরাগী হইয়াছেন; গৃহস্থ মাত্রেরই যে অল্পাধিক জ্যোতিষ শিক্ষা প্রয়োজন, ইহা এখন অনেকেই বুঝিয়াছেন; সেইজন্য যাহাতে সকলে খুব সহজে, এমন কি এক মাসের মধ্যে জ্যোতিষ শিখিতে পারেন, এরূপ সরল ভাবে ইহা লিখিত হইল; অর্থাৎ একবার বইখানি বুঝিয়া পড়িলেই হইল। ইহাতে জ্ঞাতব্য সমুদয় বিষয় ত আছেই, তা ছাড়া ইহাতে আর এক অভাবনীয়, অভিনব বিষয়ের অবতারণা করা হইয়াছে।

ইহাতে বিশুদ্ধ লগ্ননির্ণয়, লগ্নস্ফুটখণ্ড, আয়ুর্গণনা ভাববিচার, মারক ও রিষ্ট্যাদি বিচার, নারীজাতক ও নারী-লক্ষণ, বিবাহের যোটক বিচার, অষ্টোত্তরী ও বিংশোত্তরী দশা-ফল বিচার, অষ্টবর্গ যোগফল-বিচার, ত্রিতাপ ও যন্নাড়ীচক্র, দ্বাদশ ভাব প্রভৃতি শত শত বিষয়, যাহা কিছু আবশ্যক, সকলই ইহাতে আছে এবং এই পুস্তকের সাহায্যে সকলেই নিজের কোষ্ঠী ও ফল বিচার করিতে পারিবেন।

জ্যোতিষের বিচার প্রণালী না জানা হেতু কেহ কেহ ঠিক ফল বলিতে না পারায় অপদস্থ ও ঋষিবাক্যে সন্দেহযুক্ত হন্; সেইজন্য আমরা বহু অবতার, সাধক, মহাপুরুষ, রাজা, মহারাজা, বিচারপতি, কবি, শিল্পী, চিকিৎসক ও দেশমান্য প্রসিদ্ধ ব্যক্তিবর্গের জন্ম-পত্রিকাসমূহ বহু চেষ্টায় ও বহুকষ্টে সংগ্রহ করিয়া এই গ্রন্থে সন্নিবেশিত করিয়াছি। যথা;—শ্রীরামচন্দ্র, কৃষ্ণ, শ্রীচৈতন্য, শঙ্করাচার্য্য, রামকৃষ্ণ পরমহংস, মহাত্মা গান্ধী, কেশব সেন, কৃষ্ণানন্দ স্বামী, ভিক্টোরিয়া, নেপোলিয়ান, যতীন্দ্রমোহন ঠাকুর, মণীন্দ্রনাথ নন্দী, রমেশচন্দ্র মিত্র, চন্দ্রমাধব ঘোষ, মহেশচন্দ্র ন্যায়রত্ন, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, চন্দ্রকান্ত তর্কালঙ্কার, শশধর তর্কচূড়ামণি, বঙ্কিম চট্টো, নবীন সেন, রবীন্দ্র ঠাকুর, ঈশ্বর গুপ্ত, গিরিশ ঘোষ, মতিরায়, মহেন্দ্র সরকার, ডি গুপ্ত, ভগবান্ রুদ্র, গঙ্গাধর রায়, গঙ্গাপ্রসাদ সেন, শ্যামাদাস বাচস্পতি, দ্বারকানাথ সেন প্রভৃতি অসংখ্য কত নাম করিব। স্থানাভাব। শুধু কি তাহাই? সেই সঙ্গে তাঁহাদিগের জীবনী ও বিস্তৃত ফল-বিচার লিখিত হইয়াছে।

ইহাতে এক সঙ্গে নানা কোষ্ঠীর সম্মিলন ও কোষ্ঠীর ফল কিরূপ অব্যর্থ, তাহা দেখিয়া চমৎকৃত হইবেন—জ্যোতিষ শাস্ত্রে বিশ্বাস বাড়িবে, এবং বিচারে বহুবিধ যোগের অবতারণা দেখিয়া এতৎ শাস্ত্রে কৃতবিদ্য হইবেন। ছাপা কাগজ অতীব উৎকৃষ্ট, সুদৃঢ় বাঁধান, মূল্য ৫৲ পাঁচ টাকা মাত্র।

পাল ব্রাদার্স এণ্ড কোং।

বাণীপীঠ—৫।১ বিবেকানন্দ রোড, কলিকাতা।